কিন্তু একমাত্র রাজনৈতিক প্রস্তুতি কোন আন্দোলন গড়ে তুলতে পারে না। জনগণের মধ্যে ব্যাপক ক্ষোভ ও অসন্তোষ যে কোন আন্দোলনের প্রাথমিক শর্ত। ইংরেজ সরকারের বিরুদ্ধে সাধারণ মানুষের ক্ষোভ দীর্ঘ দিন ধরেই জমা হচ্ছিল। আইন অমান্য আন্দোলনের আগে সেই ক্ষোভ তীব্রতর হ'য়েছিল। ১৯৩০ এর দশকে গণ আন্দোলনের সঙ্গে ঐ সময়ের বিশ্বব্যাপী অর্থনৈতিক সংকট ও মন্দার যোগ ছিল প্রত্যক্ষ। বিশ্বব্যাপী অর্থনৈতিক মন্দার ধাক্কায় ভারতের অর্থনীতি বিপর্যয়ের সম্মুখীন হ'য়েছিল। কৃষিজাত দ্রব্য সামগ্রীর দাম ভীষণভাবে পড়ে যাওয়ার ফলে কৃষকদের দুরবস্থার অন্ত ছিল না। একটা ছোট উদাহরণ দিলেই বিষয়টি বোধগম্য হবে। বাংলায় ১৯২৯ সালে চালের দাম যা ছিল, ১৯৩২ সালে তা প্রায় অর্ধেক হ'য়ে যায়। কিন্তু খাজনা, কর ও সুদের বোঝা কমে নি। এর ফলে অবশ্য ধনী ও মাঝারি কৃষকরাই বেশি ক্ষতিগ্রস্ত হ'য়েছিল। আইন অমান্য আন্দোলনে যোগ দিয়ে এঁরা নিজেদের ক্ষোভ প্রকাশ করেছিলেন। মনে হতে পারে দ্রব্যমূল্য হ্রাসের ফলে বাঁধা মাইনের মধ্যবিত্তের সুবিধা হ'য়েছিল। অধ্যাপক অমলেশ ত্রিপাঠী দেখিয়েছিল অনেক ক্ষেত্রেই বাস্তবে তা হয় নি।[১] শ্রমিকদের অবস্থাও ভাল ছিল না। বিশ্বব্যাপী মন্দার আঘাত থেকে তারাও রেহাই পায় নি। শ্রমিকদের মধ্যে অসন্তোষ অবশ্য আগে থেকেই দানা বাঁধছিল। একমাত্র ১৯২৮ সালেই ভারতে ২৩০টি শিল্প ধর্মঘটের ঘটনা ঘটেছিল। কাজেই আইন অমান্য আন্দোলনের ডাকে সাড়া দিতে সাধারণ মানুষের দেরী হয় নি। এক দিক থেকে দেখতে গেলে অসহযোগ আন্দোলনের চেয়েও আইন অমান্য আন্দোলনের পরিস্থিতি ছিল অনেক বেশি অগ্নিগর্ভ।[২]

এই সংকটজনক মূহুর্তে কংগ্রেসের বাৎসরিক অধিবেশন বসলো ১৯২৯ সালে লাহোরে। সভাপতি হলেন জহরলাল নেহরু। যাই হোক লাহোর কংগ্রেসেই গৃহীত হলো পূর্ণস্বরাজের ঐতিহাসিক সিদ্ধান্ত। ৩১ শে ডিসেম্বর উড়লো ভারতের তেরঙ্গা পতাকা। স্থির হলো ২৬ শে জানুয়ারী পালন করা হবে স্বাধীনতা দিবস।জন্ম নিল এক নতুন আশা ও উত্তেজনা। অসহযোগ ও আইন অমান্যের সিদ্ধান্তও নেয়া হলো। ১৯২৯ সালের ৩১ শে ডিসেম্বর রাভি নদীর তীরে ভারতের জাতীয় পতাকা উত্তোলনের সেই রোমাঞ্চকর অভিজ্ঞতার কথা স্মরণ করে প্রখ্যাত কমিউনিষ্ট নেতা সোমনাথ লাহিড়ী লিখেছেন "বহুদিনের ওপারে একদিন মধ্যরাত্রে আমরা শিবির ছাড়িয়া ছুটিয়া বাহির হইয়াছিলাম। সেদিন রাভি নদীর নিস্তব্ধ দুই তীর আমাদের জয়ধ্বনিতে মুখরিত হইয়াছিল। তুষার শীতল নদীতীরে শীতের প্রচণ্ড হিংস্রতা আমাদের নিরস্ত করিতে পারে নাই। কারণ আমাদের মনের মধ্যে উত্তাপ ছিল। বহু বৎসরের অভিজ্ঞতা, তর্ক বিতর্ক আর সংগ্রামের মধ্যে দিয়া

আমরা এখন উপলব্ধি করিয়াছি যে, সাম্রাজ্যবাদই আমাদের প্রধান শত্রু।.... রাভি নদীর তীরে দাঁড়াইয়া আমরা দৃঢ়কণ্ঠে ঘোষণা করিয়াছিলাম যে, সাম্রাজ্যবাদের আধিপত্য হইতে পরিপূর্ণ স্বাধীনতা অর্জন করা প্রত্যেক ভারতবাসীর অবিচ্ছেদ্য অধিকার।"[৩]

যাই হোক আরউইনকে লেখা চিঠিতে গান্ধী জানালেন যে ভারতের কাছে ব্রিটিশ শাসন হচ্ছে 'অভিশাপ', কেননা এর ফলে ভারতের লক্ষ লক্ষ মানুষকে চরম অত্যাচার সহ্য করতে হচ্ছে এবং ভারতের সাংস্কৃতিক ঐতিহ্য লুপ্ত হতে চলেছে। আরউইন এ চিঠির জবাব দিলেন না, গান্ধীর সঙ্গে দেখা করতে অস্বীকার করলেন এবং তাঁকে গ্রেপ্তারও করলেন না। গান্ধী বললেন-"On bended knee I asked for bread, and I received stone instead."[৪] তিনি আরও বললেন-"The government is puzzled and perplexed."[৫] কিন্তু এর পর আন্দোলন ছাড়া আর কোন পথ খোলা ছিল না।

গান্ধী বড়লাটকে জানিয়ে ছিলেন যে ১১ই মার্চ লবণ আইন ভঙ্গ করে তিনি আন্দোলন শুরু করবেন। কেন লবণ আইন বেছে নিলেন, তা ব্যাখ্যা করে গান্ধী বললেন-"There is no article like salt outside water by taxing which the state can reach even the starving millions, the sick, the maimed and the utterly helpless. The tax constitutes therefore the most inhuman poll tax the ingenuity of man can devise."[৬] অর্থাৎ লবণ আইন ভঙ্গ ছিল এক প্রতীকী আন্দোলন। ১২ই মার্চ গান্ধী তাঁর ৭৮ জন ঘনিষ্ঠ সহচর নিয়ে সাবরমতী আশ্রম থেকে ডাণ্ডী অভিমুখে যাত্রা শুরু করলেন। উদ্দেশ্য ছিল খোলাখুলিভাবে আইন ভঙ্গ করে সমুদ্র জল থেকে লবণ তৈরী করা। গান্ধীর পদযাত্রা চতুর্দিকে এক চাঞ্চল্যের সৃষ্টি করলো। প্রায় ২৪০ মাইল পথের সর্বত্র তাঁকে গ্রামের কৃষকেরা স্বতঃস্ফূর্ত অভিনন্দন জানালেন। ৬ই এপ্রিল গান্ধীজী লবণ আইন ভঙ্গ করলেন।

গান্ধীজির ডান্ডি অভিযানে মেদিনীপুরের এক প্রতিনিধি ছিলেন তিনি হলেন মতিলাল দাস।[৭] গান্ধীজির লবণ আইন ভঙ্গ কর্মসূচী সমগ্র দেশে এক তীব্র উদ্দীপনার সঞ্চার করে এবং দেশবাসী স্বতঃস্ফূর্তভাবে লবণ আইন ভঙ্গ আন্দোলনে ঝাঁপ দিয়েছিল। ৬ই থেকে ১৩ই এপ্রিল পর্যন্ত সমগ্র ভারতে জাতীয় সপ্তাহ ঘোষিত হল এবং এইভাবে আনুষ্ঠানিকভাবে আইন অমান্য আন্দোলনের সূচনা হল।[৮]

বাংলার অন্যান্য জেলাগুলির মধ্যে মেদিনীপুর জেলাতেও আইন অমান্য আন্দোলন সর্বাত্মক রূপ ধারণ করেছিল। মেদিনীপুর জেলার সমুদ্র উপকূলবর্তী অঞ্চল কাঁথি মহকুমা ও তমলুক মহকুমাতে লবণ আইন ভঙ্গ আন্দোলন ব্যাপক আকার ধারণ করেছিল, সেই সঙ্গে ঘাটাল মহকুমা সহ সমগ্র অবিভক্ত মেদিনীপুর জেলার প্রতিটি অঞ্চলের নরনারীগণ এই গণ আন্দোলনে সামিল হয়েছিলেন। সমুদ্র ও নদী তীরবর্তী মেদিনীপুর যে লবণ আইন অমান্যের উপযুক্ত ক্ষেত্রস্থল তা কুমিল্লার (বর্তমান বাংলাদেশ) অভয় আশ্রমের তদানীন্তন সভাপতি ডঃ সুরেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায়, অন্যতম সদস্য অন্নদাপ্রসাদ চৌধুরী ও ড. নৃপেন্দ্রনাথ বসু গান্ধীজির সঙ্গে দেখা করে জানান এবং মেদিনীপুরের জনগণ স্বাধীনতা সংগ্রামে কতদূর অগ্রণী ভূমিকা গ্রহণ করেছে তাও আলোচিত হয়। গান্ধী অভয় আশ্রমের কর্মীদের মেদিনীপুরের লবণ সত্যাগ্রহ পরিচালনার নির্দেশ দেন।[৯] এরপর জেলা জুড়ে আন্দোলনের জোর প্রস্তুতি শুরু হয়ে যায়, ১৯শে মার্চ (১৯৩০) সমগ্র জেলার কংগ্রেস কর্মীদের নিয়ে এক আন্দোলন আহুত হল মেদিনীপুর শহরে। মহাত্মা গান্ধীর প্রদর্শিত পথে

পদযাত্রা করে আগের দিন অর্থাৎ ১৮ই মার্চ মেদিনীপুরে পৌঁছানোর জন্য প্রতি মহকুমার কংগ্রেস কমিটি ও কর্মীদের কাছে বার্তা পাঠানো হল। মেদিনীপুর সদর, তমলুক, ঘাটাল, কাঁথি প্রভৃতি মহকুমা থেকে সুসংবদ্ধ কর্মীর দল নির্দিষ্ট কর্মসূচী অনুসারে মেদিনীপুর শহরে এসে পৌঁছান।[১০] মেদিনীপুরের অন্তর্গত নাড়াজোলের দেশপ্রেমিক জমিদার কুমার দেবেন্দ্রলাল খানের মেদিনীপুর শহরের বাড়িতে সম্মেলনে আগত কংগ্রেস কর্মীদের আহারের ব্যবস্থা করা হয়।[১১] এই সম্মেলনের সিদ্ধান্ত অনুযায়ী মহকুমা আইন অমান্য পরিষদ গঠিত হয়। এই সম্মেলনে সভাপতিত্ব করেন গান্ধী অনুরাগী পুরুলিয়ার নিবারণ চন্দ্র দাশগুপ্ত।[১২] এইভাবে আইন অমান্য পরিষদ গঠনের মাধ্যমে মেদিনীপুরে আন্দোলন পরিচালনার পরিকাঠামো গঠন করা হয়েছিল।

ভারতবর্ষের ব্রিটিশ সাম্রাজ্যবাদ বিরোধী জাতীয় আন্দোলনে বাংলার উপকূলবর্তী জেলা মেদিনীপুরের এক গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। স্বাধীনতা আন্দোলনে বাঙালী মেয়েদের গৌরবময় ভূমিকায় মুগ্ধ হয়ে স্বামীর সঙ্গে ভারত ভ্রমণে এসে মিসেস ম্যাকডোনাল্ড বলেছিলেন— “One feels there is a tremendous movement going on amongst the women. We are fond of labelling the Indian aspirations as seditions, when if they were amongst ourselves, we should call them patriotism. This movement seems to be spreading as much amongst the women as amongst the men.”[১৩] আইন অমান্য আন্দোলন পর্বে মেদিনীপুরের নারীসমাজের অংশগ্রহণ ছিল বিশেষ উল্লেখযোগ্য। জেলার উচ্চবিত্ত পরিবারের শিক্ষিতা রমণীদের সঙ্গে সঙ্গে সাধারণ গ্রাম্য রমণী, বিধবা রমণী এবং সমাজের নিচুতলায় অবস্থানকারী পতিতা পল্লীর বারাঙ্গনারাও আন্দোলনে স্বতঃস্ফূর্তভাবে সামিল হয়েছিলেন।

তমলুক মহকুমার নন্দীগ্রাম থানাটীর পূর্ব পার্শ্বে হুগলী নদী এবং উক্তরে হলুদী নদী প্রবাহিত এবং থানার অন্তবর্তী খাল গুলিতে লবণাক্ত জলের জোয়ার ভাঁটা চলে এজন্য থানার সব অঞ্চলেই লবণ মাটা ও লবণ জল সুলভ। থানার বহু স্থানে লবণ মাটীর পলি জমে থাকে। কাজেই নুন তৈয়ারীর জন্য পরিশ্রুত লবণ জলের অভাব হয় না। থানার মধ্যে উল্লেখযোগ্য ২৬টি লবণ কেন্দ্র খোলা হয়। এই গুলির পরিচালনার জন্য সতীশ চন্দ্র সাহু, ধরণীধর প্রধান, ডাঃ হৃষীকেশ দাস, যমুনাকান্ত রায়, বরদাকান্ত দাস, কুঞ্জবিহারী ভক্ত, রাজেন্দ্র নাথ ভুএ্যা, বরেন্দ্র নাথ খাঁড়া, পরেশ চন্দ্র জানা, নগেন্দ্র নাথ সরকার, মায়া দাস প্রমুখ কর্মীগণ বিশেষ ভাবে চেষ্টা করেন। কেন্দ্রগুলির মধ্যে নন্দীগ্রাম, তেখালি, আশদতলিয়া, খোদাম বাড়ী, হাঁসচড়া, ঈশ্বরপুর, ঘোলপুকুর, টাকাপুরা ও চৌখালি প্রভৃতি নাম উল্লেখযোগ্য। প্রতিটি কেন্দ্রে পুলিশ জনতার উপর -স্ত্রীপুরুষ নির্বিচারে বেত, লাঠী ও বেটন চালায় ও অন্যান্য প্রকার অত্যাচারে তাদেরকে জর্জরিত করে।[১৪]

তমলুক মহকুমার অন্তর্গত নন্দীগ্রাম থানাতে লবণ আইন অমান্য আন্দোলন বিশেষ ব্যাপকতা লাভ করেছিল। মহকুমা সমর পরিষদের নির্দেশ অনুযায়ী নেতৃস্থানীয় কংগ্রেস কর্মীগণ আত্মগোপন করে নন্দীগ্রাম থানার ১৫টি ইউনিয়নে আইন অমান্য আন্দোলনের গতিকে দুর্বার ও অপ্রতিরোধ্য করবার জন্য জনসাধারণকে সংগঠিত করতে লাগলেন। ইতিমধ্যে ১৫টি ইউনিয়নের সবকটি কংগ্রেস শিবির বেআইনি ঘোষিত হয়েছে এবং ১৪৪ ধারাও বলবৎ করা হয়েছে। থানা পরিষদের ১৯৩১ খ্রিস্টাব্দের ২৭শে ডিসেম্বরের গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী লবণ সত্যাগ্রহ ও আবগারী দোকান পিকেটিং শুরু করলেন। স্বেচ্ছাসেবকদের মধ্যে

নির্দিষ্ট কাজ ভাগ করে দেওয়া হল। তাঁরা কেউ বা সত্যাগ্রহে অংশগ্রহণ, কেউ বা স্বেচ্ছাসেবকের কাজ, কেউ বা বুলেটিন প্রচারক, হিসেবে কাজ করবেন। ১৯৩২ খ্রিস্টাব্দের এপ্রিল মাস পর্যন্ত নন্দীগ্রাম থানার ৮৫টি কেন্দ্রে মোট ১২৫ বার লবণ সত্যাগ্রহ, ১১৮বার আবগারি ও মাদক বর্জনে পিকেটিং এবং ৪৪ বার হরতাল পালন করা হয়েছিল। এই আন্দোলনে ১২৩৯ জন নারী পুরুষ সত্যাগ্রহীর নাম তালিকাভুক্ত করা হয়েছিল।[১৪]

এই অহিংস আন্দোলনের ব্যাপ্তি, গুরুত্ব যে কতদূর সীমাহীন ছিল তার বিস্তারিত বর্ণনা থানা কংগ্রেস কর্তৃক সংগৃহীত ইউনিয়ন ভিত্তিক তথ্য থেকে।

১ নং ইউনিয়ন: চৌখালি বাজার, বরোজ, গোখুরী, ঘাটনান, ঘোলাপুকুর পাড়, নেতুড়িয়া, বুরুন্দা এই ৭টি স্থানে সত্যাগ্রহ চলেছিল। প্রত্যেক কেন্দ্রে ৫ থেকে ১০ জন নারী পুরুষ সত্যাগ্রহী এবং ৫০০ থেকে ১০০০ শোভাযাত্রী দর্শক উপস্থিত হত। তবে প্রতিটি স্থানে পুলিশী অত্যাচার অব্যাহত ছিল।

২ নং ইউনিয়ন: ৫ই ফেব্রুয়ারি ও ১৬ই ফেব্রুয়ারি ১৯৩২ সালে ঈশ্বরপুর কেন্দ্রে পিছলাপা গ্রামের গোবিন্দ প্রসাদ মাইতির নেতৃত্বে ৫০ জন নারী ও ৪০ জন পুরুষ সত্যাগ্রহী লবণ আইন অমান্য করে ৩২ জন গ্রেপ্তার বরণ করেন। এই ৩২ জন সত্যাগ্রহীর ১ বছর থেকে ৩ মাস পর্যন্ত জেল হয়। শরীপুর (পদ্মপুকুর পাড়), কুলুপ (শিবালয় প্রাঙ্গণ), সুলতানপুর, বাবুইয়া ও বামুনআড়া এই ৬টি স্থানে সত্যাগ্রহ চলেছিল। ২০শে ফেব্রুয়ারি ১৯৩২-এ বামুনআড়া কেন্দ্রে আইন অমান্যকারী স্বেচ্ছাসেবক সত্যাগ্রহী নরেন্দ্রনাথ গিরি ও অনন্ত গিরি গ্রেপ্তার বরণ করেন। ৩ মাস করে কারাদণ্ড হয়।

৩নং ইউনিয়ন: কাণ্ডপসরা, বরাঘুনি, খাগদা, উড়উড়ী, বাহাদুরপুর, নরঘাট, চিন্তামণিপুর এই ৭টি স্থানে সত্যাগ্রহ চলেছিল। ৪ঠা মে ১৯৩২-এ সৌদামিনী মাইতির নেতৃত্বে চিন্তামণিপুরে ৭০০ শোভাযাত্রীর উপস্থিতিতে লবণ আইন অমান্য করা হয় ।

৪ নং ইউনিয়ন: নন্দপুর, হরিচক (রথতলা), মুরাদপুর, ওসমানপুর, নানকাচক ও ঝাটীবনী এই ৬টি স্থানে সত্যাগ্রহ চলছিল।[১৫]

৫ নং ইউনিয়ন: ৪ঠা এপ্রিল ও ৬ই এপ্রিল ১৯৩২-এ বয়াল লবণ আইন অমান্য কেন্দ্রে মহিলাদের নেতৃত্বে ১৫০০ শোভাযাত্রীর উপস্থিতিতে আন্দোলন পরিচালিত হয়। ৮ই মে মঙ্গলচক ও মনুচকে লবণ আইন অমান্য করা হয়।[১৬]

৬নং ইউনিয়ন: বাসুলিয়া, ধান্যখোলা ও মনুচক এই তিনটি স্থানে সত্যাগ্রহ পরিচালিত হয়েছিল।

৭ নং ইউনিয়ন: বিনন্দপুর, বাহাদুরপুর, দাউদপুর, মহম্মদপুর, পুরুষোত্তমপুর ও নন্দীগ্রাম এই ৬টি স্থানে সত্যাগ্রহ চলেছিল। মহম্মদপুর কেন্দ্রে সত্যাগ্রহী কৃষ্ণপদ বেরা ও পঞ্চানন মাইতি আইন অমান্যে ৬ মাস করে কারাদণ্ডে দণ্ডিত হন।[১৭]

৮নং ইউনিয়ন: রতনপুর, বাহাদুরপুর, বাবুখাবাড়, ধনেশ্বরপুর ও দেবীপুর এই ৫টি স্থানে সত্যাগ্রহ চলেছিল। ১৮ই মে ১৯৩২-এ দেবীপুর কেন্দ্রে সত্যাগ্রহী বিহারীলাল সাঁতরা ও কালীচরণ মণ্ডল গ্রেপ্তার হন ও ৬ মাস করে কারাদণ্ড হয় এবং বিপিন বিহারী দাসের ৪ মাসের কারাদণ্ড হয়।[১৮]

৯ নং ইউনিয়ন: রেয়াপাড়া (পূর্ব ক্যানেল পাড়), মনোহরপুর, খোদামবাড়ী, কৃষ্ণনগর ও আশদতলা এই ৫টি স্থানে সত্যাগ্রহ চলে। মহিলা সত্যাগ্রহী ও ১৫০০ নরনারীর শোভাযাত্রার মাধ্যমে আইন অমান্য করা হয়। পুরুষ সত্যাগ্রহীদের সঙ্গে সঙ্গে নারী

সত্যাগ্রহীগণও বিশেষ ভূমিকা গ্রহণ করেন। এই কেন্দ্রের উল্লেখযোগ্য নারী সত্যাগ্রহী ছিলেন স্বয়ম্বরা দাসী, গিরিবালা দেবী প্রমুখ।[১৯]

১০ নং ইউনিয়ন: ফুলনী (খালপাড়), গড়গ্রাম (মছন্দলী ভেড়ী), বলভদ্রপুর (মতির মার হাট), বাঁশগোড়া, শিমলকুন্ডু, কুলবাড়ী, (বাড় শিমুলবাড়ী), বাজাবেড়্যা, পাটনা, রসিকাচক, জামবাড়ী, বাঁকা বোয়ালিয়া ও হাঁসচড়া ১২টি স্থানে সত্যাগ্রহ চলেছিল। ৩রা মার্চ ১৯৩২ সালে হাঁসচড়া কেন্দ্রে আইন অমান্য করা হয়। প্রায় ৫০০০ শোভাযাত্রীর উপস্থিতি ছিল। যার মধ্যে নারীর সংখ্যা ছিল ৬০ ভাগেরও বেশি। পুলিশের লাঠির আঘাতে ৫/৬ জন গুরুতর আহত হয়েছিলেন। মোট আহতের সংখ্যা ছিল ১০০-র বেশি। ১৪ জন পুরুষ সত্যাগ্রহী গ্রেপ্তার বরণ করে ৩ মাস থেকে ৪ মাস কারাদণ্ড ভোগ করেন। প্রায় ৫০০ মহিলা সত্যাগ্রহী ও শোভাযাত্রীকে সামনে ও পিছনে পুলিশ প্রহরায় চার মাইল দূরে মগরাজপুরে রাস্তার ওপর রাত্রি ১২টা পর্যন্ত আটকে রাখে। ৪ঠা মে ১৯৩২ এই ইউনিয়নের বাঁকা বোয়ালিয়া কেন্দ্রে কানাইলাল কালসা, হরিপদ মাইতি ও মনীন্দ্র হাজরাকে গ্রেপ্তার করে ৪ মাস কারাদণ্ডে দণ্ডিত করে। সুরেন্দ্রনাথ মাইতি ও শম্ভুরাম মাইতিকে পথে ছেড়ে দেয়। এই ইউনিয়নের উল্লেখযোগ্য মহিলা নেত্রী ছিলেন গিরিবালা গিরি, যমুনাবালা রায়, জবাকুসুম ভক্তদাস প্রমুখ বীরাঙ্গনা।[২০]

১১ নং ইউনিয়ন: ঘোলপুকুর, হানুভূঞা (খালপাড়) ও শিবরামপুর—এই তিনটি স্থানে সত্যাগ্রহণ চলে। নারী-পুরুষ উভয়ই এতে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন।[২১]

১২ নং ইউনিয়ন: রাণীচক, টাকাপুরা, কমলপুর, নারানদাঁড়ি ও সাঁইবাড়িতে আইন অমান্য করা হয়। এই পাঁচটি স্থানে সত্যাগ্রহ চলে।[২২]

১৩ নং ইউনিয়ন: ১৯৩২-এর ১৮ই ফেব্রুয়ারী তেখালি বাজারে আইন অমান্য ও আবগারী দোকানে পিকেটিং করায় সাগরচন্দ্র বেরার ৬ মাস, মুরারীমোহন জানা, রাসবিহারী কামিল, সুরেন্দ্রনাথ জানা ও গৌরহরি দাসের ৪ মাস করে কারাদণ্ড হয়। ১৯৩২-এর ২৫শে মার্চ ঐ কেন্দ্রে নিমাই চরণ পালের নেতৃত্বে ৬ জন পুরুষ ও ২৫ জন মহিলা সত্যাগ্রহী সহ ৬০০০ লোকের বিরাট শোভাযাত্রা ভিন্ন ভিন্ন পথে চারিদিকের রাস্তা ধরে "বন্দেমাতরম", "গান্ধিজি কি জয়" ধ্বনি দিতে দিতে চলেছিল। এরপর পুলিশী ঘেরাটোপ অগ্রাহ্য করে নুন প্রস্তুত করে এবং নুনের পুরিয়া বিক্রির আহ্বান জানায়। এই অবস্থায় পুলিশ নিরীহ শোভাযাত্রী ও দর্শকদের উপর নির্মমভাবে লাঠি চালাতে থাকে। অনেকে জ্ঞান হারিয়ে রাস্তার উপর পড়ে রইল। কিন্তু তখনও জনতা ছত্রভঙ্গ না হওয়ায় একজন সশস্ত্র ফৌজ জনতার দিকে বন্দুক তাক করল। সঙ্গে সঙ্গে সত্যাগ্রহী ভুবনচন্দ্র পণ্ডা সেই বন্দুকের সামনে বুক পেতে দিয়েছিল।[২৩] পুলিশ লাথি মেরে ভুবনচন্দ্রকে মাটিতে ফেলে দেওয়ায় মহিলা সত্যাগ্রহী সুমিত্রা দাস এগিয়ে এসে প্রতিবাদ জানায়। তখন পুলিশ বন্দুকের নল জনতার দিকে ঘুরিয়ে গুলি ছুঁড়তে থাকে। এতে গোকুলনগর গ্রামের গোপাল মাজি গুলিবিদ্ধ হন এবং তিনদিন পর বাড়িতে এসে শহীদের মৃত্যুবরণ করেন। ৭জন পুরুষ সত্যাগ্রহীকে গ্রেপ্তার করে চালান দেয়। বিচারে তাদের ৩ মাস করে জেল হয়। মহিলা সত্যাগ্রহী ও শোভাযাত্রীদের রাত্রি ১২টা পর্যন্ত আটক রাখার পর ছেড়ে দেয়। ৪ঠা মে, ১৯৩২-এ ধান্যখোলা আইন অমান্য কেন্দ্রে ১২ জন নারী ও ১৪ জন পুরুষ সত্যাগ্রহী শ্রীমতী স্বয়ম্বরা বেরার নেতৃত্বে আইন অমান্য করে। ত্রিলোচন পালের ৪ মাস এবং গৌরহরি দাস, মুরারিমোহন আচার্য্য ও সুধাংশু মণ্ডলের ৬ মাস করে কারাদণ্ড হয়।[২৪]

১৪ নং ইউনিয়ন: দাউদপুর, মহম্মদপুর, নয়নান, সাউদখালি, কানুনগোচক ও নানকাচক ছয়টি স্থানে সত্যাগ্রহ চলে। ১৯৩২-এর ২৪শে এপ্রিল কানুনগোচক কেন্দ্রে হরেকৃষ্ণ মাইতি ও ধরণীধর কর গ্রেপ্তার বরণ করেন। প্রত্যেকের ৩ মাস করে কারাদণ্ড হয়। দাউদপুর কেন্দ্রে পুলিশ সত্যাগ্রহী ফণীন্দ্র ত্রিপাঠী, ভূপেন্দ্র ত্রিপাঠীকে প্রহারের পর গ্রেপ্তার করে, বিচারে ৬ মাস করে কারাদণ্ড হয়।[২৫]

১৫নং ইউনিয়ন: চকচিল্লা গ্রাম, গড়চক্রবেড়্যা, কালীচরণপুর, সোনাচূড়া, গাংআড়া, দীনবন্ধপুর ও কিয়াখালি এই ৭টি স্থানে সত্যাগ্রহ চলে।[২৬]

এইভাবে তমলুক মহকুমার নন্দীগ্রাম থানায় লবণ আইন অমান্য আন্দোলন অত্যন্ত স্বতঃস্ফূর্ততার সঙ্গে পরিচালিত হয়েছিল। সারা নন্দীগ্রামে ১৫টি ইউনিয়নে ৯৭টি স্থানে সত্যাগ্রহ কেন্দ্র স্থাপিত হয়েছিল। মহিলারাই ছিলেন এই আন্দোলনের প্রধান ভূমিকায়। পুলিশী অত্যাচারের মুখোমুখি হয়েও জনগণের স্বতঃস্ফূর্ত আগ্রহ ও অংশগ্রহণ ছিল এর সাফল্যের মূলে।

তমলুক মহকুমার অন্তর্গত নন্দীগ্রাম থানাতে আইন অমান্য আন্দোলন এক বিশেষ মাত্রা পেয়েছিল। নন্দীগ্রাম থানায় আন্দোলন পরিচালনার ক্ষেত্রে পুরুষদের সঙ্গে সঙ্গে নারীরাও সমানতালে পা মিলিয়েছিলেন। এছাড়া অসংখ্য সাধারণ মহিলা আন্দোলনে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেছিলেন। নন্দীগ্রাম থানার অন্তর্গত শিবরামপুর গ্রামের নগেন্দ্রনাথ সরকারের সহযোগিতায় ও কুঞ্জবিহারী ভক্তদাসের প্রচেষ্টায় তাঁর আত্মীয় শ্যামাদেবীর (প্রধান) একচালা ঘরে থানার আইন অমান্য সমিতির গোপন অফিসের উদ্বোধন করা হয়েছিল।[২৭] নন্দীগ্রাম থানার তেরপাখিয়া, হাঁসচড়া, বারদুয়ারি, রাধাগঞ্জ, তেখালি প্রভৃতি লবণ কেন্দ্রগুলি বিশেষ উৎসাহের সাথে পরিচালিত হয়েছিল। বহু সংখ্যক নরনারী প্রতিদিন এই কেন্দ্রগুলিতে লবণ প্রস্তুত করতেন।[২৮] এই আন্দোলনে নন্দীগ্রাম থানার অসংখ্য মহিলা অংশগ্রহণ করেছিলেন। তাঁদের মধ্যে উল্লেখযোগ্য হলেন—চিকনবালা জানা, চিন্ময়ী দাস, সত্যবতী দেবী, সারদাময়ী জানা, মাতঙ্গিনী করণ, মায়ারানী দাস, যমুনা রায়, গিরিবালা প্রধান, কাদম্বিনী প্রধান, খুল্লনা প্রধান, হিরন্ময়ী দাস, নিমাইবালা মাইতি, প্রসন্নকুমারী মাইতি, স্বয়ম্বরা দেবী প্রমুখা নারী। এঁরা প্রত্যেকে আন্দোলনে অংশগ্রহণের অপরাধে জেলও খাটেন।[২৯] নন্দীগ্রাম থানার আদিত্যপ্রভা তিয়াড়ী কলকাতার মদের দোকানে পিকেটিং করার অপরাধে চার মাস জেল খাটেন।[৩০]

১৮ই এপ্রিল বারদুয়ারি খালপাড়ে শ্রীযুক্তা স্বয়ম্বরী বেরার নেতৃত্বে লবণ আইন ভঙ্গ করা হয়।[৩১] এছাড়া লবণ আইন অমান্য আন্দোলনের সময় নন্দীগ্রাম থানার ১৫টি ইউনিয়নে নেতৃত্ব দিয়েছিলেন তাঁরা হলেন—

- ১ নং ইউনিয়ন-মোক্ষদা ভুয়া, সৌদামিনী মাইতি ও নিত্যবালা গোল।
- ৪ নং ইউনিয়ন-মায়ারাণী দাস, রাণীবালা দাস ও যমুনাবালা রায়।
- ৫-নং ইউনিয়ন-ময়নামতী পাল, চিকনবালা জানা, যমুনা পাল, চিন্ময়ী দাস ও সত্যবতী দেবী।
- ৬নং ইউনিয়ন-সরস্বতী প্রধান।
- ৭ নং ইউনিয়ন—চিকনবালা জানা।
- ৮নং ইউনিয়ন—কুমুদিনী মাইতি।
- ৯ নং ইউনিয়ন—গিরিবালা দেবী, কাদম্বিনী দেবী ও খুল্লনা প্রধান, হিরন্ময়ী দেবী

ও নিস্তারিণী দাস, নিমাইবালা দেবী, যামিনীবালা দেবী, প্রসন্ন কুমারী মাইতি, দুর্গামণি বেরা ও খুল্লনা প্রামাণিক, স্বয়ম্ভরা দাসী।

- ১০ নং ইউনিয়ন—গিরিবালা গিরি, সরোজিনী দাসী, ভগবতী দেবী, জবাকুসুম ভক্তদাস, তিলোত্তমা দেবীও সৌদামিনী মাইতি ।
- ১১ নং ইউনিয়ন—নর্মদাবালা খাটুয়া ও সরযূ দেবী।
- ১২ নং ইউনিয়ন—চিকনবালা জানা (ইনি থানার মহিলা ডিক্টেটর ছিলেন)
- ১৩ নং ইউনিয়ন—স্বয়ম্বরী বেরা, সুমিত্রা দাস।
- ১৫ নং ইউনিয়ন—প্রমিলা জানা[৩২]

নন্দীগ্রাম থানার চণ্ডীপুরের মেনকাবালা সামন্ত এবং গোলবেড়িয়ার রাজবালা মান্না আইন অমান্য আন্দোলনে অংশ নেন। এরা মহিষাদলের লক্ষ্মীমণি হাজরার নেতৃত্বে প্রচার অভিযান, পিকেটিং ইত্যাদিতে অংশ নিয়েছিলেন।[৩৩] ১৯৩২ সালের ২রা জুলাই তমলুক থানার শ্রীরামপুর গ্রামে মহকুমা রাজনৈতিক সম্মেলন অনুষ্ঠিত হয়। নন্দীগ্রাম থানার ৫ জন মহিলাসহ ২৯ জন প্রতিনিধি এই সম্মেলনে যোগদান করেন। যোগদানকারীদের উপর পুলিশ নির্বিচারে লাঠি চালায়। তা সত্ত্বেও সম্মেলন দুদিন চলে, ৪ঠা জুলাই বন্দী দিবস উপলক্ষে নন্দীগ্রাম থানার ৪নং ইউনিয়নের অন্তর্গত নন্দপুর গ্রামের যমুনাবালা রায়ের নেতৃত্বে এক বিরাট শোভাযাত্রা তমলুকের জেল গেটের সামনে পৌঁছালে পুলিশ প্রহরী যমুনাবালার মাথায় সজোরে লাঠির আঘাত করে। এছাড়া ১১ জন মহিলা ও ৪৩ জন পুরুষ প্রতিনিধিকে পুলিশ গ্রেপ্তার করে পুলিশ সুপারিনটেন্ডের কাছে হাজির করলে প্রত্যেককে ৪০ ঘা বেত মেরে ছেড়ে দেওয়া হয়। এদের মধ্যে শ্রীশচন্দ্র পন্ডাকে পুলিশ জলে ডুবায় ও বেত্রাঘাত করে।[৩৪]

১৯৩২ সালের ১৯শে আগস্ট অভ্যর্থনা সমিতির সভাপতি নিযুক্ত হন রবীন্দ্রনাথ বারিক থানার সবকটি ইউনিয়নের ৩০ জন মহিলা ও ৬৭ জন পুরুষ প্রতিনিধি এই সম্মেলনে যোগ দেন। মহিলা প্রতিনিধিদের মধ্যে ভগবতী দেবী, ময়নামতী পাল, জবাকুসুম ভক্তদাস, সারদাবালা মান্না ও তেরপাখিয়া বাজারের বারাঙ্গনা সত্যবতী দেবী বিশেষ উল্লেখযোগ্য ভূমিকা পালন করেন। সভা চলাকালীন পুলিশ মহিলা প্রতিনিধিদের উপর প্রচণ্ডভাবে লাঠি চালাতে থাকে এবং তাদের তলপেটে সবুট লাথি মারতে থাকে। ৩০ জন মহিলা প্রতিনিধি প্রহৃত হন। অভ্যর্থনা কমিটির সভাপতি রবীন্দ্রনাথ বারিক এবং মূল সভানেত্রী চিকনবালা জানাকে গ্রেপ্তার করে। বিচারে তাদের যথাক্রমে ৬ মাস ও ৪ মাস কারাদণ্ড হয়। অন্যান্য আহত মহিলাদের স্থানীয় সেবাকেন্দ্রে সেবা শুশ্রূষা করা হয়—সকলেই ৭/৮ দিন তলপেটের যন্ত্রণা ও শ্বাস প্রশ্বাসের কষ্ট ভোগ করেন।[৩৫] যে সমস্ত মহিলারা আন্দোলনে অংশগ্রহণের ফলে দৈহিক আঘাতপ্রাপ্ত হয়েছিলেন তাঁদের কয়েকজন হলেন—১ নং ইউনিয়নের নন্দিনী দাস, ২ নং ইউনিয়নের উমাসুন্দরী পড়িয়া, ৩ নং-এর শৈলবালা দোলই, চারুবালা দোলই, ভগবতী বিষয়ী, সারদাবালা মান্না, ৪ নং-এর মাখনবালা দাসী, ৫ নং-এর স্নেহলতা মাইতি, যমুনামতী পাল, যমুনাবালা বাল, সত্যবালা দেবী ও শোভাময়ী প্রধান। ৭ নং-এর বেহুলাবালা দেবী, বিমলাবালা দাস, ননীবালা পাত্র, অমলাবালা করণ, ননীবালা দাস, কামিনীবালা দাস, শান্তিলতা দাস ও বিমলাবালা দাস ৯ নং-এর সরস্বতী প্রধান, ফুল্লনা প্রধান ও গিরিবালা প্রধান, ১০ নং এর শৈলবালা প্রামাণিক, শৈলবালা বেরা, জবাকুসুম ভক্তদাস, ভগবতী দেবী, গিরিবালা গিরি ও কিরণবালা সামন্ত,

১৩ নং-এর সাবিত্রীসুন্দরী দাস, ললিতা মণ্ডল, শ্যামাসুন্দরী জানা, বীণাসুন্দরী দাস, বিভাবতী পাল, আনন্দা গিরি ও স্বয়ম্বরা বেরা, ১৪ নং এর কুঞ্জবালা ভৌমিক এবং ১৫ নং-এর প্রমিলা জানা, দৈবকী দাস, রাধিকা দাস, সরস্বতী দেবী।[৩৬] এছাড়াও বড়তল্যা গ্রামের ভূষণচন্দ্র চক্রবর্তীর স্ত্রী রাজবালা চক্রবর্তী লবণ সত্যাগ্রহের সময় স্বেচ্ছাসেবিকা বাহিনী সঙ্গে নিয়ে লবণ উৎপাদন কেন্দ্রে কাজ করতে গিয়ে পুলিশের হাতে নিগৃহীত হন। ঐ সময় ট্যাক্স বন্ধ আন্দোলনে সক্রিয় অংশ নেওয়ার ফলে তাঁকে দৈহিক নির্যাতন ও আর্থিক দিক দিয়ে চরম ক্ষতিগ্রস্ত হতে হয়েছিল।[৩৭] এইভাবে তমলুক মহকুমায় নন্দীগ্রাম থানার সর্বস্তরের এক বৃহৎ সংখ্যক মহিলা আইন অমান্য আন্দোলনে অংশগ্রহণ করেছিলেন এবং এক বিশেষ ভূমিকায় অবতীর্ণ হয়েছিলেন।

ভারতবর্ষের মুক্তি সংগ্রামে তমলুক মহকুমার নন্দীগ্রাম থানার অবদান বিশেষ উল্লেখযোগ্য। স্বাধীনতা সংগ্রামের প্রতিটি পর্বেই নন্দীগ্রাম থানার নারী-পুরুষ নির্বিশেষে প্রায় প্রতিটি নাগরিক গুরুত্বপূর্ণ ভূমিকায় অবতীর্ণ হয়েছিলেন। তার মধ্যে মহিলাদের অংশগ্রহণ এবং ভূমিকা ছিল বিশেষ উল্লেখযোগ্য। নন্দীগ্রামের এমনই এক বীরাঙ্গনা হলেন চিকনবালাদেবী জন্মগ্রহণ করেছিলেন নন্দীগ্রাম থানার অন্তর্গত বোয়াল গ্রামে। তাঁর পিতার নাম ছিল নিধিরাম প্রধান এবং মাতার নাম ছিল ভগবতী প্রধান। বাল্যকালেই চিকনবালা দেবীর বিবাহ সম্পন্ন হয়েছিল তখন তার বয়স ছিল মাত্র এগারো বৎসর। চিকনবালাদেবী যখন ষষ্ঠ শ্রেণীতে পড়ছেন তখন তাঁর সঙ্গে নন্দীগ্রামেরই ভেকুটিয়া গ্রামের সম্পন্ন ব্যক্তি কুঞ্জবিহারী জানার সঙ্গে বিবাহ সম্পন্ন হয়। কুঞ্জবিহারীবাবু নন্দীগ্রাম থানা কংগ্রেস কমিটির সঙ্গে সংযুক্ত ছিলেন এবং বিশিষ্ট ধনী ব্যক্তি পেশায় ফটোগ্রাফার ছিলেন। মূলত তিনি স্বামীর উৎসাহেই এবং অনুপ্রেরণায় উদ্বুদ্ধ হয়ে দেশমাতৃকার শৃঙ্খল মোচনে ব্রতী হন। স্বাধীনতা আন্দোলনে যোগ দেন। পরবর্তী সময়ে বিশিষ্ট স্বাধীনতা সংগ্রামী প্রিয়নাথ জানা এবং নন্দীগ্রাম থানা কংগ্রেস কমিটির সভাপতি রাজেন্দ্রনাথ ভূঞ্যার উৎসাহ ও অনুপ্রেরণায় সক্রিয়ভাবে জাতীয়তাবাদী আন্দোলনে যোগ দেন। সেইসঙ্গে দেশের মুক্তির সংগ্রামে ব্রতী হন। চিকনবালা দেবী প্রাথমিক অবস্থায় সেরকম রাজনীতি সচেতন ছিলেন। পরবর্তী সময়ে স্বাধীনতা সংগ্রামী প্রিয়নাথ জানা এবং রাজেন্দ্রনাথ ভূঞ্যার সযত্ন তত্ত্বাবধানে তাঁর সঙ্গে রাজনৈতিক সচেতনতা এবং ব্রিটিশের অপশাসন সম্বন্ধে ধারণা জাগ্রত হয়ে ওঠে।[৩৮]

চিকনবালা দেবী নন্দীগ্রামের বিভিন্ন গ্রামগুলিতে যে সভাগুলি অনুষ্ঠিত হত তাতে তিনি যোগ দিতেন। বীরাঙ্গনা চিকনবালা দেবী রাজনৈতিক জীবনের সূচনা হয়েছিল রাজনৈতিক সভায় যোগদানের মধ্য দিয়ে তিনি গান্ধিজীর বিদেশীদ্রব্য বর্জনের ডাকে সাড়া দিয়ে বিলিতি দ্রব্য বিক্রয়কারী দোকানগুলির সামনে পিকেটিং-এ যোগ দেন এবং গুরুত্বপূর্ণ ভূমিকায় অবতীর্ণ হয়েছিলেন। পরবর্তী সময়ে ১৯৩০ সালে গান্ধীজির নেতৃত্বে অহিংস লবণ আইন অমান্য আন্দোলনের ডাকে সাড়া দিয়ে চিকনবালা দেবীও সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। তিনি লবণ সত্যাগ্রহে যোগ দেন এবং ১৯৩২ সালের ১১ই ফেব্রুয়ারি তিনি দুর্গাপুর লবণ উৎপাদন কেন্দ্রে যোগদান করেন এবং তিনি চিন্ময়ী দাস, সত্যবতী দাস প্রভৃতি বীরাঙ্গনাদের সঙ্গে নিয়ে বিপুল উৎসাহে লবণ উৎপাদন করে ব্রিটিশ লবণ আইন ভঙ্গ করেন। চিকনবালা দেবী শুধুমাত্র নিজেই আন্দোলনে অংশ নেয়নি তিনি সেইসঙ্গে স্থানীয় মহিলাদেরও আন্দোলনে উদ্বুদ্ধ করেন। যেমন গরানবেড়িয়া গ্রামের অরণ্য দাসের স্ত্রী চিন্ময়ী দেবী কিংবা তেরপাখিয়ার সত্যবতী দেবীদেরও উৎসাহিত করে

তুলেছিলেন এবং আরও বহু মহিলাদের সংঘবদ্ধভাবে আন্দোলনে সামিল করেছিলেন। বীরাঙ্গনা চিকনবালা দেবী নন্দীগ্রামের দুর্গাপুর লবণ কেন্দ্রে লবণ সত্যাগ্রহ করা কালীন সময়ে পুলিশ গ্রেপ্তার করে এবং তাকে নন্দীগ্রাম থানায় ধরে নিয়ে যায় এবং সেখানেই তাকে বসিয়ে রাখে। চিকনবালাদেবী ব্রিটিশ লবণ আইন ভঙ্গ করার অপরাধে তমলুক কোর্টের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এইচ.এল.সরকার অতি দ্রুত তাঁর বিচার করে এবং বিচারে (Section 17(1) Cr. L.A. Act) তাঁর তিন মাসের জেল হয় এবং তাঁকে মেদিনীপুর সেন্ট্রাল জেলে প্রেরণ করা হয়।[৩৯] এইসময় তাঁর বয়স ছিল মাত্র আঠারো বছর।[৪০] জেল থেকে ছাড়া পাওয়ার পর পুনরায় তিনি দেশের স্বাধীনতা সংগ্রামের নানা ধরনের কাজকর্মের সঙ্গে যুক্ত হন এবং এর ফলস্বরূপ তিনি আবার ব্রিটিশ পুলিশের হাতে নির্যাতিত হন। এপ্রসঙ্গে একটি ঘটনা উল্লেখনীয়, ১৯৩২ সালের ১৯শে আগষ্ট অভ্যর্থনা সমিতির সভাপতি নির্বাচিত হরেছিলেন রবীন্দ্রনাথ বারিক। আমদাবাদে থানা রাজনৈতিক সম্মেলন অনুষ্ঠিত হয়। এই সভায় সদ্য জেল থেকে মুক্ত চিকনবালা জানা সাধারণ অধিবেশনে সভাপতির আসন গ্রহণ করেন। থানার সব কয়টি ইউনিয়নের ৬৭ জন পুরুষ ও ৩০ জন মহিলা প্রতিনিধি সম্মেলনে যোগ দেন। মহিলা প্রতিনিধিদের মধ্যে সত্যবতী দেবী, ভগবতী দেবী, ময়নামতি পাল, জবাকুসুম ভক্তদাস, বিমলা দাস ও সারদাবালা মান্না বিশিষ্ট ভূমিকা পালন করেন। অভ্যর্থনা সমিতির সভাপতি রবি বাবু তাঁর ভাষণ পঠ শব্রু করা মাত্র অত্যাচারী দারোগা মফজ্জল হোসেন ১১ জন সশস্ত্র পাঠান ফৌজ ও ১০/১২ জন থানার পুলিশ তাঁর ক্ষীপ্রতায় মহিলা প্রতিনিধিদের উপর প্রচন্ডভাবে লাঠি চালাতে থাকে ও তাঁদের তলপেটে বার বার সবট লাথি মারতে থাকে। দারোগা মফজ্জল অতীতের তেরপেখিয়া বাজারের বারাঙ্গনা সত্যবতীকে, বর্তমানে স্বাধীনতা সংগ্রামে বীরাঙ্গনার রণরঙ্গিণী মূর্তি দেখে জাত ক্রোধে তাঁকে টেনে হিচড়ে পাকুর পড়ে নিয়ে গিয়ে প্রচন্ড প্রহারে অচৈতন্য করে দেয় এবং তাঁর লজ্জাস্থানে বার বার সবুট লাথি মারতে থাকে। সত্যবতী মাসাবধি হাসপাতালে চিকিৎসাধীন থাকেন ও প্রস্রাবদ্বারে অসহ্য যন্ত্রণায় কষ্ট পান। ৩০ জন মহিলা প্রতিনিধি প্রহত হন এবং সকলকেই তলপেটে সবুট লাথির আঘাত সহ্য করতে হয়। সঙ্গে বেত্রাঘাতও চলেছিল। সম্মেলনে উপস্থিত ৫/৬ হাজার জনসাধারণকে পুলিশ বেপরোয়াভাবে লাঠির আঘাতে আহত করেছিল। একজন যোগদানকারী প্রহারের আঘাতে পুকুরে পড়ে অজ্ঞান হয়ে যখন জলে ডুবে যাচ্ছিল তখন এক চৌকিদার তাঁকে উদ্ধার করে। অভ্যর্থনা কমিটির সভাপতি রবীন্দ্রনাথ বারিক এবং মূল সভানেত্রী চিকনবালা জানাকে ১৯৩২ সালে ১৯শে আগস্ট গ্রেপ্তার করে তমলুক কোর্টে চালান করে দেয়।[৪১] গ্রেপ্তার হওয়ার পর বিচারে (Section 17 (1) Cr. L.A.Act) তাকে ছয় মাসের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়।[৪২] প্রথমে তাঁকে ১৯শে থেকে ২৪শে আগস্ট ১৯৩২ পর্যন্ত তমলুক সাব জেলে বন্দী রাখা হয় তারপরে সেখান থেকে ২৫শে আগস্ট তাঁকে মেদিনীপুর সেন্ট্রাল জেলে পাঠানো হয় এবং অবশেষে ৪ঠা ফেব্রুয়ারি ১৯৩৩ সালে তাকে জেল থেকে মুক্তি দেওয়া হয়।[৪৩] চিকনবালা দেবীকে কোনোভাবেই ব্রিটিশ পুলিশ দমিয়ে রাখতে পারেনি। আইন ভঙ্গ করে জেল খেটেছেন, জেল থেকে ছাড়া পেয়ে পুনরায় তিনি আন্দোলনে সামিল হয়েছেন এবং ব্রিটিশ পুলিশ তাকে গ্রেপ্তার করেছেন কিন্তু চিকনবালা দেবী আন্দোলনের পথ থেকে একটুও সরে যাননি। গ্রেপ্তার হওয়ার অন্যতম কারণ ছিল জেল থেকে ছাড়া পেয়ে তিনি দ্বিগুণ উৎসাহে সভা-সমিতিতে যোগদান করতে থাকেন।

দেশের মুক্তি সংগ্রামে চিকনবালা দেবীর মত একজন সাধারণ গ্রাম্য বধূর যে আত্মত্যাগ এবং সাহসিকতা ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে বিরল। তাঁর অবদান চিরস্মরণীয়। ভারতের স্বাধীনতা আন্দোলনের ইতিহাসে বিশেষত অবিভক্ত মেদিনীপুর জেলার তমলুক মহকুমার স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে চিকনবালাদেবী হলেন একজন চিরস্মরণীয় নাম। তাঁর বীরত্ব, সাহসিকতা, স্বদেশপ্রীতি, সাংগঠনিক প্রতিভা ছিল সত্যিই অবিস্মরণীয়। যে কারণেই তিনি একইসঙ্গে তমলুক সমর পরিষদ এবং নন্দীগ্রাম সমর পরিষদের ডিক্টেটর হিসাবে মনোনীত হয়েছিলেন। ডঃ রীনা পালের গ্রন্থ 'Women of Midnapore in Indian Freedom Struggle' থেকে জানা যায় যে, চিকণবালা দেবী নন্দীগ্রাম থানার বেশ কয়েকজন বীরাঙ্গনা রমণীকে সঙ্গে নিয়ে সাফল্যের সভা অনুষ্ঠিত করতে পেরেছিলেন। সেই সমস্ত বীরাঙ্গনা রমণী হলেন—স্বাধীনতা সংগ্রামী কুঞ্জবিহারী ভক্তদাসের স্ত্রী এবং বঙ্গভূষণ ভক্তর মাতা জবাকুসুম ভক্তদাস, তেরোপাখিয়ার বারাঙ্গনা রমণী সত্যবতী দেবী, ধান্যশ্রী গ্রামের ভগবতী দেবী, ময়নামতী পাল, সারদাবালা মান্না এবং বিমলা দাস প্রমুখ। তাঁর দুঃসাহসিকতা, কর্মনিষ্ঠা, দেশের জন্য আত্মত্যাগ, ভারতবর্ষের মুক্তি সাধনের জন্য তাঁর যে ত্যাগ স্বীকার তা নিঃসন্দেহেই মানুষের কাছে চিরস্মরণীয় হয়ে থাকবে। তিনি ১৯৪২-এর ভারত ছাড়ো আন্দোলনে হয়তো প্রত্যক্ষ অংশগ্রহণ করতে পারেনি কিন্তু তমলুক মহকুমায় আন্দোলনের ক্ষেত্র প্রস্তুতিতে বিশেষ করে মহিলাদের আন্দোলনে অংশ নেওয়ার ক্ষেত্রে উদ্বুদ্ধকারী হিসাবে তিনি বিশেষ উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছিলেন তা নিঃসন্দেহে বলা চলে। জানা যায় তিনি আন্দোলনে অংশগ্রহণের ক্ষেত্রে তাঁর শ্বশুরবাড়ির দিক থেকে প্রচণ্ড বাধার সম্মুখীন হয়েছিলেন। তাঁর শ্বশুরবাড়ির লোকেরা কোনোভাবেই চাননি যে বাড়ির বধূ স্বাধীনতা সংগ্রামে যোগ দিক। কিন্তু তিনি সমস্ত বাধাকে উপেক্ষা করেই স্বাধীনতা সংগ্রামে যোগ দিয়েছিলেন এবং দেশমাতৃকার মুক্তি সাধনে তিনি সর্বস্ব পণ করে এগিয়ে এসেছিলেন। তিনি তাঁর লক্ষ্যে অবিচল ছিলেন। বীরাঙ্গানা চিকনবালা দেবীর আত্মত্যাগ ও বীরত্ব ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে সমুজ্জ্বল।

References

১। ত্রিপাঠী,অমলেশ, *স্বাধীনতা সংগ্রামে ভারতের জাতীয় কংগ্রেস ১৮৮৫-১৯৪৭*, আনন্দ পাবলিশার্স, কলকাতা, ভাদ্র,১৪০৫, পৃঃ ১৫৪
২। মল্লিক, সমর কুমার, *আধুনিক ভারতের রুপান্তর রাজ থেকে স্বরাজ (১৮৫৮- ১৯৪৭)*, ওয়েস্ট বেঙ্গল পাবলি পাবলিশার্স, কলকাতা, পৃঃ ৫৩৬।
৩। লাহিড়ী,সোমনাথ,*সংগ্রাম ও সঙ্কল্প* ,২৬.০১.১৯৬৩.
৪। Fischer, Louis, *Life of Gandhi*, p.292
৫. *Ibid.*
৬. Gandhi, *Complete Works*, Vol-42, p.499
৭। দাস, মন্মথনাথ,*মুক্তিযুদ্ধে মেদিনীপুর*, দে পাবলিকেসান , অক্টোবর ,২০১৪, পৃঃ ৫৮।
৮। চট্টোপাধ্যায়, প্রনব কুমার, *আধুনিক ভারত (১৯২০- ১৯৬৪) দ্বিতীয় খণ্ড*, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, এপ্রিল,২০১৪, পৃঃ ৮৩।
৯। দাস, বসন্তকুমার, *স্বাধীনতা সংগ্রামে মেদিনীপুর*, দ্বিতীয় খণ্ড, মেদিনীপুর স্বাধীনতা সংগ্রাম ইতিহাস সমিতি, কোলকাতা, ১৯৮০, পৃঃ ৭।

১০। *তদেব,* পৃঃ ৭।
১১। চট্টোপাধ্যায়, গৌরীপদ, *দক্ষিণ পশ্চিম বাংলার ইতিহাস,* কাকলি, ১৯৮৬, পৃঃ ৩১১।
১২। *তদেব,* পৃঃ ৩১১।
১৩। Chatterjee, Ramananda (Ed.), *The Modern Review*, August, 1910, p.124.
১৪। ভক্ত,বঙ্গভূষণ, *নন্দীগ্রামে স্বাধীনতা সংগ্রাম,* আনন্দম, গোপালপুর, মেদিনীপুর, ১৯৮৩, পৃঃ ৮৪।
১৪ক। বঙ্গীয় সমর পরিষদ কর্তৃক প্রকাশিত,‘*ইংরেজের সুশাসন*', পৃঃ ২১।
১৫। ভক্ত, বঙ্গভূষণ, *পূর্বোক্ত গ্রন্থ,* পৃঃ ৭২-৭৩।
১৬। বঙ্গীয় সমর পরিষদ কর্তৃক প্রকাশিত, ‘*ইংরেজের সুশাসন*', পৃঃ ৫৮।
১৭। *তদেব,* পৃঃ ২১।
১৮। ভক্ত,বঙ্গভূষণ, *পূর্বোক্ত গ্রন্থ,* পৃঃ ৭৪।
১৯। *তদেব,* পৃঃ ৭৪-৭৬।
২০। বঙ্গীয় সমর পরিষদ কর্তৃক প্রকাশিত, ‘*ইংরেজের সুশাসন*', পৃঃ ২১; ভক্ত, বঙ্গভূষণ, *পূর্বোক্ত গ্রন্থ,* পৃঃ৭৭।
২১। ভক্ত, বঙ্গভূষণ, *পূর্বোক্ত গ্রন্থ,* পৃঃ ৭৭ ।
২২। *তদেব,* পৃঃ ৭৮।
২৩। বঙ্গীয় সমর পরিষদ কর্তৃক প্রকাশিত*, ‘ইংরেজের সুশাসন'*, পৃঃ ২১; ভক্ত, বঙ্গভূষণ, *পূর্বোক্ত গ্রন্থ,* পৃঃ১৫।
২৪। ভক্ত,বঙ্গভূষণ, *পূর্বোক্ত গ্রন্থ,* পৃঃ৭৮-৭৯।
২৫। *তদেব,* পৃঃ ৭৯।
২৬। *তদেব,* পৃঃ ৭৯-৮০ ।
২৭। *তদেব,* পৃঃ ৬২ ।
২৮। দাস,বসন্ত কুমার, *পূর্বোক্ত গ্রন্থ,* পৃঃ৮৫।
২৯। *Amrita Bazar Patrika*, 16th February, 1932.
৩০। ‘ইংরেজের সুশাসন’,বঙ্গীয় সমর পরিষদ কর্তৃক প্রকাশিত, পৃঃ ৩৬৫।
৩১। দাস, বসন্ত কুমার, *পূর্বোক্ত গ্রন্থ,* পৃঃ ৮০-৮১।
৩২। ভক্ত, বঙ্গভূষণ, *পূর্বোক্ত গ্রন্থ,* পৃঃ ১১৮।
৩৩। মাইতি,প্রদ্যোতকুমার, পূর্বোক্ত গ্রন্থ, পৃঃ ১১৭ ।
৩৪। ভক্ত,বঙ্গভূষণ, *পূর্বোক্ত গ্রন্থ,* পৃঃ ১১৮।
৩৫। তদেব, পৃঃ ১১৮-১১৯; ‘নন্দীগ্রাম বুলেটিন’, ২৫শে আগস্ট, ১৯৩২ ।
৩৬। ‘নন্দীগ্রাম বুলেটিন' (১৯৩২-১৯৩৩); মাইতি, প্রদ্যোত কুমার, পূর্বোক্ত গ্রন্থ, পৃঃ ১১৭-১১৮।
৩৭। *স্বাধীনতা সংগ্রামীদের জীবনপঞ্জী,* তাম্রলিপ্ত স্বাধীনতা সংগ্রাম ইতিহাস কমিটি, তমলুক, মেদিনীপুর, ১৯৮৭, পৃঃ ১৬৮।
৩৮। Pal, Rina, *Women of Midnapore in Indian Freedom Struggle*, Ratna Prakashan, Calcutta,1996, p.124
৩৯। Midnapore Central Jail Records, 05 04.32 to 06.06.32.; Ghosh, Dr. Nirajan, *Role of Women in the Freedom Movement in Bengal (1919-1947) (Midnapore, Bankura and Purulia District)*, Tamralipta Prakashani, Midnapore, 1988, P 158.

৪০। Pal, Rina, *Op. Cit.*, p.124.
৪১। ভক্ত,বঙ্গভূষণ, *পূর্বোক্ত গ্রন্থ*, পৃঃ ১১৮-১১৯।
৪২। Pal, Rina, *Op. Cit.*, p.124
৪৩। *Midnapore Central Jail Records*, 01.12.32 to 06.02.33.

——

SUṢAMĀ : Multidisciplinary Research Journal ISSN: 3107-4529
Vol. 1, Issue-2, (Apr-Jun) 2025

ভারতের স্বাধীনতা আন্দোলনে মেদিনীপুর জেলার ভূমিকা: ইতিহাসের প্রেক্ষাপটে একটি পর্যালোচনা

The Role of Medinipur District in the Indian Independence Movement: A Historical Review

Dr. Sk Jahangir Hossain
Assistant Professor, Dept. of History,
Sitananda College, Nandigram,
Purba Medinipur, West Bengal, India
Email: hossaindrskjahangir@gmail.com

Abstract: India's freedom movement was not one-dimensional. It was a long-term, multifaceted and continuous struggle dependent on the people. The real strength of this movement was the growing dissatisfaction of the people against the British and the nationalist awakening. The intense desire to regain self-respect, gain rights, etc. among the people of India worked in the nationalist awakening. The intense movement that developed against the British rule from the middle of the nineteenth century was not only a movement led by the Congress alone, the movement was also attended by the largest institutions and influential nationalist leaders of India, as well as people from the common people, tribals, women, farmers, workers, students, etc. Different communities, regions, and districts of India tried to participate in this freedom movement in a unique role. In this larger context of India's freedom movement, Midnapore district of West Bengal occupies a prominent place. In this article, we have tried to analyze the participation of Midnapore district in various movements, its spread, nature, importance and significance from a research perspective.

Keywords: Freedom Movement, Nationalist, British rule, Congress, Tribals, Women, Farmers.

ভূমিকা—

ভারতের স্বাধীনতা আন্দোলন এক মাত্রিক ছিল না। এটি ছিল দীর্ঘস্থায়ী, বহুমুখি এবং জনগণের উপর নির্ভরশীল একটি ধারাবাহিক সংগ্রাম। এই আন্দোলনের প্রকৃত শক্তি ছিল ইংরেজদের বিরুদ্ধে জনগণের ক্রমবর্ধমান অসন্তোষ এবং জাতীয়বাদী জাগরণ। ভারতবাসীর মধ্যে আত্মমর্যাদা ফিরে পাওয়ার তীব্র আকাঙ্ক্ষা ও অধিকার লাভ ইত্যাদি বিষয়ও কাজ করেছিল। উনবিংশ শতাব্দীর মাঝামাঝি সময় থেকে ব্রিটিশ শাসনের বিরুদ্ধে

যে তীব্র আন্দোলন গড়ে উঠেছিল, তা শুধুমাত্র কংগ্রেসের একার নেতৃত্বে গড়ে ওঠা আন্দোলন ছিল না, আন্দোলনে যুক্ত ছিলেন যেমন ভারতের বৃহত্তম প্রতিষ্ঠান ও প্রভাবশালী জাতীয়তাবাদী নেতারা, তেমনি এই আন্দোলনে যুক্ত ছিলেন, সাধারণ মানুষ, উপজাতি, নারী, কৃষক, শ্রমিক, ছাত্র প্রভৃতি শ্রেণির মানুষ। ভারতের বিভিন্ন জনগোষ্ঠী, অঞ্চল, জেলা এই স্বাধীনতা আন্দোলনে অনন্য ভূমিকায় অংশগ্রহণ করার চেষ্টা করেছিল। ভারতের স্বাধীনতা আন্দোলনের বৃহৎ প্রেক্ষাপটে পশ্চিমবঙ্গের মেদিনীপুর জেলা একটি বিশিষ্ট স্থান অধিকার করে আছে।

মেদিনীপুর জেলা ছিল রাজনৈতিক সামাজিক ও সাংস্কৃতিক দিক দিয়ে সমৃদ্ধ একটি জনপদ। এখানে যেমন বিদ্যাসাগরের মতো সমাজ সংস্কারকের আর্বিভাব ঘটেছিল তেমনি চুয়ার বিদ্রোহের মত কৃষক বিদ্রোহও এখানে আত্মপ্রকাশ করেছে। এছাড়া ভারতের বিপ্লবী আন্দোলনে ধারাবাহিক অংশগ্রহণ দেখা গিয়েছিল এই অঞ্চল থেকে। সমাজ সংস্কারক আন্দোলনে অংশগ্রহণ করেছিল এই মেদিনীপুরে জেলা। ১৯৪২ সালে যে তাম্রলিপ্ত জাতীয় সরকার গঠিত হয়ে ছিল তা ছিল ভারতের কাছে এক দৃষ্টান্ত স্বরূপ বিকল্প শাসন ব্যবস্থা। সবমিলিয়ে মেদিনীপুর জেলা ছিল নানা দিক দিয়ে স্বাধীনতা আন্দোলনের জন্য এক উর্বর ও ঋদ্ধ জনপদ। এই প্রবন্ধে আমরা মেদিনীপুর জেলার নানাবিধ আন্দোলনে অংশগ্রহণ, বিস্তার, স্বরূপ, গুরুত্ব ও তাৎপর্যকে বিশ্লেষণ করার চেষ্টা করেছি। এই গবেষণা পত্রের মূল উদ্দেশ্য হল ভারতের স্বাধীনতা আন্দোলনে এই জেলার অবদান কে তথ্য প্রমাণ ও ঐতিহাসিক উৎসের আলোকে মূল্যায়ন করা যাতে এই অনালচিত ইতিহাস আগামী প্রজন্মের সামনে সঠিক ভাবে উপস্থাপিত হয়। মেদিনীপুর জেলা ভারতের স্বাধীনতা আন্দোলনের প্রায় প্রতিটি ক্ষেত্রেই অংশ গ্রহণ করেছে অথচ সেই অনুপাতে ইতিহাসের পৃষ্ঠায় সেভাবে আলোচিত হয়নি। মেদিনীপুরের ইতিহাস কিংবা স্বাধীনতা আন্দোলনে মেদিনীপুরের অংশগ্রহণ কোনো স্থানীয় বিষয় নয়, এটি ভারতের জাতীয় সংগ্রামের একটি সক্রিয় অংশ বলা যায়, অথচ ইতিহাসের পৃষ্ঠায়, ইতিহাসের পাঠক্রমে সেভাবে আলোচিত হয়নি মেদিনীপুরের অবদান, এই অভাববোধ থেকেই এই প্রবন্ধের অবতারণা।

গবেষণা পদ্ধতি—

এই গবেষণা পত্রটি তৈরি করার সময় গবেষণা পদ্ধতিকে যথাযথভাবে অনুসরণ করার চেষ্টা করা হয়েছে। কোয়ালিটিটিভ রিসার্চের দিকে সর্বতোভাবে লক্ষ্য দেওয়া হয়েছে। প্রবন্ধ রচনার জন্য দু ধরনের উপাদানের আশ্রয় নেয়া হয়েছে ১)প্রাথমিক উপাদান এবং ২)সেকেন্ডারি সোর্স। প্রাথমিক উপাদানের মধ্যে রিপোর্ট, বিভিন্ন দলিল, চিঠিপত্র, দেশপ্রেমীদের আত্মজীবনী, স্মৃতিকথা, স্থানীয় পত্র-পত্রিকা এবং প্রচার পত্র ব্যবহার করা হয়েছে। সেকেন্ডারি সোর্সের মধ্যে নানা ইতিহাসের গ্রন্থ, সাহিত্য গ্রন্থ, বিভিন্ন গবেষণা পত্র, প্রবন্ধ, ইত্যাদি ব্যবহার করা হয়েছে। প্রবন্ধ রচনার সময় শুধু ঘটনার বর্ণনা দেয়া হয়নি, তথ্য প্রয়োগ করা হয়েছে, এবং তা বিশ্লেষণ করার চেষ্টা হয়েছে। ঘটনার ক্ষেত্রে কালানুক্রম, প্রেক্ষাপট, প্রভাব ইত্যাদি বিশ্লেষণ করার চেষ্টা করা হয়েছে এবং সমগ্র বিষয়টি নির্মহ দৃষ্টিতে উপস্থাপন করার প্রচেষ্টা প্রাধান্য পেয়েছে।

সাহিত্য সমীক্ষা—

স্বাধীনতা আন্দোলনে মেদিনীপুর জেলার ভূমিকা নিয়ে বিস্তৃত গবেষণার অভাব থাকলেও কিছু গবেষণা আছে। যেগুলিতে এই বিষয়ের বিভিন্ন দিক নিয়ে আলোকপাত করা হয়েছে। এই সমস্ত গ্রন্থগুলির কিছু এখানে তুলে ধরা হলো- ১) হেমচন্দ্র মুখার্জির, ভারতের বিপ্লবী ইতিহাস, যে গ্রন্থে বিপ্লবী সমিতিগুলির কার্যকলাপের বিস্তৃত আলোচনা আছে। পর্যালোচনা আছে মেদিনীপুর অঞ্চলের অস্ত্রাগার লুণ্ঠন, বিপ্লবীদের কার্যকলাপ এবং পুলিশের উপর আক্রমণের বিস্তারিত বিবরণ। ২) সুমন চক্রবর্তীর, মেদিনীপুরের বিপ্লবী আন্দোলন। এই গ্রন্থে মেদিনীপুরের বিপ্লবী আন্দোলন নিয়ে লেখা আছে। সশস্ত্র বিপ্লবীদের কার্যকলাপ, শিক্ষাঙ্গনের ভূমিকা এবং প্রশাসনিক প্রতিক্রিয়া আলোচিত হয়েছে এই গ্রন্থে। ৩.) বিপ্লবী আন্দোলনে ছাত্র সমাজের ভূমিকা- গ্রন্থটি লিখেছেন কৃষ্ণমোহন বন্দোপাধ্যায়, যাতে ভারতের স্বাধীনতা আন্দোলনে মেদিনীপুরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান কিভাবে অংশগ্রহণ করেছিল সে বিষয়টি তুলে ধরার চেষ্টা করা হয়েছে। ৪) শহীদ মাতঙ্গিনী হাজরার জীবন কথা নিয়ে চন্দন দেবনাথ লিখেছেন শহীদ মাতঙ্গিনী হাজরা। এতে স্থান পেয়েছে মাতঙ্গিনী হাজরার পূর্ণাঙ্গ জীবনী, স্বাধীনতা আন্দোলনে ত্াঁর অংশগ্রহণ এবং তাঁর আত্মত্যাগের বিস্তারিত বিবরণ। সুপ্রকাশ রায়ের ভারতের কৃষক বিদ্রোহ ও গণতান্ত্রিক সংগ্রাম, সুচেতা মহাজনের ভারতের স্বাধীনতা সংগ্রাম, সুমিত সরকারের মর্ডান ইন্ডিয়া, সরল চট্টোপাধ্যায়ের ভারতের স্বাধীনতা সংগ্রামের ক্রমবিকাশ, নরহরি কবিরাজের অসমাপ্ত বিপ্লব অসম্পূর্ণ আকাঙ্ক্ষা: ভারতের স্বাধীনতা সংগ্রামের ইতিহাস প্রভৃতি গ্রন্থেও মেদিনীপুরের ইতিহাস স্থান পেয়েছে। এছাড়াও কুইট ইন্ডিয়া ফাইল, গেজেটিয়ার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিদ্যালয়ের থিসিস পত্রে মেদিনীপুরের ইতিহাস বিশ্লেষিত হয়েছে। আর যে গ্রন্থগুলির কথা উল্লেখ না করলেই নয় সেগুলি হল, এইচ সান্যালের ১৯৮৮ খ্রিস্টাব্দে প্রকাশিত কংগ্রেস কংগ্রেস ইন সাউথ ওয়েস্টার্ন বেঙ্গল: দি অ্যানটি ইউনিয়ন বোর্ড মুভমেন্ট ইস্টার্ন মেদিনীপুর, ওই একই বৎসরে প্রকাশিত দি কুইট ইন্ডিয়া মুভমেন্ট ইন মেদিনীপুর ডিস্ট্রিক্ট প্রভৃতি। এগুলিতে স্বাধীনতা আন্দোলনে মেদিনীপুরের ভূমিকা গভীরভাবে বিশ্লেষণ করা হয়েছে। নানা গ্রন্থে মেদিনীপুরের অবদানের বিষয়টি থেকে এ কথা প্রতীয়মান হয় যে, স্বাধীনতা আন্দোলনে মেদিনীপুরের অংশগ্রহণ ছিল অত্যন্ত গভীর। তবে এবিষয়ে এখনো অনেক তথ্য বিক্ষিপ্ত অবস্থায় রয়েছে যা সংগঠিত করা দরকার এবং জাতীয় ইতিহাসের মূলধারায় তা যুক্ত করা প্রয়োজন।

পটভূমি—

ভারতের জাতীয়তাবাদী আন্দোলনের উত্থানের সূচনা লগ্ন থেকেই মেদিনীপুর জেলা স্বাধীনতা আন্দোলনে অংশগ্রহণ করতে থাকে। এটি উনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধ থেকেই একটি শক্তিশালী রাজনৈতিক চেতনার উৎস্যস্থল হিসাবে গড়ে ওঠে। এই জেলার ভৌগোলিক অবস্থান, জনসংখ্যা, সংস্কারমূলক কার্যকলাপ, শিক্ষা-সংস্কৃতি এবং বিভিন্ন শোষণের শিকার মেদিনীপুর জেলার একটি বিশেষ ঐতিহাসিক প্রেক্ষাপট গড়ে তুলেছিল যা পরবর্তীকালে স্বাধীনতা আন্দোলনে অংশগ্রহণ করার অনুঘটক হিসেবে কাজ করে। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অনুপ্রেরণায় এখানে একাধিক বিদ্যালয় পাঠশালা ও মিশনারি স্কুল প্রতিষ্ঠিত হয়[1] যা এখানে আধুনিক শিক্ষার প্রসারে সহায়তা করেছিল। তাঁর সংস্কার

আন্দোলন এবং নারী শিক্ষা প্রসারে ভূমিকা এখনে গভীরভাবে প্রভাব ফেলেছিল। এর সঙ্গে যুক্ত হয়েছিল ব্রাহ্মসমাজ আন্দোলন, ইংরেজি শিক্ষার প্রসার যা এখানকার তরুণ প্রজন্মকে যুক্তিবাদী এবং জাতীয়তাবাদী করে গড়ে উঠতে সাহায্য করেছিল। সারা দেশের সঙ্গে মেদিনীপুরের কৃষক রাও নানাভাবে শোষিত হতেন। ব্রিটিশের রাজস্ব নীতির সঙ্গে জমিদার এবং মহাজনি শোষণ কৃষক-নিপীড়ন বৃদ্ধি করেছিল। প্রথমদিকে কৃষকরা প্রতিরোধ গড়ে তুললেও গান্ধীর আমলে যখন জাতীয়তাবাদী আন্দোলনে জোয়ার আসে তখন এই সমস্ত কৃষকরা সরাসরি কৃষক আন্দোলনে সামিল হয়। ১৯২০-৩০ এর দশকে কৃষকরা তাদের দাবি দাওয়া নিয়ে বিভিন্ন কৃষক সংঘ ও কৃষক সমিতি গড়ে তোল।[2] মেদিনীপুর জেলায় রাজনৈতিক সক্রিয়তা বৃদ্ধি পাওয়ায় ব্রিটিশ সরকার এখানে নজরদারি বৃদ্ধি করেন। যে সমস্ত সভা সমিতি ব্রিটিশ আন্দোলনে সক্রিয় ভাবে অংশগ্রহণ করে তাদের নিষিদ্ধ করা হয়। ছাত্র শিক্ষক বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান যারা জাতীয়তাবাদী আন্দোলনে সক্রিয়তা দেখায় তাদের নিষিদ্ধ করতে সরকার উদ্যোগী হয়। কিন্তু এর ফল হয় বিপরীত এতে সাধারণ মানুষের মনে ব্রিটিশ বিরোধীতা আরও বেশি সঞ্চারিত হয়। ১৯০৫ সালের বঙ্গভঙ্গ আন্দোলনে মেদিনীপুর জেলা সরাসরি অংশগ্রহণ করে। কাঁথি তমলুক, পাঁশকুড়া, কেশপুর বিভিন্ন অঞ্চলে মেদিনীপুরের বিপ্লবীরা সভা সমিতি মিছিল বয়কট প্রভৃতি আন্দোলনে অংশ গ্রহণ করে। মেদিনীপুর কলেজ ও স্থানীয় বিদ্যালয়গুলিতে ব্রিটিশ বিরোধিতা ছাত্রদের মধ্যে লক্ষ্যনীয় ভাবে চোখে পড়ে। ব্রিটিশ সরকার দমন নীতি গ্রহণ করলে ছাত্ররা গুপ্ত সমিতি গঠনের দিকে মনোনিবেশ করেন। এই সময়ে স্বরাজ, সত্যধনী প্রভৃতি পত্রিকা প্রকাশিত হয়, যেগুলিতে ব্রিটিশ বিরোধী সচেতনতা জনগণের মধ্যে তুলে ধরার চেষ্টা করা হয়।[3] এই সমস্ত ছোট ছোট জাতীয়তাবাদী কাজগুলি একত্রে মিলিত হয়ে একটি বিক্ষুব্ধ ও সক্রিয় বিটিশ বিরোধী প্রেক্ষাপট নির্মাণ করে যার ভিত্তিতে পরবর্তীকালে এই জেলা ভারতের স্বাধীনতা আন্দোলনের গুরুত্বপূর্ণ কেন্দ্র হয়ে উঠতে সমর্থ হয়।

সশস্ত্র বিপ্লবী আন্দোলন–

ভারতের স্বাধীনতা আন্দোলনের ইতিবৃত্তে সশস্ত্র বিপ্লবী আন্দোলন একটি গুরুত্বপূর্ণ অধ্যায়। ১৯০৫ সালে বাংলায় যখন বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন দেখা দেয় তখন যুব সমাজের মধ্যে প্রবাল উন্মাদনা সৃষ্টি হয়, এ সময় তাদের মধ্যে আত্ম বলিদান এর এক নেশা জেগে ওঠে। বাংলার অন্যতম গুপ্ত সমিতি যুগান্তর দলের কার্যকলাপ এই মেদিনীপুর জেলায় শুরু হয় ১৯০৭-৮ খ্রিস্টাব্দে। যদিও এই সমিতি ছিল কলকাতা কেন্দ্রিক তথাপি মেদিনীপুরে এর বহু গুপ্ত শাখা ছিল। কাঁথি, তমলুক, এগরা, কেশপুর প্রভৃতি স্থানে যুগান্তর দলের শক্তিশালী শাখা গড়ে ওঠে। মেদিনীপুর জেলার বহু শিক্ষক ছাত্র আইনজীবী কৃষক এই সংগঠনগুলির সঙ্গে গোপনে যোগাযোগ বজায় রাখে ও তাদের রসদ সরবরাহ করে।[4] এই মেদিনীপুরের হাবিবপুর গ্রামের সন্তান ছিলেন ক্ষুদিরাম বসু, যিনি যুগান্তর দলের একজন অন্যতম সদস্য ছিলেন। শৈশব থেকেই স্বাধীনতার প্রতি তাঁর ছিল অদম্য আগ্রহ, অত্যাচারী ইংরেজ শাসক কিংসফোর্ট কে হত্যা করতে গিয়ে ১৯০৮ সালে বিহারের মুজাফফরপুরে তিনি ধরা পড়েন, পরে তাঁর ফাঁসি হয়। তাঁর আত্ম বলিদান ভারতের যুব সমাজকে গভীর ভাবে নাড়া দিয়েছিল। মেদিনীপুরের বীর সন্তান প্রমাণ করেছিল যে স্বাধীনতা আন্দোলনে যোগদান কোন বয়সের সীমারেখায় বাধা মানে না, মাত্র ১৮ বছর ৮

মাসে তিনি ফাঁসির দড়ি গলায় পড়েন।[5] বাংলার বিপ্লবী আন্দোলনে মেদিনীপুরের বিপ্লবীরা বহু দুঃসাহসীক কর্মকান্ড ঘটিয়েছিলেন। এর মধ্যে ১৯৩২ সালের খেজুরির অস্ত্রাগার লুণ্ঠন অন্যতম। যুগান্তর দলের পরিকল্পিত অভিযান গুলির মধ্যে এটি ছিল একটি প্রধান অভিযান। এখানে বিপ্লবীরা পরিকল্পিত ভাবে পুলিশের অস্ত্রাগারে লুণ্ঠন চালিয়ে বহু অস্ত্রশস্ত্র দখল করে নেয়।[6] বিপ্লবীদের একটা অংশ নারায়নগড় থানা আক্রমণ করে পুলিশের অস্ত্রশস্ত্র ও দলিলপত্র লুট করে। ১৯৩১ সালে মেদিনীপুর শহরের মাঠে ডিসটিক ম্যাজিস্ট্রেট মিস্টার বার্নার্ড ই বার্জ কে বিপ্লবীরা গুলি করে হত্যা করে। এই ঘটনার পিছনে যারা ছিলেন তারা হলেন রামকৃষ্ণ রায়, মণীন্দ্রনাথ নায়েক, অনন্ত সিং প্রমুখ বিপ্লবী। বিপ্লবীদের উদ্দেশ্য ছিল এই ঘটনার মধ্য দিয়ে ব্রিটিশ প্রশাসনকে কাঁপিয়ে দেওয়া এবং স্থানীয় জনগণের মনে ব্রিটিশ বিরোধী মনোভাব জাগানো।[7] এই সমস্ত ঘটনা প্রমাণ করে যে মেদিনীপুরের বিপ্লবীরা শুধু আদর্শ চর্চায় নিমজ্জিত ছিলেন না বরং সশস্ত্র আন্দোলনের দ্বারা তারা ভারতের স্বাধীনতা আন্দোলন কে ত্বরান্বিত করতে চেয়েছিলেন। এই সমস্ত বিপ্লবী যে শেষ পর্যন্ত রক্ষা পেয়ে গিয়েছিলেন তা নয়। এর মধ্যে অনেকেই কারারুদ্ধ হন, দ্বীপান্তরিত হন, কেউবা ফাঁসিতে মৃত্যুবরণ করেন। যেমন মহীন্দ্রনাথ নায়েক এবং রামকৃষ্ণ রায় ফাঁসি কাঠে জীবন উৎসর্গ করেছিলেন।[৮] মেদিনীপুরের বীর বিপ্লবীদের এই আত্মদান সারা দেশকে জাতীয়তাবাদী চেতনায় অনুপ্রাণিত করেছিল। মেদিনীপুরের বিপ্লবী আন্দোলনে যারা যুক্ত হয়েছিলেন তাদের একটা বড় অংশই ছিলেন ছাত্র-ছাত্রী। মেদিনীপুর কলেজ, কাঁথি কলেজ, তমলুক হাই স্কুল প্রভৃতি প্রতিষ্ঠানগুলি ছিল বিপ্লবী ছাত্রদের অন্যতম কেন্দ্র। ছাত্র ও অন্যান্য বিপ্লবীদের সাধারণ মানুষ নানাভাবে সাহায্য করতেন। যেমন অনেককে আশ্রয় দান করতেন, খাদ্য প্রদান করতেন, অর্থ সহযোগিতা করতেন ও অনেক সময় গোপনে সংবাদ সরবরাহ করতেন। এইভাবে মেদিনীপুরে যুগান্তর দল ও বিপ্লবীদের কার্যকলাপ আঞ্চলিক স্তরে জাতীয়তাবাদী চেতনাকে শক্তিশালী করে, বিপ্লবীদের আত্মত্যাগ অনশন আন্দোলনের প্রতীক হয়ে ওঠে ও ব্রিটিশদের শিরপীড়ার কারন হয়ে ওঠে।[9]

গান্ধীয় আন্দোলনে অংশগ্রহণ—

ভারতের স্বাধীনতা আন্দোলনে গান্ধী একটি নতুন পদ্ধতি অনুসরণ করেছিলেন তা হল অহিংস সত্যাগ্রহ আন্দোলন। মেদিনীপুরের জনগণ শুধু যে সশস্ত্র বিপ্লবী আন্দোলনে সক্রিয়তা দেখিয়েছিলেন তা নয়। গান্ধী পরিচালিত অহিংস আন্দোলনের অন্যতম কেন্দ্রস্থল ছিল এই মেদিনীপুর জেলা।[৯] ১৯১৯ থেকে ১৯৪২ খ্রিস্টাব্দ পর্যন্ত গান্ধীজি যে আন্দোলন গুলি পরিচালনা করেছিলেন তার প্রায় সবকটাতেই এই মেদিনীপুরের জনগণ যা আজ পূর্ব মেদিনীপুর ও পশ্চিম মেদিনীপুরে বিভক্ত তারা কোন না কোন ভাবে অংশগ্রহণ করে। মেদিনীপুরের কৃষক শ্রমিক ছাত্র মহিলা সত্যাগ্রহ আন্দোলনে নিবিড় ভাবে অংশগ্রহণ করেন। গান্ধী পরিচালিত ১৯২০ সালের অসহযোগ আন্দোলনের সময় মেদিনীপুরে তার ঢেউ পরিলক্ষিত হয়েছিল। আন্দোলনে সহযোগিতা করার জন্য বহু আইনজীবী এই সময় কাঁথি তমলুক আদালতে না যাওয়ার শপথ গ্রহণ করেছিলেন, শিক্ষার্থীরা ব্রিটিশ শিক্ষা প্রতিষ্ঠান পরিত্যাগ করেছিলেন এবং জাতীয় শিক্ষা প্রতিষ্ঠান গঠনের চেষ্টা হয়েছিল নানা দিক থেকে। কাঁথি তমলুকে গড়ে উঠেছিল নানা শিক্ষাপ্রতিষ্ঠান সেখানে দেশীয় ভাষায়

শিক্ষা দেয়া হয়। মেদিনীপুর কলেজের ছাত্রদের একাংশ কলেজ ত্যাগ করে গ্রামে গ্রামে স্বাধীনতা আন্দোলনের প্রচার চালান।[10] গান্ধীর লবণ সত্যাগ্রহ আন্দোলনের সময় মেদিনীপুরে ব্যাপক প্রতিক্রিয়া সৃষ্টি হয়। কাঁথি পাঁশকুড়া নন্দকুমার দেগঙ্গা প্রভৃতি অঞ্চলের নারী এবং পুরুষেরা দল বেঁধে লবণ তৈরি করে এবং তা বিক্রয় করে। এজন্য ব্রিটিশ সরকার কোনো কোনো সত্যাগ্রহী কে গ্রেফতার করেন। এদের মধ্যে ছিলেন সতীশচন্দ্র সামন্ত, অরুণচন্দ্র কর, চিন্তা হরন হালদার প্রমুখ।[11] গান্ধীর সত্যাগ্রহ আন্দোলনের একটি বিশেষ বিষয় হল যে, এতে নারীদের বিশেষ ভাবে অংশগ্রহণ করতে দেখা গিয়েছিল। অসহযোগ, আইন অমান্য এবং ভারত ছাড়ো আন্দোলনে মেদিনীপুর জেলার নারীদের বিশেষভাবে অংশগ্রহণ দেখা গিয়েছিল। মেদিনীপুরের বিশাল সংখ্যোক মহিলা গ্রামীন এলাকা থেকে স্বেচ্ছায় আন্দোলনে অংশগ্রহণ করেছিলেন। এর মধ্যে যার নাম সবার আগে উল্লেখ করা যায় তিনি হলেন মাতঙ্গিনী হাজরা। যিনি গান্ধীর অহিংস আদর্শে অনুপ্রাণিত হয়ে ১৯৪২ সালে ভারত ছাড়ো আন্দোলনে অংশগ্রহণ করেন। তমলুকে ব্রিটিশের বিরুদ্ধে আন্দোলন পরিচালনা করতে গিয়ে তিনি গুলিতে নিহত হন। স্বাধীনতার সংগ্রামে তাঁর আত্ম ত্যাগ মেদিনীপুরের নারীদের যেমন অনুপ্রাণিত করেছে তেমনি জাতীয়তাবাদী আন্দোলনে একটি গুরুত্বপূর্ণ দৃষ্টান্ত হয়ে আছে। মাতঙ্গিনীর পাশাপাশি নানা নাম না জানা মহিলা এই আন্দোলনে অংশগ্রহণ করেছিলেন এবং তারা শেষ পর্যন্ত জেলও খেটেছেন। ১৯৪২ খ্রিস্টাব্দের ভারতছাড়ো আন্দোলনের সময়ে ভারতবর্ষের গুটিকতক জায়গায় যে প্যারালাল সরকার গড়ে উঠেছিল। তার মধ্যে স্থান করে নিয়েছিল এই মেদিনীপুরের তমলুক জাতীয় সরকার। ১৯৪২ খ্রিস্টাব্দের 17 ই নভেম্বর তমলুক মহকুমায় তাম্রলিপ্ত জাতীয় সরকার গঠিত হয়। এই সরকার ব্রিটিশ শাসন কে সম্পূর্ণভাবে উপেক্ষা করে আলাদাভাবে নিজেরা শাসন পরিচালনা করতে শুরু করে। এক বছর ধরে এই সরকার পরিচালিত হয়, স্থানীয় জনগনের কাছ থেকে কর আদায় করে, বিদ্যালয় পরিচালনা করে এবং গ্রাম রক্ষা বাহিনী গঠন করে। বিপন্নদের খাদ্য বন্টন, ন্যায়বিচার প্রদান প্রভৃতি কাজ পরিচালনা করে এই সরকার। এই সময় ব্রিটিশ শাসন ব্যবস্থা কার্যত অচল হয়ে পড়েছিল। তমলুক জাতীয় সরকারের প্রধান ছিলেন সত্যেন বসু, সতীশ চন্দ্র সামন্ত প্রমুখ। এটি প্রমান করে যে, ভারতের জনগন নিজেরাই নিজেদের শাসন পরিচালনা করতে সক্ষম। এই সময় সারা দেশের সঙ্গে মেদিনীপুরের গ্রামগুলিও জেগে ওঠে। ভিন্ন অঞ্চলের গ্রামবাসীরা ব্রিটিশ পণ্য বর্জন করে, স্বদেশী দ্রব্য ব্যবহার করে, সভা সমিতি করতে থাকে, মিছিল করে এবং পিকেটিং এ অংশগ্রহণ করে। পাঁশকুড়া, কেশপুর, খেজুরী প্রভৃতি স্থানে আন্দোলনকারীরা ব্রিটিশ বিরোধি সচেতনতা গড়ে তোলার জন্য পথসভা, নাটিকা প্রভৃতি পরিচালনা করতে থাকেন।[12] এইভাবে মেদিনীপুরের সত্যাগ্রহীদের নানা কার্যকলাপ শুধু মাত্র রাজনৈতিক কর্মসূচি হয়ে ওঠেনি, তা আত্ম-স্বর্গের চেতনায় আন্দোলনকে বিশিষ্টতা দান করেছিল। শহীদ মাতঙ্গিনীর আত্মত্যাগ, তমলুক জাতীয় সরকারের দৃপ্ত পদক্ষেপ, মহিলা ও গ্রামবাসীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ভারতের স্বাধীনতা আন্দোলনে মেদিনীপুর জেলাকে এক অনন্য স্থান দান করেছে এবং পাশাপাশি জাতীয় আন্দোলনকে পুষ্ট ও বিকশিত করেছে।

কৃষক ও আদিবাসি বিদ্রোহ–

ব্রিটিশ শাসনের বিরুদ্ধে ভারতবর্ষে প্রাথমিক প্রতিরোধ এসেছিল কৃষক এবং

উপজাতি শ্রেণীর মধ্য থেকে। এক্ষেত্রেও মেদিনীপুর জেলা পিছিয়ে ছিল না। পরবর্তীকালে কৃষক আন্দোলন হলেও প্রাথমিক পর্বে এগুলি ব্রিটশের বিরুদ্ধে কৃষক প্রতিরোধ হিসাবে গড়ে ওঠে। এমন একটি কৃষক বিদ্রোহ ছিল মেদিনীপুরের চুয়ার বিদ্রোহ। ১৭৬৬ খ্রিস্টাব্দে থেকে শুরু করে ১৮০৯ খ্রিষ্টাব্দ পর্যন্ত এই বিদ্রোহ অব্যাহত ছিল। স্থানীয় উপজাতি ভুমিজ, কোরা, মুন্ডা এবং চাষিরা জমিদার ও ব্রিটিশ সরকারের বর্ধিত রাজস্বের বিরুদ্ধে এই আন্দোলন গড়ে তোলেন। স্থানীয় রাজা দুর্জন সিং, লাল সিং, রঘুনাথ মাহাতো এই আন্দোলনে নেতৃত্ব দেন। ব্রিটিশ সরকার ১৩০০ সেনা প্রেরণ করে এই আন্দোলন কে দমন করেন। মেদিনীপুরে ব্রিটিশ আমলে জমিদার এবং ব্রিটিশ প্রশাসনের যৌথ শোষণের বিরুদ্ধে ১৯৩০ এর দশকে বর্গা চাষী আন্দোলন ও জোতদার বিরোধী আন্দোলন প্রকট হয়ে উঠেছিল। আন্দোলনকারীরা জমি সংস্কার, উচ্চ হারে খাজনা বাতিল, জমির মালিকানা দাবি ইত্যাদি শর্ত তুলে ধরেছিল। যে কিষান সভা এই আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন তার সঙ্গে যুক্ত ছিলেন মেদিনীপুরের হিমাঙ্গ বিশ্বাস, বিপ্লবী রামকৃষ্ণ বিশ্বাস প্রমুখ। স্থানীয় চাষিরা ঐ আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন এবং পুলিশ নিপীড়নের শিকার হন। বহু পূর্ব থেকেই মেদিনীপুরের আদিবাসী সম্প্রদায় বন এবং জমি রক্ষার জন্য আন্দোলন গড়ে তুলেছিল, এই আন্দোলনের গুরুত্বপূর্ণ কেন্দ্র ছিল ঝাড়গ্রাম গড়বেতা লালগড় প্রভৃতি অঞ্চল, আর আন্দোলন গড়ে তোলায় মুখ্য ভূমিকা গ্রহণ করেছিলেন মুন্ডা সাঁওতাল কুর্মী প্রভৃতি আদিবাসী সম্প্রদায়। এ সময় আদিবাসী এবং উপজাতি সম্প্রদায় যে আন্দোলন গড়ে তুলেছিলেন তাদের মূল দাবি ছিল জমির উপর তাদেরকে মালিকানা দিতে হবে, বনজ সম্পদের উপর অধিকার দিতে হবে, শিক্ষা স্বাস্থ্য ক্ষেত্রে সরকার যে অবহেলা করছে তার প্রতিকার করতে হবে ইত্যাদি।[13] ১৯৩০ থেকে ৪০ এর দশক পর্যন্ত এই আন্দোলন জাতীয় আন্দোলনে যথেষ্ট পুষ্টি জুগিয়ে ছিল। সুতরাং এই উপজাতীয় আন্দোলন গুলি যে সামাজিক অর্থনৈতিক শোষনের বিরুদ্ধে প্রতিবাদ ছিল তা নয় বরং এগুলি পরবর্তীকালের ভারতের স্বাধীনতা আন্দোলনে একটা শক্তিশালী মনস্তাত্ত্বিক ভিত্তি রচনা করেছিল।

শিক্ষাপ্রতিষ্ঠান ও মুদ্রণ চর্চা—

মহাকবি বাণেশ্বর বিদ্যালঙ্কার ছিলেন এক অনন্য আলোকবর্তিকা, যাঁর কাব্য ও পাণ্ডিত্যসমৃদ্ধ সাহিত্য এক যুগের সমাজ, সংস্কৃতি ও চিন্তাধারার অপূর্ব প্রতিফলন। শিল্প, ইতিহাস ও ধর্মের সুষম মেলবন্ধনে রচিত তাঁর রচনা সাহিত্যজগতে এক অসাধারণ দৃষ্টান্ত স্থাপন করেছে। সাহিত্যের বহু শাখায় স্বাধীন বিচরণ ও সৃষ্টিশীলতা প্রদর্শন করে তিনি বহুমাত্রিক রচনা শৈলীর এক বিরল প্রতিভা হিসেবে আবির্ভূত হয়েছেন।

শ্রুতি, স্মৃতি, পুরাণ, দর্শন, সংগীত, ছন্দ, ব্যাকরণ ও রাজনীতিশাস্ত্র—এসব বিদ্যার পরিধিতে তাঁর নিপুণ অভিজ্ঞান ও স্বচ্ছন্দ বিচরণশীলতা স্পষ্ট প্রতীয়মান হয়। ভাবের গভীরতা, শব্দচয়নের নিপুণতা, ছন্দের সুষমা এবং চিরন্তন সৌন্দর্যের অনবদ্য চিত্রায়ণে কবি বাণেশ্বর বিদ্যালঙ্কার ভট্টাচার্য বাংলার কবিতার মহাসমুদ্রে মৃত্যুঞ্জয়ী এক দীপ্তিমান নক্ষত্ররূপে অমর হয়ে আছেন।

বিস্মৃতির ধূসর কুয়াশা পেরিয়ে, আজ আবার জেগে ওঠে বাণেশ্বর বিদ্যালঙ্কারের অমর প্রতিভার দীপশিখা। অতীতের ধুলোমাখা পুঁথির ভাঁজ থেকে ভেসে আসে বাণেশ্বর বিদ্যালঙ্কারের অক্ষয় শব্দধ্বনি। তিনি কেবল রাজসভা অলংকৃত কবি নন—তিনি ছিলেন চিন্তা ও সংস্কৃতির এক উজ্জ্বল নক্ষত্র, যাঁর আলো একদিন নদীয়া থেকে উড়িষ্যা, কলকাতা থেকে বর্ধমান—সবখানে ছড়িয়ে পড়েছিল। কালচক্রের নির্দয় ঘূর্ণিতে হারিয়ে গিয়েছিল বাণেশ্বর বিদ্যালঙ্কারের অমলিন নাম।

আজ যখন বাংলা ও সংস্কৃত সাহিত্য এক নতুন দিগন্তের দিকে অগ্রসর হচ্ছে, তখন বাণেশ্বরের পুনরাবিষ্কার মানে কেবল অতীতের প্রতি শ্রদ্ধা নয়, ভবিষ্যতের প্রতি অঙ্গীকার। বিস্মৃতপ্রায় এই মহাকবিকে ফিরিয়ে আনা মানে আমাদের সাহিত্যিক ঐতিহ্যের মূলে নতুন জলসিঞ্চন—যা আবারও ফুটিয়ে তুলবে সৃষ্টির অক্ষয় পুষ্প।

বিস্মৃতির গহ্বর ভেদ করে যখন আলো জ্বলে ওঠে, তখনই ইতিহাস নতুন করে লেখা হয়—আর বাণেশ্বরের নাম সেই ইতিহাসের সোনালি অক্ষরে খোদাই হয়ে থাকবে। বাণেশ্বরের পুনর্জাগরণই হবে আগামী দিনের সাহিত্য রেনেসাঁসের প্রথম প্রভাতরেখা। বাণেশ্বর তাই শুধু অতীতের গর্ব নন, তিনি আমাদের বর্তমানের প্রেরণা, আর আগামী

দিনের পথপ্রদর্শক। তাঁর আলোকরেখা আমাদের সাহিত্য আকাশে জ্বলে থাকবে যুগ যুগান্তর।

Bibliography

- শ্রী রামচরণ চক্রবর্তী , চিত্রচম্পূ, বারাণসী, ১৮৬২ শকাব্দ।
- শ্রী কালীময় ঘটক, চরিতাষ্টক, শ্রীযুক্ত এইচ এম মুখোপাধ্যায় এবং কোম্পানি, সন ১২৮৯
- হরিচরণ বন্দ্যোপাধ্যায়, সংস্কৃত সাহিত্যের ইতিবৃত্ত, কলকাতা: বিশ্বভারতী, ১৯৫০
- A Code of Gentoo Laws, Translated by Nathaniel Halhed, London: 1776
- বিভূতিভূষণ ভট্টাচার্য, নবদ্বীপের সভাকবিগণ, ১৯৪৭
- কালিকানন্দ তর্কভূষণ, বাঙলার সংস্কৃত পণ্ডিত সমাজ, কলকাতা বিশ্ববিদ্যালয় প্রকাশনা
- শ্যামসুন্দর ভট্টাচার্য, বর্ণনার শিল্প ও বাণেশ্বর বিদ্যালঙ্কার, ১৯৬৪

Journal

- শ্রী উমেশ চন্দ্র ভট্টাচার্য, সাহিত্য পরিষদ পত্রিকা, ৪৯ বর্ষ, দ্বিতীয় সংখ্যা, ১৩৪৯

——

আচার্য মনু বিরচিত মনুসংহিতায় বর্ণ ও জাতির স্বরূপ

Sukanta Ghosh
Research Scholar
Visva Bharati University
Bolpur, West Bengal, India
Email: sukantavb1995@gmail.com

Abstract: আচার্য মনু 'মনুসংহিতা' নামক স্মৃতিশাস্ত্র গ্রন্থটি রচনা করেন। স্মৃতিশাস্ত্রটি বারোটি অধ্যায়ে বিভক্ত, যেখানে তিনি সৃষ্টিতত্ত্ব থেকে আরম্ভ করে বিভিন্ন বিষয় আলোচনা করেছেন। তাঁর মধ্যে দশম অধ্যায়ে গুণ ও কর্মের উপর ভিত্তি করে মনুর মতানুসারে চতুর্বর্ণ বর্ণব্যবস্থার ও তাঁর থেকে উৎপন্ন বিভিন্ন জাতির স্বরূপ বিশ্লেষণ করাই আমার নিবন্ধের আলোচ্য প্রতিপাদ্য বিষয়।

Keywords: জাতি, বর্ণ, মনু, স্মৃতি, মনুসংহিতা।

ভূমিকা—

আচার্য মনু আনুমানিক খ্রিস্টপূর্ব দ্বিতীয় শতক হইতে খ্রিস্টীয় দ্বিতীয় শতকের মধ্যে 'মনুসংহিতা' নামক গ্রন্থটি রচনা করেন। গ্রন্থটি স্মৃতিশাস্ত্র, ধর্মশাস্ত্র অথবা মানবধর্মশাস্ত্র নামেও পরিচিত। সমগ্র 'মনুসংহিতা' স্মৃতি শাস্ত্র গ্রন্থটি ১২ টি অধ্যায়ের বিভক্ত,অনুষ্টুপ্ ছন্দ এবং ২৬৯৫টি শ্লোকবিশিষ্ট যা ভারতীয় সমাজ জীবনের সাথে সর্বত্রই ওতপ্রোতভাবে জড়িত।

মনুর মতে বর্ণ ও জাতির স্বরূপ —

মনুসংহিতায় আচার্য মনু জন্মগত জাতি ব্যবস্থার কথা উল্লেখ করেননি। তিনি গুণ ও কর্মের উপর ভিত্তি করেই সমাজে বর্ণ ব্যবস্থা প্রতিষ্ঠার কথা বলেছেন। 'বর্ণ' শব্দটি বৃঞ ধাতু থেকে উৎপত্তি হয়েছে যার অর্থ হলো- চয়ন অথবা নির্ধারণ করা। গুণ ও কর্মের উপর ভিত্তি করেই আচার্য মনু বর্ণ নির্ধারণ করার চেষ্টা করেছেন। তিনি মনুসংহিতার প্রথম অধ্যায় ৩১ নং শ্লোকে চতুর্বর্ণের কথা উল্লেখ করেছেন—

লোকানাং তু বিবৃদ্ধ্যর্থং মুখবাহূরুপাদতঃ।
ব্রাহ্মণং ক্ষত্রিয়ং বৈশ্যং শূদ্রঞ্চ নিরবর্তয়ৎ॥

অর্থাৎ, পৃথিব্যাদির লোক সকলে সমৃদ্ধি কামনায় পরমেশ্বর নিজের মুখ থেকে ব্রাহ্মণ, বাহু থেকে ক্ষত্রিয়, উরু থেকে বৈশ্য এবং পা থেকে শূদ্র এই চারটি বর্ণ সৃষ্টি করলেন।

এই চতুর্বর্ণের মধ্যে প্রথম তিনটি বর্ণকে 'দ্বিজাতি' আখ্যা দেওয়া হয়। কারণ,মাতৃগর্ভ থেকে এক প্রকার জন্ম হওয়ার পর উপনয়ন সংস্কারবিধির মাধ্যমে দ্বিতীয় জন্ম হয়। আর শূদ্ররা 'একজাতি' কারণ এদের উপনয়নরূপ সংস্কার বিধি নেই। উল্লেখিত চতুর্বর্ণ ছাড়া আচার্য মনু পঞ্চম কোন বর্ণ স্বীকার করেন না।[1]

ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যস্ত্রয়ো বর্ণা দ্বিজাতয়ঃ।
চতুর্থ একজাতিস্তু শূদ্র নাস্তি তু পঞ্চমঃ॥১॥

যদিও এই চতুরবর্ণের উল্লেখ বহুকাল পূর্বেই ঋগ্বেদের দশম মন্ডলের পুরুষসূক্তে

উল্লেখ উক্ত হয়েছে। যেখানে 'বর্ণ' বিষয়ের প্রথম উল্লেখ পাওয়া যায়।[২]

ব্রাহ্মণোহস্য মুখমাসীদ্ বাহূ রাজন্যঃ কৃতঃ।
ঊরূ তদস্য যদ্বৈস্যঃ পড্যাং শূদ্রো অজায়ত।।২।।

গুণ ও কর্মের ভিত্তিতে ভগবান শ্রীকৃষ্ণ শ্রীমদ্ভাগবতগীতায় চতুর্থ অধ্যায়ে ১৩ নং শ্লোকে চতুর বর্ণের সৃষ্টি করেছেন—

চাতুর্বণ্যং ময়া সৃষ্টং গুনকর্মবিভাগশঃ।
তস্য কর্তারমপি মাং বিদ্ধ্যকর্তারমব্যয়ম্।।

এছাড়া আচার্য মনু আরোও বলেছেন যে, গুণ ও কর্মের ভিত্তিতে ব্রাহ্মণ শূদ্র হতে পারে আবার শুদ্রও ব্রাহ্মণত্ব লাভ করতে পারে। একইভাবে ক্ষত্রিয়ও বৈশ্য এবং বৈশ্যও নিজ নিজ গুণ ও কর্মের দ্বারা বর্ণ পরিবর্তন করতে সক্ষম ছিল।[৩]

মনুসংহিতায় মনু বর্ণিত চতুর্বর্ণের বাইরেও বহু সম্প্রদায়ের উল্লেখ পাওয়া যায়। যদিও মনু এদের চতুর্বর্ণের মধ্যে অন্তর্ভুক্ত করেননি কারণ তার শাস্ত্র নির্দিষ্ট কোন বিধিবৎ আচার -আচরণ এবং সংস্কার বিধি মেনে চলত না। তাই মনু এদের অন্ত্যজ বলে উল্লেখ করেছেন। এই সময় অসবর্ণ বিবাহের রীতির প্রচলন শুরু হয়েছিল এবং তা থেকে বহু অনুলোম[৪] ও প্রতিলম বিবাহের[৫] ফলে অনেক সঙ্করজাতির উদ্ভব ঘটেছিল। তিনি মনুসংহিতার দশম অধ্যায়ে প্রায় পঞ্চাশটিরও বেশি সংকর জাতির স্বরূপ পর্যায়ক্রমে বর্ণনা করেছেন।

তিনি বলেছেন, ব্রাহ্মণ দ্বারা বৈশ্যাতে উৎপাদিত 'অম্বষ্ঠ বা ভৃজ্যকণ্ঠ' নামে সন্তান জন্মে এবং শূদ্রাতে উৎপাদিত সন্তান 'নিষাদ বা পারশব, নামে কথিত হয়।[৬] এরপর ক্ষত্রিয় থেকে শূদ্রাতে উৎপন্ন সন্তান ক্রুরচার ও কুরুকর্মরত ক্ষত্রিয় ও শুদ্র স্বভাব 'উগ্র' নামক পুত্র জন্মে।[৭] ব্রাহ্মণের (ক্ষত্রিয়াদি) তিন বর্ণে,ক্ষত্রিয়ের দুই (বৈশ্য ও শূদ্র) বর্ণে ও বৈশ্যের এক (শূদ্র) বর্ণে জাত—এই ছয়জন 'অপসদ' নামে অনুলোম-সঙ্কর জাতির কথা স্মৃতিমধ্যে উল্লেখিত রয়েছে।[৮]

অতঃপর ব্রাহ্মণীতে ক্ষত্রিয় দ্বারা উৎপাদিত পুত্র জাতিতে হয় 'সূত',বৈশ্য দ্বারা ক্ষত্রিয়াতে হয় 'মগধ', এবং বৈশ্য দ্বারা ব্রাহ্মণীতে 'বৈদহ' জাতির সৃষ্টি হয়।[৯] এরপর শূদ্র দ্বারা বৈশ্য জাত সন্তান হয় 'আয়োগব' ক্ষত্রিয়জাত হয় 'ক্ষত্তা' এবং ব্রাহ্মণী জাত হয় 'চন্ডাল' জাতি।[১০] শূদ্র দ্বাড়া সৃষ্ট বৈশ্যা, ক্ষত্রিয় ও ব্রাহ্মণীতে যেসব সন্তান হয় তারা প্রতিলোম বর্ণ সংস্কার জাতি হয়। এছাড়াও ব্রাহ্মণ দ্বারা উগাতে আবৃত নামক সন্তান অম্বষ্ঠায় 'আভীর' এবং আয়োগবীতে 'বিগ্ গন' সংঙ্গক পুত্র জন্মে।[১১] অতঃপর শূদ্রদ্বারা প্রতিলম ক্রমে অর্থাৎ বৈশ্যা,ক্ষত্রিয়া ও ব্রাহ্মণী নারীতে যথাক্রমে আয়োগব,ক্ষত্তা ও নরাধম চন্ডাল- এই তিনটি অবসাদ পুত্র জন্মে।[১২] এরপর বৈশ্য দ্বারা ক্ষত্রিয়াতে জাত 'মগধ', ব্রাহ্মণীতে 'বৈদেহ' এবং ক্ষত্রিয় দ্বারা ব্রাহ্মণীতে 'সূত'—এই তিনটি সঙ্করজাতীয় অপসদ প্রতিলমক্রমে জন্মে। এছাড়াও পুক্কস,কুক্কুট,শ্বপাক,বেন প্রভৃতি শঙ্কর জাতির কথা উল্লেখ করেছেন।[১৩] তিনি ভূর্জকন্টক, অবন্ত, বাটধান, পুষ্পধ, শৈখ, ঝল্ল, স্ল্ল, নিচ্ছিবি, নট, করন, খস, দ্রবিড়, সুধন্বা, আচার্য, কারূষ, বিজন্না, মৈত্র এবং সাত্বত প্রবৃত্তি ব্রাত্য সংজ্ঞায় অভিহিত জাতির কথা বর্ণনা করেছে।[১৪] এছাড়া সৈরন্ধ, মৈত্রেয়ক, কারাবর, পান্ডুসোপাক, আহিন্ডিক, সোপাক, অন্তাবসায়ী এবং মদন্ত প্রভৃতি বর্ণ সঙ্কর জাতির উৎপত্তি তাঁর গ্রন্থে সুন্দরভাবে উপস্থাপন করেছেন। তিনি চতুর্বর্ণের বহির্ভূত যে সমস্ত জাতির কথা উল্লেখ করেছেন তাঁদের সকলকেই 'দস্যু' নামে আখ্যায়িত করেছেন।[১৫]

মুখবাহূরুপজ্জানাং যা লোকে জাতয়ো বহিঃ।
ম্লেচ্ছবাচশ্চার্য্যবাচঃ সর্বে তে দস্যবঃ স্মৃতাঃ॥

উপসংহার—

সুতরাং পরিশেষে বলা যায় যে,মনু উল্লেখিত বর্ণ ব্যবস্থা গুন ও কর্মের উপর ভিত্তি করে স্থাপিত হলেও কালক্রমে অবশ্যই এর ধারণা পরিবর্তিত হয়ে বর্তমান সময়ে জন্মই জাতিভেদ নির্ণায়ক রূপে সমাজে প্রতিষ্ঠা লাভ করেছে।

Endnotes

১) ব্রাহ্মণঃক্ষত্রিয়োবৈশ্যস্ত্রয়োবর্ণাদ্বিজাতয়ঃ।
চতুর্থএকজাতিস্তুশূদ্রনাস্তিতুপঞ্চমঃ॥ (মনুসংহিতা১০/৪)

২) ব্রাহ্মনোহস্যসুখমাসীদবাহূরাজন্যঃকৃতঃ।
উরূতদস্যযদ্বৈস্যঃপড্যাংশূদ্রোআজায়ত॥ (পুরুষসূক্ত-১২)

৩) শূদ্রোব্রাহ্মণতামেতিব্রাহ্মণচেতিশূদ্রতাম্।
ক্ষত্রিয়াজ্জাতমেবেন্তুবিদ্যাদ্বৈশ্যাত্তথৈবচ॥ (মনুসংহিতা-১০/৬৫)

৪) উচ্চবর্ণের পুরুষের সঙ্গে নিম্নবর্ণের নারীর বিবাহ বন্ধনে আবদ্ধ হলে তাকে অনুলোম বিবাহ বলে।

৫) নিম্নবর্ণের পুরুষের সঙ্গে উচ্চবর্ণের নারীর বিবাহ বন্ধনকে প্রতিলোম বিবাহ বলে।

৬) ব্রাহ্মনাদ্বৈস্যকন্যায়ামম্বষ্ঠোনামজায়তে।
নিষাদঃশূদ্রকন্যায়াংযঃপরাসবউচ্যতে॥ (মনুসংহিতা -১০/৮)

৭) ক্ষত্রিয়াচ্ছুদ্রকন্যায়াং ক্রুরাচারবিহারবান্।
ক্ষত্রশূদ্রবপুর্জন্তুরুগ্রো নাম প্রজায়তে॥ মনুসংহিতা- ১০/৯

৮) বিপ্রস্য ত্রিষু বর্ণেষু নৃপতের্বর্ণর্দ্বয়োঃ।
বৈশ্যস্য বর্ণে চৈকস্মিন্ ষড়েতেঅপসদাঃ স্মৃতাঃ॥ মনুসংহিতা- ১০/১০

৯) ক্ষত্রিয়াদ্বিপ্রকন্যায়াং সূতো ভবতি জাতিতঃ।
বৈশ্যান্মাগধবৈদেহৌ রাজবিপ্রাঙ্গনাসুতৌ॥ মনুসংহিতা- ১০/১১

১০) শূদ্রাদায়োগবঃ ক্ষত্তা চাণ্ডালশ্চাধমো নৃণাম্।
বৈশ্যরাজন্যবিপ্রাসু জায়ন্তে বর্ণসঙ্করাঃ॥ মনুসংহিতা- ১০/১২

১১) ব্রাহ্মণাদুগ্রকন্যায়ামাবৃতো নাম জায়তে।
আভীরোঅম্বষ্ঠকন্যায়ামায়োগব্যান্তু ধিগ্বণঃ॥ মনুসংহিতা- ১০/১৫

১২) আয়োগবশ্চ ক্ষত্তা চ চাণ্ডালশ্চাধমো নৃণাম্।
প্রাতিলোম্যেন জায়ন্তে শূদ্রাদপসদাস্ত্রয়ঃ॥ মনুসংহিতা- ১০/১৬

১৩) জাতো নিষাদাচ্ছুদ্রায়াং জাত্যা ভবতি পুক্কসঃ।
শূদ্রাজ্জাতো নিষাদ্যান্তু স বৈ কুক্কুটকঃ স্মৃতঃ॥ মনুসংহিতা- ১০/১৮

১৪) মনুসংহিতা- ১০/২২,২৩

১৫) মুখবাহূরুপজ্জানাং যা লোকে জাতয়ো বহিঃ।
ম্লেচ্ছবাচশ্চার্য্যবাচঃ সর্বে তে দস্যবঃ স্মৃতাঃ॥ মনুসংহিতা- ১০/৪৫

Bibliography

- বন্দ্যোপাধ্যায়, মানবেন্দু, মনুসংহিতা; সংস্কৃত পুস্তক ভান্ডার, কলকাতা; ১৪১৯।
- মন্ডল, বিশ্বরূপ, মন্ডল, সুমনা, বেদ বিচিন্তা; সংস্কৃত বুক ডিপো, কলকাতা; ২০১৯।
- স্বামী, এ.সি.ভক্তিবেদান্ত, শ্রীমদ্ভাগবতগীতা যথাযথ; ভক্তিবেদান্ত বুক ট্রাস্ট, নদীয়া; ২০২১।
- পাহাড়ি, অন্নদাশঙ্কর, মনুসংহিতা; সংস্কৃত বুক ডিপো, কলকাতা; ২০১২।

বাংলা মঙ্গলকাব্যে নিম্নবর্গের স্বরূপ সন্ধান

Dr. Imran Ali Munshi
Dept. of Bengali, Vivekananda College
Madhyagram, West Bengal, India
Email: imranalimunshi89@gmail.com

Abstract: তুর্কী আক্রমণ, পৌরাণিক ও লৌকিক সংস্কৃতির সমন্বয় ও হিন্দুধর্মের অবক্ষয় রোধের সামাজিক প্রেক্ষাপটে মঙ্গলকাব্যের সৃষ্টি। কিন্তু বেশীর ভাগ মঙ্গলকাব্যের দেব-দেবীরা হলেন নিম্নবর্গের এবং তারা উচ্চবর্গের মানুষের কাছে পূজা ভিক্ষা করেছেন। যেমন মনসামঙ্গল কব্যে নিম্নবর্গের দেবী মনসা উচ্চবর্ণের মানুষ চাঁদ সদাগরের কাছে পূজা ভিক্ষা করেছেন। মনসাকে শেষ পর্যন্ত চাঁদ পুজার ফুল দিলেও তার মধ্যে লুকিয়ে ছিল কত ঘৃণা, কত ক্ষোভ। আসলে দেবী ও মানুষের এই লড়াই স্পষ্ট বুঝিয়ে দেয় দীর্ঘদিন ধরে চলেতে থাকা শ্রেণী বৈশম্যকে। তবে একথা আমাদের স্বীকার করতেই হবে যে উচ্চবর্গ ও নিম্নবর্গের এক হবার ইতিহাস লুকিয়ে আছে মঙ্গলকব্যগুলির মধ্যে।

মঙ্গলকাব্যের উৎপত্তির ইতিহাস যেমন মানুষের জীবন সমস্যা থেকে উঠে আসা, তেমনি এর কাহিনি বয়নের মধ্যেও রয়েছে জীবন সমস্যার কথা। এরা নিম্নবর্গের মানুষ। মূলস্রোত থেকে বিচ্ছিন্ন মানুষ। যেমন ছোটনাগপুরের অন্তর্গত রাঁচি জেলায় ওরাও নামক আদিম জাতির মধ্যে সর্পদেবীরূপে ‘মনসা’র নাম শুনতে পাওয়া যায়। চণ্ডীমঙ্গল কাব্যের আখেটিক খণ্ডে নিম্নবর্গের মানুষের আচার-আচরণ সম্বন্ধে অবগত হওয়া যায়। ধর্মমঙ্গল কাব্যে বৃত্তিজীবী নিম্নবর্গের মানুষের উল্লেখ পাওয়া যায়। শিবায়নের কাহিনিতে নিম্নবর্গের জীবন যাত্রার দু’ধরনের চিত্র রূপায়িত হয়েছে। এর মধ্যে একটি ধরন হল চিরায়িত কৃষিনির্ভর গ্রাম্যজীবনযাত্রা। অন্যটি কৃষকের স্বাচ্ছন্দ্যকে নষ্ট করেছে। যেমন শিব যখন ইন্দ্রের কাছ থেকে জমি আর কুবেরের কাছ থেকে বীজধান ধার করেছেন, সেই সময় শর্ত করিয়ে নিচ্ছেন। এখানে জমিদার কর্তৃক প্রজাদের ঠকিয়ে নেওয়ার যে রীতি, সে ব্যাপারে ইঙ্গিত রয়েছে। অন্নদামঙ্গল কাব্যের দেবতা স্বয়ং অন্নদান করে থাকেন। সেই অর্থে নিম্নবর্গের সমাজ থেকে উঠে আসা দেবী ইনি নন। তবে অন্নদার মর্ত্যে পূজা প্রচারের জন্য যে দুজনকে স্বর্গ থেকে অভিশাপ দিয়ে পাঠিয়েছেন, তারা নিম্নবর্গের সমাজেই উপনীত হয়েছে এবং অন্নদার আশীর্বাদে তাদের উত্তরণ ঘটেছে। আসলে প্রতিটা মঙ্গলকাব্যে কোনও না কোন ভাবে নিম্নবর্গের দেবতা ও মানুষের উত্তরণের একটা বৃহত্তর জায়গা রয়েছে। তবু মধ্যযুগের মঙ্গলকাব্যে দৈবমহিমা প্রচার ও ধর্মকেন্দ্রিক সাহিত্যে নিম্নবর্গের এই উত্তরণের ভাবনা যথেষ্ট গুরুত্বপূর্ণ বিষয়।

Keywords: নিম্নবর্গ, বৃত্তি, আর্য-অনার্য, সমাজ, দৈবমহিমা।

খ্রিস্টীয় ত্রয়োদশ থেকে শুরু করে, অষ্টাদশ শতাব্দীর কবি ভারতচন্দ্রের কাল পর্যন্ত বাংলাদেশে প্রচলিত ধর্মবিষয়ক আখ্যানকাব্য হল মঙ্গলকাব্য। অনেকে আবার বলেছেন মঙ্গলকাব্যগুলি রচিত হয়েছে পঞ্চদশ থেকে অষ্টাদশ শতাব্দী পর্যন্ত চারশো বছর ধরে। তবে একথা ঠিক মঙ্গলকাব্যগুলির কাহিনি পঞ্চদশ শতকের আগেই বাংলাদেশে লোকের মুখে

মুখে প্রচলিত ছিল। আশুতোষ ভট্টাচার্যের মতে মঙ্গলকাব্যের সময়-সীমা খ্রিস্টীয় ত্রয়োদশ শতাব্দী থেকে অষ্টাদশ শতাব্দীতে কবি ভারতচন্দ্রের কাল পর্যন্ত। মঙ্গলকাব্য বিশেষ শ্রেণীর ধর্মবিষয়ক আখ্যানকাব্য। এক কথায় বলা যেতে পারে মধ্য যুগে লৌকিক দেবদেবীকে নিয়ে তাদের মাহাত্ম্যসূচক যেসব আখ্যানধর্মী কাব্য রচিত হয়েছে, তাদের মঙ্গলকাব্য বলে। আর্য ও অনার্য সংস্কৃতির মিলনের বাহনরূপে মধ্য যুগে মঙ্গলকাব্যগুলির উদ্ভব ও বিকাশ হয়েছে। আর্য সংস্কৃতির বাহন হিসাবে পুরাণের প্রভাব যেমন এসেছে, তেমনি এসেছে আদিম অনার্য সভ্যতার মানুষের লোকবিশ্বাস।

আর্য-অনার্য সম্মিলিত হওয়ার প্রচেষ্টা রয়ে গেছে মঙ্গলকাব্য রচনার মূলে। আসলে মধ্যযুগের বাংলা সাহিত্যের প্রায় অনেকটা সময় জুড়ে রয়েছে মঙ্গলকাব্য। সেই সময়কার রাজনৈতিক পালাবদল, সমাজ পরিস্থিতি, সমাজের বিভিন্ন স্তরের মানুষের জীবনযাত্রা--- এই বৃহত্তর চলমান ইতিহাসের ছেঁড়া ছেঁড়া সূত্রগুলি মঙ্গলকাব্যের কাহিনি অংশের চলনের সঙ্গে সঙ্গে গাঁথা হয়ে গেছে। সেই সঙ্গে রয়েছে এর উৎপত্তিকালীন ইতিহাস; যে ইতিহাসে মিশে রয়েছে নিম্নবর্গের মানুষের কথা। আমরা আমাদের আলোচ্য প্রবন্ধে মঙ্গলকাব্যের এই নিম্নবর্গের স্বরূপ সন্ধানে ব্রতী হয়েছি।

মনসামঙ্গল কাব্যের দেবী ‘মনসা’ আর্য না অনার্যদের দ্বারা সৃষ্টি, তা নিয়ে সমালোচক মহলে মতপার্থক্য রয়েছে। তবে মনসাপূজার প্রচলন নিম্নবর্গের সমাজেই বিশেষভাবে লক্ষ্যণীয় এবং মনসা নামের সঙ্গে বিভিন্ন সূত্র থেকে আরও কিছু নাম উঠে এসেছে, যেমন— জাঙ্গুলী, বিষহরী, পদ্মাবতী প্রভৃতি। শুধু তাই নয় মনসার দেবীরূপ পরিকল্পিত হলেও তাঁর সরীসৃপ রূপও দৃষ্ট হয়। আশুতোষ ভট্টাচার্যের মতে—

“মনসার দেবীমূর্তির যে রকম ব্যবহার আছে, নাগমূর্তিরও তেমনি ব্যবহার আছে। নাগমূর্তিগুলিকে নাগঘট বা মনসার ঘট বলে—ইহারা মৃত্তিকা নির্মিত। বাংলার বিভিন্ন অঞ্চলে বিভিন্ন প্রণালীতে নির্মিত হইলেও ইহারা মুলতঃ অভিন্ন আদর্শ হইতে জাত।... যে সকল স্থানে হিন্দু ধর্মের প্রভাব একটু বেশি প্রবল হইয়াছে, সেখানে নাগঘটের সঙ্গে সঙ্গে মনসার নারী মূর্তি গড়িয়া পূজা করিবার রীতিও প্রচলিত দেখিতে পাওয়া যাইবে। আজিও বর্ধমান জিলার বাগদী জাতির মধ্যে মূর্তি নির্মাণ প্রথা প্রচলিত আছে।” [১]

আবার নিম্নবর্গের মানুষের মধ্যে মনসা পূজার সঙ্গে বৃক্ষ ও সর্প পূজার একটা ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। এর সঙ্গে সন্তান কামনার সম্পর্কটি স্পষ্ট। আসলে বৃক্ষ ও সর্প পূজার সঙ্গে উর্বরতাবাদের একটা সম্পর্ক আছে।

মনসার উৎপত্তির মূলে দেখেছি, সর্প বা মনসার উল্লেখ উচ্চবর্গের সাহিত্যে থাকলেও সেখানে তাঁদের দেবতা হিসাবে পূজা করা হয়নি। দেবতা হিসাবে তাঁরা পূজা পেয়েছেন নিম্নবর্গের সমাজে। তবে আমরা মনসামঙ্গলের কাহিনিতে নিম্নবর্গের মানুষ এবং তার সমাজকে, তেমন ভাবে হয়তো পাবো না। কারণ এই কাহিনির সবটুকু হল উচ্চসমাজের পূজা পাওয়ার জন্য নিম্নবর্গের দেবতার মানুষের সঙ্গে সংগ্রামের কাহিনি। লক্ষ্য করার বিষয় হল, নিম্নবর্গের সমাজেই পূজা প্রচার শুরু। নিম্নবর্গের মানুষের অনেক কিছু চাওয়ার থাকে। কারণ অর্থ, বংশ, মান-মর্যাদা, শিক্ষা-দীক্ষা সবকিছুরই অভাব তাদের। তাই এরা চিরকালই দৈবনির্ভর। নিম্নবর্গের পূজিত দেবতাদের শক্তি অনেক বেশী। কারণ এরাও প্রতিষ্ঠা পেতে বদ্ধ-পরিকর। এই প্রচেষ্টায় তাঁরা তাঁদের অলৌকিক শক্তিকে নিরন্তর কাজে লাগান। এই কারনেই নিম্নবর্গের মানুষ তাঁদের একান্ত নির্ভরের জায়গা। মনসার প্রথম পূজা প্রাপ্তি

নিম্নবর্গের সমাজের মানুষের হাতে। বচাই হালিয়া মনসাকে প্রথম পূজা দিলে দেবী তাকে আশীর্বাদ করেন—

আইস বচই পুত্র, বুঝি লহ বর।
রাজ্যের রাজা হও তুমি জগত-ঈশ্বর।

এর পর জালু-মালু, চন্দ্রধর মনসাকে পূজা দিয়েছেন। ধীবর জাতির হাতে মনসা পূজিত হয়েছেন। মনসামঙ্গলকাব্যে এই কটি নিম্নবর্গের চরিত্রের মধ্য দিয়ে মনসাপূজার সূত্রপাত ঘটেছে।

চণ্ডীমঙ্গল কাব্যের আরাধ্যা দেবী চণ্ডীও নিম্নবর্গের বিভিন্ন উপজাতির উপাস্যা দেবী যিনি আর্য সংস্কৃতিপুষ্ট দেবীর সঙ্গে মিলে মিশে একাকার হয়ে গেছেন। তবে সমাজে যারা উচ্চকোটির মানুষ তাদের শিক্ষা-দীক্ষার সঙ্গে সঙ্গে অনেক আদব-কায়দা , নিয়ম-নীতি মেনে চলতে হয়। বর্ণাশ্রম ব্যবস্থায় ব্রাহ্মণের ধর্ম, ক্ষত্রিয়ের ধর্ম আলাদা আলাদা। কিন্তু সমাজের নিচু স্তরে যাদের অবস্থান তাদের মান- সম্মান নিয়ে যেমন মাথাব্যথা নেই, তেমনি এদের সভ্য সমাজের অনেক নিয়ম না মানলেও চলে, যেহেতু এরা সমাজের মূলস্রোত থেকে বিচ্ছিন্ন। আসলে ব্যাধের জীবনে সভ্য সমাজের নিয়ম-নীতিগুলি অনেকটাই শিথিল। এদের পূজার পদ্ধতিও আলাদা।

মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্য লেখার সময়কাল ষোড়শ শতাব্দীর শেষার্ধ। এই সময়টা বাংলার ইতিহাস, সাহিত্য ও সংস্কৃতির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিষয়। আমাদের মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গলকাব্যে লিখিত আত্মবিবরণীকে সামনে রেখেই সেই সময়কার নিম্নবর্গের সমাজটাকে খুঁজে নিতে হবে।

কালকেতু ব্যাধ সম্প্রদায়ের নিম্নবর্গের মানুষ। দেবী চণ্ডীর বরে সাম্রাজ্য প্রতিষ্ঠার পর 'বুলান মণ্ডলের প্রতি কালকেতু' অংশে কালকেতুর আশ্বাস—

"আমার নগরে বৈস যত ইচ্ছা চাষ চষ
তিন সন বহি দিহ কর।
হাল প্রতি দিবে তঙ্কা কারে না করিহ শঙ্কা
পাট্টায় নিশান মোর ধর।।
নাহিক বাউড়ি দেড়ি রয়্যা বস্যা দিবে কড়ি
ডিহিদার নাহি দিব দেশে।"[২]

কালকেতু, ব্যাধের দারিদ্র্য অতিক্রম করে সমাজের একেবারে উচ্চস্তরে উঠে এসেছে দেবীর অঘটন ঘটানো এবং অসম্ভব আয়োজনকে সম্ভব করে তোলার মধ্য দিয়ে। কালকেতুর আচমকা এই উত্তরণেও কিন্তু তার পূর্বের দারিদ্র্যকে সে ভুলতে পারেনি। এখানেই তাঁর সততা। সে রাজা হলেও ব্রাহ্মণকে তার উপযুক্ত সম্মান দিয়েছে। ধর্মের আবডালে যখন মানুষের কথা হচ্ছে, সেখানে একটা ন্যায়-নীতি বা সত্য-মিথ্যার জায়গা থাকে। আর সেই জায়গায় চণ্ডীর বরপুত্র কালকেতু তার সুস্থ মানসিকতা নিয়েই বিরাজ করে। কালকেতুর ঠিক বিপরীত প্রান্তে অবস্থিত মুরারিশীল ও ভাঁড়ু দত্তের মতো মানুষেরা। এদের কাজ মানুষকে ঠকানো এবং প্রতাড়না করা। অশিক্ষিত, নিম্নবর্গের কালকেতুকে ঠকাতে মুরারিশীল সুন্দরভাবে বঝাতে থাকে—

"সোনা-রূপা নহে বাপা এ বেঙ্গা পিতল।
ঘসিয়া মাজিয়া বাপু করেছ উজ্জ্বল।।

রতি প্রতি হৈল বীর দশ গণ্ডা দর।
দুই যে ধানের কড়ি পাঁচগণ্ডা ধর॥
অষ্টপণ পাঁচগণ্ডা অঙ্গুরীর কড়ি।
বাকি আর মাংসের ধারি যে দেড় বুড়ি॥
একুনে হইল অষ্টপণ আড়াই বুড়ি।
চালু খুদ কিছু লহ কিছু লহ কড়ি॥"[৩]

পরে অবশ্য দেবীর কৃপায় কালকেতুকে এই প্রতারকের ফাঁদে পড়তে হইনি, সে আংটির সঠিক মূল্য পেয়েছে।

মুকুন্দ চক্রবর্তী চণ্ডীমঙ্গলকাব্যে নিম্নবর্গের উত্তরণের রূপরেখাটি সুন্দরভাবে ফুটিয়ে তুলেছেন। মধ্যযুগের সামাজিক বাতাবরণের মধ্য দিয়ে মুকুন্দ চক্রবর্তী কালকেতুর মুখ দিয়ে বলিয়েছেন--

"অতি নীচ কুলে জন্ম জাতি গো চোয়াড়
কেহো না পরশে জল লোকে বলে রাড়॥
পুরোধা আমার হবে কেমনে ব্রাহ্মণ।
নীচ কি উত্তম হবে পাইলে বহু ধন॥"[৪]

আসলে কালকেতু- ফুল্লরা যেহেতু নিম্নবর্গের মানুষ তাই এই ধরনের প্রশ্ন মনে উঠে আসাটাও স্বাভাবিক। তবে দেবী চণ্ডীর কৃপায় কালকেতু- ফুল্লরার উত্তরণ ঘটে। দেবীর আশ্বাস—

"পবিত্র হইলে মোর পদ পরশনে।
লইবে তোমার ধন উত্তম ব্রাহ্মণে॥"[৫]

তবুও মাঝে মধ্যেই তাকে এই ধরনের সমস্যার সম্মুখীন হতে হয়েছে। ভাঁড়ুদত্ত সুযোগ বুঝে তাকে শাসিয়ে যাওয়ার সাহস পেয়েছে— 'পুনর্বার হাটে মাংস বেচিবে ফুল্লরা।' পরোক্ষে তার ব্যাধ জীবনের প্রতি অঙ্গুলি সংকেত করে অপমান করেছে।

মুকুন্দ চক্রবর্তী বাংলার জাতি ব্যবস্থার সুন্দর চিত্র চণ্ডীমঙ্গল কাব্যে তুলে ধরেছেন। কালকেতুর গুজরাট নগরে সব ধর্মের মানুষের ঠাই হয়। এক এক সম্প্রদায়ের মানুষকে এক এক দিকে জায়গা করে দেয়। যেমন মুসলমান সৈয়দ মৌলানা, কাজিরা পশ্চিম দিকে বসবাস করতে থাকে। কাব্য মধ্যে বহু বৃত্তির মানুষের সন্ধান পাওয়া যায়। যেমন— চাষী, কামার, তাম্বুলী, কুম্ভকার, নাপিত, বাগদি, ডোম ইত্যাদি। চণ্ডীমঙ্গলের আখেটিক খণ্ডে নিম্নবর্গের মানুষের আচার- আচরণ সম্বন্ধে অবগত হওয়া যায়। জন্ম-বিবাহ-মৃত্যু হিন্দু ধর্মের এই ত্রি-আচার যে কোন সমাজেই পালন করা হয়। এই আচার-বিধির ক্ষেত্রে জাতি, শ্রেণী, বর্ণ প্রভৃতির ভেদে এর রকম ফের আছে। এই আচারণের মধ্যে মিশে আছে আর্য- অনার্য মিলিত সংস্কার।

ধর্মঠাকুরের মাহাত্ম্য প্রচার করা হয়েছে 'ধর্মমঙ্গল কাব্য'। বিভিন্ন জায়গাতে ধর্মঠাকুর বিভিন্ন নামে পরিচিত। যেমন কোথাও বাঁকুড়া রায়, কোথাও বুড়া রায় ইত্যাদি। লোকবিশ্বাস অনুযায়ী ধর্মঠাকুর সন্তানহীনা রমণীকে সন্তান দেন, অনাবৃষ্টিতে বৃষ্টি দিয়ে মাঠকে শস্য-শ্যামলা করে তোলেন। মনসামঙ্গল ও চণ্ডীমঙ্গল কাব্যের দেবীর মতো অনার্য সমাজ থেকে ধর্মঠাকুরের উদ্ভব ঘটেছে। ধর্মঠাকুরের ইঁট নির্মিত পাকা মন্দির খুবই কম আছে। বেশীর ভাগই হল তাঁর থান বা চালাঘর বা গাছতলা। ধর্মঠাকুরের বিশেষ নির্দিষ্ট কোনো আকৃতি

নেই। যে সকল অঞ্চলে ধর্মঠাকুরের পূজা বিখ্যাত সেখানে ধর্মশিলাই হল ধর্মঠাকুরের প্রতীক। সমালোচক গোপেন্দ্রকৃষ্ণ বসু লিখেছেন—

"মসলা পেষণের নোড়ার মত দেখতে। একে 'ধর্মশিলা' বলা হয়, ধর্মঠাকুরের পূজার ব্যাপারে ধর্মশিলা সর্বাপেক্ষা প্রচলিত দেখা যায়। ধর্মশিলা গোলাকৃতি হয় না।"[৬]

এছাড়া মুণ্ডমূর্তি, ঘট এবং পোড়ামাটির ঘোড়াও প্রতীক হিসাবে ব্যবহৃত হয়। ধর্মঠাকুরের পুরোহিত সাধারণত পণ্ডিত নামে অভিহিত হয়। এই পুরোহিত বা পণ্ডিত, সমাজের অন্ত্যজ শ্রেনির ডোম, হাড়ি, বাগদীরা হয়ে থাকেন। তবে প্রভাত কুমারের মতে—

"ডোম পণ্ডিতের হাত থেকে অনেক স্থলে ধর্ম-পূজা চলে এসেছে ব্রাহ্মণদের হাতে। ব্রাহ্মণেরা সংস্কৃত শ্লোক বানিয়ে ধর্মঠাকুরকে 'হিন্দিত্ব' দান করলেন— ধর্মঠাকুর জাতে উঠলেন। কিন্তু উচ্চবর্ণের কাছে এখনো তিনি মান পান নি। নীচ জাতির অর্থে নির্মিত ঠাকুর-দেবতার মন্দিরে উচ্চবর্ণের অতি নিষ্ঠাবান প্রনাম করেন না, এও শুনেছি।"[৭]

তবে একথা স্বীকার করতেই হবে যে, ধর্মঠাকুর এই ডোম সমাজেই পূজিত। পরবর্তীকালে যখন তিনি বুদ্ধ, শিব, যম, বরুণ, সূর্য প্রভৃতির দ্বারা আদৃত হয়ে মিশ্ররূপ প্রাপ্ত হলেন তখন ভদ্র শিক্ষিত সমাজে তাঁর মন্দির স্থাপিত হল এবং ব্রাহ্মণ পুরোহিত নিযুক্ত হল। তবে ধর্মঠাকুরকে কেদ্র করে পূজার্চনা নিম্নবর্গের মানুষের মধ্যে বেশী লক্ষ্য করা যায়।

ধর্মমঙ্গল কাব্যের দুটি কাহিনি— হরিশ্চন্দ্রের কাহিনি এবং লাউসেনের কাহিনি। এর মধ্যে লাউসেনের কাহিনিতে রাঢ়বঙ্গের পাল যুগের ইতিহাসের একটি প্রভাব আছে। তবে ধর্মমঙ্গলের দুটি কাহিনির মধ্যে কোথাও নিম্নবর্গের চরিত্র প্রধান হয়ে ওঠেনি। কিন্তু লাউসেনের কাহিনির মধ্যে একটি গুরুত্বপূর্ণ স্থান দখল করে আছে কালুডোম ও লাখাইডোমের বীরত্বের কথা। ঘনরাম চক্রবর্তীর 'শ্রীধর্মমঙ্গল' এ বিভিন্ন বৃত্তিজীবী নিম্নবর্গের মানুষের উল্লেখ আছে। যেমন— বিশ্বকর্মা দাস, লাউদত্ত, হরিহর প্রমুখ। বিভিন্ন জাতের মানুষের সঙ্গে যুদ্ধে অংশগ্রহণকারী নিম্নবর্গের মানুষের পরিচয় ধর্মমঙ্গল কাব্যে আছে। 'পশ্চিমউদয়আরম্ভ পালা'য় ডোমসেনাদের বীরত্বপূর্ণ যুদ্ধের বর্ণনা আছে। দেশের বিভিন্ন জাতের মানুষের সঙ্গে এরাও যুদ্ধে অংশ গ্রহণ করছে—

'ধালুকী বন্দুকী ঢালী
রায় বেঁশে ফরিকালি
রাহুত মাহুত সমুদয়।।'

তার সঙ্গে 'যম সম ডোম কামু/ রামু চামু সামু নিমু' এবং নানা বৃত্তিজীবী তাঁতী তেলি জেলে মালী— এরাও যুদ্ধে অংশগ্রহণ করে। আর এক দুর্ধর্ষ বীর হল ইছাই ঘোষের প্রধান সেনাপতি লোহাটা বর্জর। লোহাটা চণ্ডাল সম্প্রদায় ভুক্ত মানুষ হয়েও উচ্চবর্ণের মানুষের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে যুদ্ধ করেছে। এখানেই নিম্নবর্গের উত্তরণের রূপরেখাটি লক্ষ্য করা যায়।

'শিবায়ন' কাব্যে সপ্তদশ ও অষ্টাদশ শতাব্দীর সন্ধিলগ্নের বাংলার জীবনচিত্র লক্ষ্য করা যায়। কাবি রামেশ্বর ভট্টাচার্য গ্রাম জীবনকে আশ্রয় করেই 'শিবায়ন' কাব্য রাচনা করেছেন। বিশেষ করে যে শিব নিম্নবর্গের পূজিত সেই শিবের কথাই তুলে ধরেছেন। পঞ্চানন চক্রবর্তী লিখেছেন—

"বাগদী পোদ প্রভৃতি নিম্নবর্গের মানুষ—যাহাদিগকে উচ্চবর্ণের সমাজ চিরদিন কেবল

নাসিকা কুঞ্চিন করিয়া আসিয়াছে, যাহাদিগকে কোন দেবতার মন্দির প্রাঙ্গণে উঠিবার অধিকারটুকু দেয় নাই, তাহারাই এই দেবতার মাঝে তাহাদের প্রানের ঠাকুরকে একান্ত করিয়া পাইল, তাহারা নিজেরা কৃষক, তাহারা নিজেরা দরিদ্র, তাহাদের দেবতাও দরিদ্র।”[৮]

শিবায়নের কাহিনিতে নিম্নবর্গের জীবন যাত্রার দু’ধরনের চিত্র রূপায়িত হয়েছে। এর মধ্যে একটি ধরন হল চিরায়িত কৃষিনির্ভর গ্রাম্যজীবনযাত্রা। অন্যটি কৃষকের স্বাচ্ছন্দ্যকে নষ্ট করেছে। যেমন শিব যখন ইন্দ্রের কাছ থেকে জমি আর কুবেরের কাছ থেকে বীজধান ধার করেছেন, সেই সময় শর্ত করিয়ে নিচ্ছেন। এখানে জমিদার কর্তৃক প্রজাদের ঠকিয়ে নেওয়ার যে রীতি, সে ব্যাপারে ইঙ্গিত রয়েছে। শিব এক্ষেত্রে খুবই সচেতন। যে শিব দেবাদিদেব হয়েও, নিম্নবর্গের পূজিত বলে দীনদরিদ্র। ভক্তের সঙ্গে মিশে গিয়ে তাকে উপলব্ধি করতে না পারলে ভক্তের দুঃখকষ্ট বোঝা যায় না। সেই জন্যই মনে হয় শিবের এমন ভূমিকা। তিনি সাধারণ খেটে খাওয়া মানুষের অভাব ঘোচাবার ব্যবস্থা করেছেন।

শিবের আচার-আচরণ এবং ভাষা ব্যবহার সব কিছুর মধ্যেই অনার্যসুলভ বা অন্ত্যজ শ্রেণীর মানুষের ব্যবহার আরোপিত। ‘শিবের চাষ করিতে গমন’ অংশে গৌরী শিবকে অনুরোধ করেন— ‘ভাল যদি চাও আমা লয়্যা যাও সাথে।/ বাপ নেওট ছেল্যা আমি নারিব পাত্যাতে।।’ এই যে স্বামী-স্ত্রী একসঙ্গে চাষে যাওয়া, এই প্রচলন নিম্নবর্গের সমাজেই লক্ষ্য করা যায়। ‘শিবের জলসিঞ্চন’ অংশে শিব যখন বাগদিনীর প্রেমে বিহ্বল, বাগদিনী কিন্তু কিছু শর্ত আরোপ করেন— ‘সাঙ্গালি সঙ্গে কিন্তু সুখ পাবে বাড়া।/ রহিতে নারিব আমি জাতিবৃত্তি ছাড়া....’ এখানে উল্লেখযোগ্য নিম্নবর্গের নারী-পুরুষের দ্বিতীয়বার বিবাহকে বলে সাঙ্গা। বাগদিনী সাঙ্গা করে তারা জাতবৃত্তি বজায় রাখতে চায়।

মঙ্গলকব্যগুলি রচিত হওয়ার মূলে যে ইতিহাস লক্ষ্য করা যায়, অন্নদামঙ্গলের ক্ষেত্রে সেই ধরনের কোনো ভিত্তি ছিল না। তাবে অষ্টাদশ শতকের রাজনৈতিক পালাবাদলের কিছু প্রভাব থাকতে পারে। অন্নদামঙ্গল কাব্যের দেবতা স্বয়ং অন্নদান করে থাকেন। সেই অর্থে নিম্নবর্গের সমাজ থেকে উঠে আসা দেবী ইনি নন। তবে অন্নদার মর্ত্যে পূজা প্রচারের জন্য যে দুজনকে স্বর্গ থেকে অভিশাপ দিয়ে পাঠিয়েছেন, তারা নিম্নবর্গের সমাজেই উপনীত হয়েছে এবং অন্নদার আশীর্বাদে তাদের উত্তরণ ঘটেছে।

প্রতিটা মঙ্গলকাব্যের মধ্যে একটা মিল লক্ষ্য করা যায়। সেখানে দেবতা ও মানুষ ভেদে নিম্নবর্গের উত্তরণই মূল কথা। আর্য ও অনার্য সংস্কৃতির সমন্বয় সাধন করা হয়েছে মঙ্গলকাব্যগুলিতে। তবে ভারতচন্দ্রের অন্নদামঙ্গল কাব্যের উৎপত্তির ইতিহাস স্বতন্ত্র। প্রতিটা মঙ্গলকাব্যে কোনও না কোন ভাবে নিম্নবর্গের দেবতা ও মানুষের উত্তরণের একটা বৃহত্তর জায়গা রয়েছে। দেবতা তাঁর অলৌকিক শক্তিতে উপরে উঠেছেন, আর মানুষকে নিম্নবর্গে নিমজ্জিত হবার অভিশাপ থেকে উদ্ধার করেছেন। আসলে মধ্যযুগের মঙ্গলকাব্যে দৈবমহিমা প্রচার ও ধর্মকেন্দ্রিক সাহিত্যে নিম্নবর্গের এই উত্তরণের ভাবনা যথেষ্ট গুরুত্বপূর্ণ।

Endnotes

১। আশুতোষ ভট্টাচার্য, বাইশ কবির মনসামঙ্গল বা বাইশা, কলকাতা বিশ্ববিদ্যালয়, ১৯৬২, ভূমিকা অংশ।

২। সনৎকুমার নস্কর, মুকুন্দ চক্রব্রতিঃ কবিকঙ্কণ- চণ্ডী, রত্নাবলী, তৃতীয় সংস্করণ -২০০৫, পৃষ্ঠা সংখ্যা- ২৮৬ ।

৩। সনৎকুমার নস্কর, মুকুন্দ চক্রবর্তিঃ কবিকঙ্কণ- চণ্ডী, রত্নাবলী, তৃতীয় সংস্করণ - ২০০৫, পৃষ্ঠা সংখ্যা- ২৬১ ।
৪। সনৎকুমার নস্কর, মুকুন্দ চক্রবর্তিঃ কবিকঙ্কণ- চণ্ডী, রত্নাবলী, তৃতীয় সংস্করণ -২০০৫, পৃষ্ঠা সংখ্যা- ২৫৬ -২৫৭ ।
৫। সনৎকুমার নস্কর, মুকুন্দ চক্রবর্তিঃ কবিকঙ্কণ- চণ্ডী, রত্নাবলী, তৃতীয় সংস্করণ -২০০৫, পৃষ্ঠা সংখ্যা- ২৫৭ ।
৬। গোপেন্দ্রকৃষ্ণ বসু, বাংলার লৌকিক দেবতা, দে'জ পাবলিসিং, ১৯৮৭, পৃষ্ঠা সংখ্যা- ২২৬ ।
৭। প্রভাতকুমার মুখোপাধ্যায়, বাংলার ধর্ম সাহিত্য (লৌকিক), ডি. এম. লাইব্রেরী, প্রথম প্রকাশ ১৩৮৮, পৃষ্ঠা সংখ্যা ২২৮ ।
৮। পঞ্চানন চক্রবর্তী সম্পাদিত, রামেশ্বর রচনাবলীঃ কবিজীবনী ও দেশকাল, বঙ্গীয় সাহিত্য পরিষৎ, ১৩৭১, পৃষ্ঠা সংখ্যা ১৭২ ।

Bibliography

- আশুতোষ ভট্টাচার্য. (১৯৬২). বাইশ কবির মনসামঙ্গল বা বাইশা. কলকাতা বিশ্ববিদ্যালয়।
- আশুতোষ ভট্টাচার্য. (২০০২). বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস (দশম মুদ্রণ). এ মুখার্জী অ্যান্ড কোং প্রঃ লিঃ।
- গোপেন্দ্রকৃষ্ণ বসু. (১৯৮৭). বাংলার লৌকিক দেবতা. দে'জ পাবলিশিং.
- প্রভাতকুমার মুখোপাধ্যায়. (১৩৮৮). বাংলার ধর্ম সাহিত্য (লৌকিক). ডি. এম. লাইব্রেরী।
- ভবেশ মজুমদার. (২০১১). ভারতচন্দ্র ও অন্নদামঙ্গল. বঙ্গীয় সাহিত্য সংসদ।
- সনৎকুমার নস্কর. (২০০৫). মুকুন্দ চক্রবর্তী কবিকঙ্কণ- চণ্ডী. (তৃতীয় সংস্করণ) রত্নাবলী।
- সুকুমার সেন. (১৯১৫). বাংলা সাহিত্যের ইতিহাস- ১ম খণ্ড ও ২য় খণ্ড (তৃতীয় মুদ্রণ). আনন্দ পাবলিশার্স।

——

সমসাময়িক কালে লোকসংগীতের অপ্রচলিকতা

Saraswati Hembrom
Ex-Student, Dept. of Bengali
Kharagpur College, Kharagpur
Paschim Medinipur, West Bengal, India
Email: sarahembram890@gmail.com

Abstract: বাংলার লোকসাহিত্যের প্রাচীনতম দিক হল সংগীত। এই সংগীত হল মানুষের ভাষা, সুর, কথা, কাহিনী, গল্প বলার মাধ্যম। গ্রাম বাংলার মানুষের মুখে নানা ধরণের কথোপকথনের মধ্য দিয়ে সংগীত পরিবেশিত হয় যা লোকসংগীত নামে পরিচিত। এই সংগীত শুধুমাত্র সংগীত নয়, মানুষের জীবিকা, আনন্দ-উল্লাস, সুখ-দুঃখ, ব্যথা-যন্ত্রনা সমস্ত কিছু। আমরা কেউ জানি না কীভাবে বা কোত্থেকে লোকসংগীতের সৃষ্টি হয়েছে? বিভিন্ন আচার-অনুষ্ঠান, সামাজিক, পূজা-পার্ব্বণ সমস্ত দিক থেকে লোকসংগীতের সৃষ্টি। পশ্চিমবঙ্গের এমন কিছু স্থান বা এলাকা রয়েছে যেখানে মানুষ এখনও লোকসংগীতকে আগলে রেখেছে, কেননা তাদের ভয় উচ্চ-শিক্ষিত সমাজ তাদের সংগীতকে ধ্বংস করে দেবে, কেড়ে নেবে তাদের সৃষ্টি করা সংগীত। এখনও মানুষের মধ্যে ভয়-ভীতি কাজ করে যার জন্য তারা এই অঞ্চল থেকে বেরিয়ে আসতে চায় না। আমাদের মতন যারা আছেন তারা চায় যেকোনো শিল্পকে সমাজের সামনে তুলে ধরে এবং উচ্চ-শিক্ষিত মানুষদের বোঝাতে যে কতটা প্রতিভা এই গ্রাম বাংলার মানুষের মধ্যে রয়েছে। এমনও শহরে বসবাসী মানুষজন রয়েছে তারা গ্রামের সংগীতকে ভুলতে পারেন না। সবসময় তাদের মন চায় প্রাণ ভরে লোকসংগীত শুনতে। তাই আমাদের উচিত লোকসংগীতকে বর্তমান সময়ের সাথে উপযোগী করে এবং নতুন সংগীত সৃষ্টি করে জনসাধারণের মনে কৌতুহল বাড়িয়ে লোকসংগীতকে নতুন পথে চলতে সহযোগিতা করা।

Keywords: লোকসংগীত, অপ্রচলিকতা, দর্পণ, পল্লীগীতি, প্রাণজাতি, প্রচারিত।

"যাহা একটি মাত্র ভাব অবলম্বন করিয়া গীত হইবার উদ্দেশ্যে রচিত ও লোকসমাজ কর্তৃক মৌখিক প্রচারিত হয় তাহাকেই লোকগীত বলে"[1]

ভূমিকা– লোকসাহিত্যের প্রধান শাখাগুলির মধ্যে অন্যতম হল লোকসংগীত। যার অর্থ ফোক মিউজিক বা পল্লীগীতি। লোকসংগীত হল সাধারণ মানুষের সঙ্গীত, ইউরোপীয় ধ্রুপদী সঙ্গীতের বিপরীতে। এর নাম জার্মান ভল্ক থেকে এসেছে যার অর্থ মানুষ। আবার বলা যেতে পারে লোকসংস্কৃতি থেকে লোকসংগীত কথাটি এসেছে। লোক অর্থে সমষ্টি, ব্যক্তি নয়। তাই যা কিছু লোকনির্ভর, তাই লোকসংস্কৃতি। সেই হিসেবে যেকোনো দেশের লোকসংস্কৃতি ধরে রাখে লোকসমাজের নানামুখি উৎকর্ষকে, সেই উৎকর্ষ বিশেষভাবে ধরা পড়ে তার শিল্পে, সাহিত্যে ও সঙ্গীতে। কিন্তু সাময়িক কালে এই লোকসঙ্গীতের অপ্রচলিকতা দিকটি আমাদের এড়িয়ে গেলে চলবে না। কারণ এই লোকসংগীতের উপর নির্ভর করেই চলেছে বিশ্বজনীন সংগীত। যা আগামী দিনের ভবিষ্যৎ পরিকল্পনা গঠন করে নূতন সংগীতের সৃষ্টি হয়।

আদিম যুগে মানুষের জীবন চর্চার সুরই ছিল ভাব প্রকাশের মাধ্যম। ভাষার ব্যবহার

আসে অনেক পরে। মানুষ পশু-পাখি, নদ-নদীর চরকে অবলম্বন করে, আয় করে ধ্বনি বৈশিষ্ট্য। শব্দের উদ্ভবের ফলেই সঙ্গীতের সূচনা হয়। দুর্ভিক্ষ, মহামারী, খরা, বন্যার ফল থেকে রক্ষা পাওয়ার জন্য মানুষকে হতে হয়েছে সংগ্রামশীল, জাগ্রত হয়েছে গোষ্ঠী চেতনার বোঝাপড়া, এর প্রভাবে মানুষ তাদের সৃজিত ভাষার মাধ্যমে মনোভাব ব্যক্ত করেছে। সময়ের পথে ভেসে এসেছে সভ্যতার নব আলোক, অগ্রসর হয়েছে মানব সমাজ ও তাদের চিন্তাভাবনা। এভাবেই লোকায়ত জীবনের মধ্যে সঙ্গীত সমৃদ্ধ হয়েছে।

বৈচিত্র্যের মধ্যে পরম একতার সন্ধানে লোকসংগীত দিয়েছে এক অনন্য মর্যাদা। জাতি, ধর্ম, বর্ণ, শ্রেণী-সম্পদায়, ধনী-দরিদ্র, শিক্ষিত-অশিক্ষিত, সুখে-দুঃখে একই সঙ্গে আবহমান কাল ধরে বসবাস করে আসছে বলে তাদের মধ্যে যতই কালের ভিন্নতার ছাপ পড়ুক না কেন, অন্তরের ঐক্যানুভূতির ক্ষেত্রে অন্তরায় ঘটেনি আজও। নানা উৎসবে, ব্যসনে, পূজা-পার্ব্বনে, সুখ-দুঃখে ধর্মচিন্তায় নানা অভিব্যক্তিতে গ্রাম্য কবিগণ রচনা করেছেন এই গান। সাধরণত এই লোকসংগীতকে নিম্নলিখিত পর্যায়ে ভাগ করতে পারি। যথা—

ক. আঞ্চলিক শ্রেণী— ভাটিয়ালি, ভাওয়াইয়া, ঝুমুর, বাউল ইত্যাদি।
খ. বিষয়গত শ্রেণী— প্রেমবিষয়ক, সমাজ বিষয়ক, বৈরাগ্য ইত্যাদি।
গ. পরিবেশগত শ্রেণী— একক, সমবেত, নৃত্য-বাদ্যসহসংগীত ইত্যাদি।
ঘ. আধুনিক শ্রেণী— ঋতুসংগীত, শ্রমসংগীত, ভক্তি সংগীত, আচার সংগীত ইত্যাদি।

রূপ সন্ধানী মানুষ প্রকৃতির অপার সৌন্দর্য থেকে নিত্য নতুন ভাবনাগুলিকে সংগ্রহ করে। আমাদের দেশীয় চেতনার প্রকৃতির বিপুল বৈচিত্র্যকে প্রকাশের উপায় হল সংগীত। আমাদের দেশে সংগীতের মাধ্যমে প্রকৃতিকে বর্ণনা ও বন্দনার পরিমাণ অনেক বেশি। এখানে বাণী নয় সুর পেয়েছে প্রাধান্য। গানের কথা ও সুর প্রসঙ্গে রবীন্দ্রনাথ ঠাকুর বলেছেন—

> "গানের যখন কথা থাকে তখন কথার উচিত হয় না সেই
> সুযোগে গানকে ছাড়াইয়া যাওয়া, সেখানে সে গানেরই
> বাহন মাত্র।"[2]

সমাজ জীবনের দর্পণ হল লোকসংগীত। কারণ এতে প্রতিফলিত হয় প্রাচীন থেকে প্রাচীনতর সমাজের সুস্পষ্ট প্রতিবিম্ব। লোকসংগীত লোক মানস থেকে উদ্ভুত সঙ্গীত যা সাধারণত শ্রুতি ও স্মৃতিকে নির্ভর করে বহমান থাকে। ব্যক্তি চেতনার একক কন্ঠের গান হলেও ক্রমে ক্রমে লোকমুখে প্রচারিত হয়ে মানস সমাজে উত্তীর্ণ হয়। লোকগীতি, লোকবাদ্য ও লোকনৃত্য এই তিনের সমন্বিত রূপকেই লোকসংগীত বলা হয়। বলা যায় বাউল সংগীত হল লোকসঙ্গীতের প্রকৃষ্ঠ উদাহারণ এতে গীত, বাদ্য ও নৃত্য সহযোগে পরিবেশিত হয়। এই প্রসঙ্গে ড.সুকুমার সেন বলেছেন—

"পল্লী অঞ্চলের অশিক্ষিত জনসাধারণ আবহমানকাল বাউল গানের মধ্যে দিয়া কিঞ্চিৎ শিক্ষা ও প্রচুর আনন্দ পাইয়া আসিয়াছে। বাউল গান বাঙ্গালা দেশের সর্বত্র প্রচলিত ছিল, কোনো অঞ্চল বিশেষে সীমাবদ্ধ নহে।"[3]

কর্ম ও শ্রম লোকসংগীতের একটি মৌলিক প্রেরণা। কৃষি সমাজে কৃষির সঙ্গে কর্ম ও শ্রম জড়িত। এরই প্রেরণায় উর্বরতা তন্ত্র ভিত্তিক বহু উৎসব, সেই সমস্ত উৎসবকে কেন্দ্র

করে বিচিত্র সংগীতের উৎসারিত হয়েছে লোকসমাজে। এই সংগীতগুলির একদিকে যেমন লোকসমাজের আশা ও আনন্দের বহিঃপ্রকাশ ঘটেছে তেমনি বঞ্চনা ও শোষণের বিরুদ্ধে প্রতিবাদ ধ্বনিত হয়েছে রূপকের আড়ালে। বলতে গেলে লোকগীতির নামে আমরা কী পেয়েছি? অনেক ক্ষেত্রেই চটুল অবভ্য গান, যা কোনো কৃষ্টির চিহ্ন রাখে না, শুধু হাততালি কুড়োয়, তাই আমরা লালন করছি ঐতিহ্যের নামে। বিদেশিরা অর্থের লোভ দেখিয়ে এদেশের লোকসংগীতকে ভাসিয়ে দিয়েছে অনেকটা। যার কারণ বশত অনেকেই পথভ্রষ্ট হচ্ছেন। তারই মধ্যে কেউ কেউ রয়েছে লোকসংগীতকে প্রাণপণে বাঁচিয়ে রাখার চেষ্টা করছেন। তাদের উপরেই আমাদের ভরসা। শুধুমাত্র গবেষণা ভিত্তিক অনুসন্ধানের জন্য লোকগীতিগুলি আমরা সন্ধান করি কিন্তু তাই বলে লোকসংগীত থেকে নিজেদেরকে বঞ্চিত রেখে লোকগীতির প্রতি অভক্তি করা আমাদের উচিত নয়। জনসাধরণের উদ্দেশ্যে আধুনিক সময়ে সামাজিক সচেতনতা লোকসঙ্গীতের অন্যতম সম্পদ-

"সমাজ জীবনের প্রয়োজনেই লোকসঙ্গীত সৃষ্টি হয়েছে। প্রকৃতপক্ষে সমাজের নিরক্ষর মানুষরাই লোকসংগীতের ধারক ও বাহক।"[4]

লোকসংগীতের জনপ্রিয়তার পতনের সূত্রপাত হয় বিংশ শতাব্দীর মাঝামাঝি সময়ে। যখন রক অ্যান্ড রোল এবং পপ্ সঙ্গীতের উত্থান বায়ুপ্রবাহে প্রাধান্য বিস্তার করতে শুরু করে এবং জনসাধারণের দৃষ্টি আকর্ষণ করতে শুরু করে। এই নতুন ধারাগুলির বৈদুত্যিক এবং স্টুডিও-উন্নত শব্দের তুলনায় লোকসঙ্গীতের সরলতা এবং শাব্দিক প্রকৃতি ম্লান হয়ে পড়েছিল। সময়ের সাথে সাথে লোসংগীতগুলি ক্রমশ পটভূমিতে পিছিয়ে যেতে থাকে। অনেকে এটিকে পুরানো বা অত্যাধিক নস্টালজিক বলে মনে করে। সমসাময়িক ঘটনা অবলম্বন করে লোকসঙ্গীত রচিত হয়ে থাকে। কিন্তু সাময়িক সাহিত্যের মতো এদের মূল্যও সাময়িকমাত্র। সেই জন্য লোকসঙ্গীত কিছুটা আঞ্চলিক লোক-গীতির রূপ লাভ করে। কিন্তু আঞ্চলিক গীতির মধ্যে সেই গুণ বেশিরভাগ থাকে না। সমসাময়িক ঘটনার স্মৃতিগুলি মানস সমাজে যত অস্পষ্ট হয়ে যায়, সেগুলিকে অবলম্বন করে রচিত লোকসংগীতগুলি ততই অপ্রচলিত হতে থাকে। কিন্তু যতদিন পর্যন্ত তাদের স্মৃতিগুলি স্পষ্ট থাকে, ততদিন এদের মতো জনপ্রিয়তা আর কোনো সঙ্গীতের লাভ করতে পারে না।তাই বলা যায়—

"যে লোকসাহিত্য বৈচিত্র্যহীন, যুগের পরিবর্তনকে স্বীকার না করে নেওয়ার ফলে এই সাহিত্য ঠিক আধুনিক পদবাচ্য হবার যোগ্যতা লাভের অধিকারী নয়।"[5]

লোকসংগীতের প্রতি মানুষের আগ্রহ বারংবার আমাদের দৃষ্টিগোচর হয় যা বিভিন্ন কারণের দ্বারা পরিচালিত একটি নবজাগরণ। এই পুনরুত্থানের একটি অংশ হল সঙ্গীতের সত্যতা এবং গল্পবলার ক্রমবর্ধমান আকাঙ্ক্ষা, যা লোকসঙ্গীতের জন্য অপরিহার্য। প্রচুর পরিমানে উৎপাদিত সঙ্গীতের আধিপত্যের যুগে, লোকসংগীতের কাঁচা, খোলামেলা শব্দ একটি সতেজ বৈপ্যরিত্য প্রদান করে। বাঙ্গালী চিরদিন-ই গীত প্রাণ জাতি। বাঙ্গালীর সাধনার সর্বাপেক্ষা সার্থক পরিচয়-ই গীতি; জয়দেব হইতে রবীন্দ্রনাথ পর্যন্ত বাঙালীর সাধনার সর্বোত্তম ফলই তাহার গীতি বা গীতিকবিতা। বাঙ্গালীর লোক-গীতগুলির ভিতর দিয়া বাঙালীর ভাব-জগতের যে অখন্ডতার পরিচয় প্রকাশ পাইয়াছে তাহা আর কোথাও সম্ভব হয় নাই। কিন্তু কোথাও না কোথাও যুগের পর যুগ লোকগীতিগুলি কুন্ঠিত হয়—

"পল্লী সংগীত অতি সহজেই পল্লীর সমাজ-জীবনের বিবর্তনের ধারার সাথে যুক্ত হইয়া যায়; সমাজের প্রয়োজনেই ইহার যেমন বিকাশ, সমাজের প্রয়োজনেই ইহার

বিনাশ।”[6]

আমরা আগেই জেনেছি, যে লোকসংগীত গোটা সমাজের সৃষ্টি, কোন ব্যক্তি বিশেষের রচনা নয়। হয়তো বা কোনো ব্যক্তি বিশেষ লোকসংগীত রচনা করেছিলেন কিন্তু কালক্রমে তাদের নাম, পরিচয় হারিয়ে গেছে। আধুনিক সময়ে আধুনিক প্রচার মাধ্যমগুলির মধ্যে চলচিত্র, থিয়েটার, আধুনিক গান, যাত্রা, সংবাদপত্র, দুরদর্শনের সর্ববিস্তারী প্রভাব অনস্বীকার্য। ফলে সুরের পরিবর্তন বিকৃতি ও সংযোজন অনবরত ঘটেছে। পাঁচশ বছর আগেকার পাঁচালী বা হাজার বছরের পুরানো চর্চার সুর ও স্বর আজ অবলুপ্ত অথবা পরিবর্তনের মধ্য দিয়া তার চেহারাই বদলে গেছে। লোকসুরগুলি কোথাও খন্ড খন্ড হয়ে ঐ গীতগুলির প্রাচীন সুরে লুকিয়ে আছে। কালের স্রোতে জনরুচি বদলে যাচ্ছে। প্রতিনিয়ত মতবাদ ও দৃষ্টিভঙ্গির পরিবর্তন ঘটছে। তাই মনে রাখা দরকার লোকের মুখে মুখে মুখের ভাষায় লালিত ও বাহিত হয়ে সমাজের দর্পণে অনন্য কীর্তিরূপে লোকসংগীত কালাতীত মূল্য ও প্রাণশক্তি অর্জন করে।

পৃথিবীর সব দেশের মানুষ-ই তার আকুতি প্রার্থনা, নৈবদ্য প্রকাশ করেছে লোকসংগীতের মাধ্যমে। লোকসংগীত রূপগত এবং বিষয়গত দিক থেকে প্রভূত সমৃদ্ধসৃষ্টি। এই সংগীত শুধু সমাজ জীবন নয়, সমগ্র প্রকৃতির আবহকে বহন করে। লোক-জীবনের অন্তরঙ্গ এবং বহিরঙ্গ দুটি দিককেই স্পর্শ করে গড়ে উঠেছে। তাই তো আজ এই বৈচিত্র্যময় জগতে যদিও রঙবেরঙের রকমারি গান মানুষের মস্তিষ্ককে হরণ করে নিলেও, লোকসংগীতের মত সহজ সরল রসাবেদন খুব সহজেই জনসাধরণের হৃদয়কে স্পর্শিত করে তোলে। এই প্রসঙ্গে কয়েকটি লোকগীতির উদাহরণ আমরা নিতে পারি। যেমন:-

এক।।লালনগীতি— ‘গুরু দোহাই তোমার মনকে আমার সেও সুপথে
তোমার দয়া বিকে তোমায় সাধব কি মতে।’

দুই।।ভাটিয়ালি— ‘এ ভব সাগর রে কেমনে দিব পাড়ি রে
দিবা নিশি কান্দিরে নদীর কূলে বইয়া।’

তিন।।সাধনতত্ত্ব— মন পাখি তুই ভাবলি না রে
গুরু যে তোর আপন জনা।

চার।।সারি— ‘সোনার বরণ ধানে ভরা মাঠ যে দূরে ঐ
চাষী ভাই মোর আছে কোথায় কাস্তে আমার কই।’

পাঁচ।।বাউল— ‘দেখেছি রূপ সাগরে মনের মানুষ কাঁচা সোনা
তারে ধরি ধরি মনে করি ধরতে গেলে ধরা দেয় না।’[7]

উপসংহার— পরিশেষে বলা যায়, আজকাল বেশিরভাগ স্থানে ফোক-মিউজিক অবন্নতি হতে দেখা যাচ্ছে কেননা মানুষ তার যথাযত মান মর্যাদা দিতে পারে না। আধুনিকতায় আমরা আধুনিক গানকে প্রাধান্য দিই বলে লোকসংগীতগুলি হ্রাস পেতে থাকে। তাই আমাদের উচিত লোকগীতগুলিকে সংরক্ষণ করা এবং কোনো ভাবে সংগীতের অপব্যবহার না হয় সেদিকে নজর রাখা। আমার বিশ্বাস আগামী দিনে এই সংগীতগুলির হাত ধরেই যুগের পরিবর্তনের সাথে সাথে মানুষের চিন্তা-ভাবনা প্রখর হবে এবং লোকসংগীতের প্রতি আরও আকৃষ্ট হবে।

Endnotes

1. বাংলার লোকসাহিত্য ২য় সংস্করণ-শ্রী আশুতোষ ভট্টাচার্য, পৃষ্ঠা-১৪৫.
2. জীবনস্মৃতি, গান সমন্ধে প্রবন্ধ, পৃষ্ঠা-১২২-১২৩
3. বাঙ্গালা সাহিত্যের ইতিহাস, পৃ:-১০৫৭
4. লোকসংগীতের বিভাকর-সুবোধ গঙ্গোপাধ্যায়, পৃষ্ঠা:-২৪
5. লোক-সংস্কৃতিঃ নানা প্রসঙ্গ-বরুণকুমার চক্রবর্ত্তী, পৃঃ-১৯
6. বাংলার লোকসংগীত-সুরেন্দ্রচন্দ্র চক্রবর্তী, পৃষ্ঠা: ৮-৯
7. বাঙলার লোকসঙ্গীত-অমর পাল,দুলাল চৌধুরী পৃ:-১০,১৩,২৩,২৪,৭৩

Bibliography

- ভট্টাচার্য, শ্রীআশুতোষ, বাংলার লোকসাহিত্য ১ম খন্ড-, প্রকাশক:-শ্রীপরেশচন্দ্র ভাওয়াল ক্যালকাটা বুক হাউস ১/১, কলেজ স্কোয়ার, কলিকাতা-১২, ১ম ১৯৫৪, ২য় সংস্করণ ১৯৫৭।
- ঠাকুর, রবীন্দ্রনাথ, জীবনস্মৃতি, বিশ্বভারতী গ্রন্থালয়, ২ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় স্ট্রীট। কলিকাতা।
- সেন, শ্রীসুকুমার, বাংলা সাহিত্যের ইতিহাস, মর্ডান বুক এজেন্সী ১০, কলেজ স্কোয়ার কলিকাতা।
- গঙ্গোপাধ্যায়, সুবোধ, লোকসঙ্গীত বিভাকর, ১ম খন্ড, প্রকাশক:- ফার্মা কে এল এম প্রাইভেট লিমিটেড, ২৫৭ বি, বিপিন বিহারী গাঙ্গুলী স্ট্রীট, কলিকাতা-৭০০০১২, প্রথমপ্রকাশ:- ১৭ এপ্রিল ১৯৯৮।
- চক্রবর্ত্তী, বরুণকুমার, লোক-সংস্কৃতি: নানা প্রসঙ্গ, প্রকাশক: বরুণ গঙ্গোপাধ্যায়, বুকট্রাস্ট প্রকাশক ও বিক্রেতা ৩০/১ বি কলেজ রোড, কলিকাতা-৯, ১ম প্রকাশ:- কোজাগরী লক্ষ্মীপূজা ১৩৬৭।
- চক্রবর্ত্তী, শ্রীসুরেন্দ্র চন্দ্র, বাংলার লোকসংগীত, ১ম খন্ড, প্রকাশক:-শ্রীননীগোপাল বন্দোপাধ্যায় অধ্যক্ষ, বেঙ্গল মিউজিক কলেজ ১০, ডোভার লেন, কলিকাতা ২৯, ১ম মুদ্রণ-১লা বৈশাখ, ১৩৬৮।
- চৌধুরী, দুলাল, ও পাল, অমর, বাংলার লোকসঙ্গীত, পরিবেশক পাঁচালি প্রকাশন ২ কলেজ স্ট্রীট, কলিকাতা ১২।
- মন্ডল, ড. কাকলী ধারা, বাংলা লোকসংগীত কোষ, সম্পাদনা অমর ভারতী, ৮সি ট্যামার লেন, কলকাতা-৭০০০০৯।
- দত্ত, গুরুসদয় এবং ভৌমিক, ড. নির্মলেন্দু, শ্রীহট্টের লোকলংগীত, ভারতবর্ষে মুদ্রিত। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রেসের সুরারিন্টেন্ডেট শ্রী শিবেন্দ্রনাথ কাঞ্জিলাল কর্তৃক ৪৮, হাজরা রোড, কলিকাতা হইতে প্রকাশিত।
- রায়, বুদ্ধদেব, লোকগীতি-স্বরলিপির বিচিত্র সংকলন, ফার্মা কে এল এম প্রাইভেট লিমিটেড, কলিকাতা-১৯৯৫।

——

তৎকালীন সময়ে রবীন্দ্রনাথ ঠাকুরের শেষের কবিতা উপন্যাসের নিরিখে আধুনিক প্রেমের সাদৃশ্য

Sulekha Ghosh
Ex-Student, Dept. of Bengali
Rabindra Bharati University
West Bengal, India
Email: sulekha.file94@gmail.com

Abstract: আমাদের দেশের অবিস্মরণীয় প্রতিভাদের মেধ্যে রবীন্দ্রনাথ এক অন্যতম বিস্ময়কর প্রতিভা। তিনি “শেষের কবিতা” উপন্যাসে বিংশ শতাব্দীর তৎকালীন সামাজিক প্রেক্ষাপটের বাইরে গিয়ে অভিনব প্রেমের রূপ ফুটিয়ে তুলেছেন। উপন্যাসের ভাববস্তু প্রধানত প্রেম। অমিত ও লাবণ্যের প্রেম সম্পর্ককে কেন্দ্র করে আলোচ্য উপন্যাসে রবীন্দ্রনাথ ঠাকুর প্রেমমনস্তত্ত্বের অসাধারণ ব্যাখ্যা দিয়েছেন। আলোচ্য উপন্যাসে ঔপন্যাসিক দেখিয়েছেন, উপন্যাসের নায়ক অমিত তার স্বভাবের বৈপরীত্যকে বজায় রাখাতে বেছে বেছে শিলঙ পাহাড়ে যায়। সেখানে গিয়ে গাড়ি দুর্ঘটনাকে কেন্দ্র করে তার লাবণ্য নামে একটি মেয়ের সাথে পরিচয় হয়। তারপর নিয়তি তাদের দুজনের পথ এক করে দেয়। তাদের দুজনের বিবাহ ঠিক হয়ে যায়। কিন্তু ভাগ্যের পরিহাসে শেষপর্যন্ত অমিতের সাথে বিবাহ হয় তার বান্ধবী কেতকী এবং লাবণ্যের সাথে বিবাহ ঠিক হয় তার ছোটবেলার সহপাঠী শোভনলালের সাথে। এই ভাবে অসমাপ্ত প্রেমের কাহিনীর মাধ্যমে উপন্যাসটি শেষ হয়। ‘শেষের কবিতা’ উপন্যাসের সাথে আধুনিক প্রেমের সবথেকে বড় সাদৃশ্য হলো চিরাচরিত প্রেম ও বিয়ের ধারণা থেকে বেরিয়ে সম্পর্কের নতুনত্ব খোঁজার প্রবণতা। স্বতন্ত্রতা, চিন্তাশীলতা, মুক্ত সম্পর্ক এবং স্বার্থপরতা বর্জিত প্রেম উভয় ক্ষেত্রেই লক্ষনীয়। সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘চন্দ্রশেখর’ উপন্যাসে আমারা এমনই এক ধরনের ছবি দেখতে পাই। পাশাপাশি শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘দেবদাস’ উপন্যাস, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের ‘কবি’ উপন্যাস, বুদ্ধদেব বসুর ‘তিথিডোর’ উপন্যাস, মানিক বন্দ্যোপাধ্যায়ের বিখ্যাত উপন্যাস ‘পুতুল নাচের ইতিকথা’ এবং সর্বোপরি নিমাই ভট্টাচার্যের ‘মেমসাহেব’ উপন্যাসেও আমরা অসম্পূর্ণ প্রেমের উপাখ্যান দেখতে পাই ভিন্ন ভিন্ন আঙ্গিকে। এগুলো সবই আধুনিককালে কথাসাহিত্যে প্রেমের অভিনবত্বের এক অরন্যতম উদাহরণ। যেগুলির মধ্যে ‘শেষের কবিতা’ উপন্যাসের মতোই অসম্পূর্ণ প্রেমের উপাখ্যান রয়েছে। যা অভিনবত্বের মোড়কে আবৃত। যেখানে স্বতন্ত্র চিন্তাভাবনা, নিঃস্বার্থ ভালোবাসা এবং অভিনব প্রেমানুভূতি রয়েছে। যেগুলি পাঠ করলে মনে হয় এগুলি যেন তৎকালীন সময়ে লেখা 'শেষের কবিতা' উপন্যাসটির আদলে তৈরী।

Keywords: প্রেমগাঁথা, বৈপরীত্য, শুশ্রূষা, ঘনিষ্ঠতা, অভিসম্পাত, চিত্তসংযম, ভুরিভুরি, আঙ্গিকে, মনস্তত্ত্ব, উপাখ্যান।

ভূমিকা :আমাদের দেশে বহু অবিস্মরণীর প্রতিভার জন্ম হয়েছে। তাদের মধ্যে রবীন্দ্রনাথ এক অন্যতম বিস্ময়কর প্রতিভা।রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর শেষ জীবনে একটু ভিন্ন

স্বাদের লেখা আমাদের উপহার দিয়েছেন। তাঁর ১০তম উপন্যাস ‘শেষের কবিতা ’একটি প্রেম সম্পর্কিত উপন্যাস। উপন্যাসটি ১৯২৭ সালের ভাদ্র মাস থেকে ১৯২৮ সালের চৈত্র মাস পর্যন্ত ‘প্রবাসী’ পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল এবং পরের বছর ১৯২৯ সালে বই আকারে প্রকাশিত হয়েছিল। এই উপন্যাসে যেমন প্রেম আছে ,তেমনি আছে বিরহ ,বিচ্ছেদ এবং কাব্যিক ছন্দময়তা। গদ্য সাহিত্যের মধ্যে যে ছন্দময়তা থাকতে পারে তা ‘ শেষের কবিতা ’উপন্যাসের মধ্য দিয়ে প্রমাণ হয়। শুধু তাই নয় উপন্যাসটি হাস্যরসে ভরপুর ,যা পাঠক মনকে সদাসর্বদা আকৃষ্ট করে। বলাবাহুল্য এই উপন্যাসে প্রেম একটি আদর্শ রূপক হিসাবে উপস্থাপিত হয়েছে। প্রাচীন যুগ থেকে শুরু করে মধ্যযুগ হয়ে , আধুনিক যুগেও আমরা বহু প্রেমগাঁথা দেখতে পাই। তবে রবীন্দ্রনাথ ঠাকুর এই উপন্যাসে বিংশ শতাব্দীর তৎকালীন সামাজিক প্রেক্ষাপটের বাইরে গিয়ে আধুনিক মনস্ক হয়ে তাঁর লেখনীর মধ্যে প্রেমের যে অভিনবত্ব দেখিয়েছেন তা আধুনিক লেখক ও পাঠকদের যেমন অপূর্ব মনোযোগ আকর্ষণ করে তেমনি তাদের বিস্মিতও করে।

কবি পরিচয়: বাঙালী তথা সমগ্র বিশ্বের কাছে গর্বের মানুষ ছিলেন বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর। তিনি যেমন ছিলেন অগ্রণী বাঙালি কবি তেমনি ছিলেন একাধারে ঔপন্যাসিক, সংগীত স্রষ্টা, নাট্যকার, ছোটগল্পকার, চিত্রকার, প্রাবন্ধিক, অভিনেতা, কণ্ঠশিল্পী ও দার্শনিক। তাঁকে বাংলা ভাষার সর্বশ্রেষ্ঠ দার্শনিক বলে মনে করা হয়। তিনি ছিলেন প্রথম ভারতীয় এবং প্রথম এশিয়ার মানুষ, যিনি সাহিত্যের জন্য নোবেল পুরস্কার পান। তাঁর সৃষ্টির মধ্যে ছিল ৫২টি কাব্যগ্রন্থ, ৩৮টি নাটক, ১৩টি উপন্যাস, ৯৫টি ছোটোগল্প, ১৯১৫টি গান এবং ৩৬ প্রবন্ধ ও অন্যান্য গদ্য সংকলন। তিনি এমন, একজন মানুষ ছিলেন যার প্রতিভা ও সৃষ্টি সম্পর্কে বলে শেষ করা যাবে না। ১২৬৮ বঙ্গাব্দের ২৫শে বৈশাখ (৭ই মে ১৮৬১) কলকাতার জোড়াসাঁকোর এক ঠাকুর পরিবারে তাঁর জন্ম। মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর এবং সারদাসুন্দরী দেবীর ১৪তম সন্তান ছিলেন তিনি। ছোট থেকেই স্কুলের চার দেওয়ালের মধ্যে পড়াশোনা তাঁর একেবারে অপছন্দের ছিল। 'জীবনস্মৃতি’ গ্রন্থে তিনি লিখেছেন— "জল পড়ে পাতা নড়ে”[1] এইটি ছিল তাঁর জীবনে আদিকবির প্রথম কবিতা। মাত্র ৮ বছর বয়সে তিনি কবিতা লেখা শুরু করেন। এ প্রসঙ্গে তাঁর ‘জীবনস্মৃতি’ গ্রন্থে লিখেছেন— “হরিণশিশুর নতুন শিং বাহির হইবার সময় সে যেমন যেখানে সেখানে গুঁতা মারিয়া বেড়ায়, নূতন কাব্যোদগম লইয়া আমি সেইরকম উৎপাত আরম্ভ করিলাম।”[2] ১৮৭৪ সালে ‘তত্ত্ববোধিনী’ পত্রিকাতে তাঁর প্রথম কবিতা ‘অভিলাষ’ প্রকাশের মাধ্যমেই তাঁর সাহিত্যিক জীবনের সূচনা হয়। রবীন্দ্রনাথ ঠাকুরের ৫টি সন্তান ছিল- মাধবীলতা, রথীন্দ্রনাথ, রেণুকা, মীরা, সমীন্দ্রনাথ (শমীন্দ্রনাথ)। ১৯০১ সালে তিনি স্বপরিবারে বীরভূম জেলার বোলপুর শহরে অবস্থিত শান্তিনিকেতনে চলে আসেন। এখানে দেবেন্দ্রনাথ ঠাকুর ১৮৮৮ সালে একটি আশ্রম এবং ১৮৯১ সালে ব্রহ্মমন্দির প্রতিষ্ঠা করেছিলেন। আর এই আশ্রমের বাগানেই একটি গ্রন্থাগার নিয়ে রবি ঠাকুর চালু করেছিলেন ব্রহ্মবিদ্যালয় নামে একটি পরীক্ষামূলক স্কুল। ১৯০১ সালে এই ব্রহ্মবিদ্যালয় বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত হয়। সংগীত ও নৃত্যকে তিনি শিক্ষার অপরিহার্য অঙ্গ মনে করতেন। এছাড়াও ১৯৩৭ সালে প্রকাশিত হয় তাঁর বিজ্ঞান বিষয়ক প্রবন্ধ সংকলন ‘বিশ্বপরিচয়’। জীবনের শেষ চার (৪) বছর তিনি অসুস্থ ছিলেন। অতঃপর দীর্ঘ রোগভোগের পর ১৩৪৮ বঙ্গাব্দের ২২শে শ্রাবণ (৭ই আগস্ট ১৯৪১)কলকাতার জোড়াসাঁকোর বাসভবনে

তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

উপন্যাসের সামান্য পরিচয়: 'শেষের কবিতা' রবীন্দ্রনাথের একটি জনপ্রিয় উল্লেখযোগ্য উপন্যাস। উপন্যাসের ভাববস্তু প্রধানত প্রেম। রবীন্দ্র ভাবনায় প্রেমমনস্তত্ত্বের স্বরূপ আমরা এই উপন্যাসটি পড়লে অনুধাবন করতে পারি। আলোচ্য উপন্যাসের প্রধান দুটি চরিত্র হলো অমিত এবং লাবণ্য। অমিত ও লাবন্যের প্রেম সম্পর্ককে কেন্দ্র করে আলোচ্য উপন্যাসে রবীন্দ্রনাথ ঠাকুর প্রেমমনস্তত্ত্বের আসাধারণ ব্যাখ্যা দিয়েছেন। অমিত রায় ব্যারিস্টার। অমিতের নেশা স্টাইলে। পাঁচজনের মধ্যে ও একজন নয়, একেবারে পঞ্চম। ওর চেহারা এবং কাপড় চোপড় ও ভিন্ন প্রকৃতির। অমিত বলে— 'ফ্যাশানটা হল মুখোশ, স্টাইলটা হল মুখশ্রী।'[3] শুধু অমিত নয় ওর বোন, বন্ধু সকলেরই প্রায় একই অবস্থা। অমিতের অনেক মেয়েবান্ধবী আছে। তবে কারও প্রতি ওর আসক্তি নেই। মেয়েদের সম্বন্ধে ওর আগ্রহ নেই, উৎসাহ আছে। তার স্বভাবের বৈপরীত্যকে বজায় অবশেষে রাখতে সে বেছে বেছে শিলঙ পাহাড়ে গেল। এই শিলঙ পাহাড়ের অমিত ঘটালো একটা মোটর দুর্ঘটনা। ব্রেক কষতে গিয়ে অন্য এক গাড়িতে আঘাত করল। সেই গাড়িতে ছিল লাবণ্য নামে একটি মেয়ে, এতদিন আমিত যে ধরণের মেয়ের সঙ্গে পরিচিত ছিল এ তার থেকে একেবারে আলাদা। পথ হঠাৎ যেন দুজনকে দুজায়গা থেকে ছিঁড়ে এনে একেবারে এক রাস্তায় চালান করে দিল—

"পথ বেঁধে দিল বন্ধনহীন গ্রন্থি,
আমরা দুজন চলতি হাওয়ার পন্থী।"[4]

লাবণ্যর বাবা অবনীশ দও ছিলেন এক পশ্চিমি কলেজের অধ্যক্ষ। লাবণ্য ছিল মাতৃহীনা। তবে জ্ঞানের চর্চায় লাবণ্য যথার্থ কৃতী ছাত্রী ছিল। পরবর্তীকালে একদিন অবনীশ প্রচন্ড পীড়ার মধ্যেই তার শুশ্রুষাকারী এক দুর্বল নিরুপায় বিধবার প্রতি দুর্বল হয়ে পড়ল। তাই লাবণ্য জোর করে ঔ বিধবার সঙ্গে অবনীশের বিবাহ দিয়ে পৈতৃক সম্পত্তি পরিত্যাগ করে আশ্রয় নেয় যোগমায়া নামে এক ভদ্রমহিলার সংসারে তার মেয়ে সুরমাকে পড়ানোর দায়িত্ব নিয়ে। আর এই যোগমায়ার বাড়িতেই অমিত-লাবণ্যর ঘনিষ্ঠতা। বিয়ের মাসও ঠিক হয়ে গেল। বিয়ের আগে কলকাতায় ফিরে যাবার মুখেই ঘটল অঘটন। অমিতের বোন সিসি তার বান্ধবী কেটি এবং বান্ধবীর দাদাকে নিয়ে শিলঙ এ হাজির লাবণ্যর থেকে অমিত কে ছিনিয়ে নিয়ে যেতে। কিন্তু আমিত যখন ওদের সামনেই লাবণ্যর আঙ্গুলে বিয়ের আংটি পরিয়ে দেয়, তখন জানা যায় প্রায় সাত (৭) বছর আগে আমিত এবং কেতকী(কেটি)যখন ইংল্যান্ডে ছিল তখন একদিন অমিত নিজের আঙুল থেকে আংটি খুলে কেতকীর আঙুলে পরিয়ে দিয়েছিল। এরপর লাবণ্য অমিতের দেওয়া সেই আংটি অমিতকে ফিরিয়ে দিল। অমিত ফিরে গেল। তারপর কেতকীর সঙ্গে তার বিবাহ হয়ে গেল। অমিত বলল – "কেতকীর সঙ্গে আমার সম্বন্ধ ভালেবাসারই, কিন্তু সে যেন ঘড়ায় তোলা জল- প্রতিদিন তুলব, প্রতিদিন ব্যবহার করব। আর লাবণ্যর সঙ্গে আমার যে ভালোবাসা সে রইল দিঘি, সে ঘরে আনবার নয়, আমার মন তাতে সাঁতার দেবে।"[5]

উপন্যাসের শেষে খবর এল শেভনলালের সাথে লাবণ্যর বিবাহ হবে ছয়মাস(৬)পর, জ্যৈষ্ঠমাসে রামগড় পর্বেতের শিখরে। এই ভাবে অসমাপ্ত প্রেমের কাহিনীর মাধ্যমে উপন্যাসটি শেষ হয়।

শেষের কবিতা উপন্যাসের সাথে আধুনিক প্রেমের সাদৃশ্য: 'শেষের কবিতা'

উপন্যাসের সাথে আধুনিক প্রেমের সবথেকে বড়ো সাদৃশ্য হলো চিরাচরিত প্রেম ও বিয়ের ধারণা থেকে বেরিয়ে সম্পর্কের মধ্যে নতুনত্ব খোঁজার প্রবণতা। উভয়ক্ষেত্রেই প্রেম প্রথাগত প্রেমের থেকে আলাদা। স্বতন্ত্রতা, চিন্তাশীলতা, মুক্ত সম্পর্ক এবং স্বার্থপরতা বর্জিত প্রেম উভয় ক্ষেত্রেই লক্ষনীয়। এছাড়াও প্রেমের বিভিন্ন প্রকাশ আমরা দেখতে পাই আধুনিক সাহিত্যে।

সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা 'চন্দ্রশেখর'(১৮৭৫) উপন্যাসে আমরা দেখতে পাই প্রতাপ ও শৈবলিনীর বাল্যপ্রণয়ের অভিসম্পাত কিভাবে তাদের দাম্পত্য জীবনে প্রভাব ফেলে। শৈবলিনী ও প্রতাপের ভালোবাসা এবং শৈবলিনীর প্রতি তার স্বামী চন্দ্রশেখরের ভালোবাসা, কর্তব্যপরায়ণতা প্রভৃতি নিয়ে গড়ে উঠেছে অসামান্য এই প্রেমের উপন্যাসটি। উপন্যাসে প্রতাপের চিন্তাশীলতা এবং আত্মসংযম উপন্যাসটিকে অনন্য রূপ প্রদান করেছে। যেকারণে উপন্যাস শেষে উপন্যাসের এক অন্যতম চরিত্র রমানন্দ স্বামী প্রতাপকে উদ্দেশ্য করে বলেছেন— যদি চিত্তসংযমে পুন্য থাকে; তবে দেবতারাও তোমার তুল্য পুন্যবান নহেন।

অন্যদিকে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'দেবদাস' (১৯১৭) উপন্যাসের মূল কাহিনীর প্রেক্ষাপট গড়ে উঠেছে দেবদাস-পার্বতীর প্রেম, পারিবারিক কারণে তাদের বিচ্ছেদ, পার্বতীর ভুবণ চৌধুরীর সহিত বিবাহ, পার্বতীর বিরহে দেবদাসের মদ্যপান, শরীরের অবনতি এবং অন্তিম মুহূর্তে দেবদাসের মৃত্যুকে কেন্দ্র করে। সামাজের নিষ্ঠুরতায় কিভাবে সত্যিকারের ভালোবাসা বাধাপ্রাপ্ত হয় এবং উভয়ের জীবন বিবর্ণ হয়ে যায় তা এই উপন্যাসে দেখা যায়। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের এই উপন্যাসে প্রেম এক অভিনব আঙ্গিকে পাঠক হৃদয়কে আকৃষ্ট করে।

আবার তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'কবি' (১৯৪৪) উপন্যাসে প্রেম এক অন্য মাত্রায় চিত্রিত হয়েছে। ডাকাত বংশের ছেলে নিতাই একজন কবিয়াল, বিবাহিত ঠাকুরঝির সাথে তার প্রনয় এবং সামাজিক পরিস্থিতির কারণে তাদের বিচ্ছেদ এবং ঠাকুরঝিকে ছেড়ে গ্রাম থেকে চলে যাওয়া ইত্যাদির মধ্য দিয়ে নিতাইয়ের ভালোবাসা অসম্পূর্ণ রয়ে যাওয়ার এক অভিনব কাহিনী আমরা দেখতে পাই। এছাড়াও আমরা আধুনিক সাহিত্যে ভুরিভুরি প্রেমের উল্লেখ পাই, যেগুলি তৎকালীন সময়ে রচিত 'শেষের কবিতা' উপন্যাসের প্রেমের অভিনবত্বের সাথে তুলনীয় বিভিন্ন আঙ্গিকে ও ভিন্ন ভিন্ন দৃষ্টি ভঙ্গিতে।

আধুনিক সাহিত্যের আরও একজন প্রভাবশালী কথাসাহিত্যিক হলেন বুদ্ধদেব বসু। ১৯৪৯ সালে তাঁর বিখ্যাত উপন্যাস 'তিথিডোর' প্রকাশিত হয়। উপন্যাসটি মূলত বাঙালি মধ্যবিত্ত সমাজের জীবনযাত্রা, প্রেম ও তারুণ্যের ওপর আলোকপাত করে। মধ্যবিও জীবনের প্রেম, নিঃসঙ্গতার এক অসামান্য মেলবন্ধন ফুটে উঠেছে এই উপন্যাসে। স্বাতী ও সত্যেনের নিঃসঙ্গতা, একে অপরের প্রতি ভালোবাসা এক অভিনব আঙ্গিকে উপন্যাসের পরিণতিকে আহ্বান করেছে।

মানিক বন্দ্যোপাধ্যায়ের বিখ্যাত উপন্যাস 'পুতুলনাচের–ইতিকথা' প্রকাশিত হয় ১৯৩৬ সালে। স্বতন্ত্রতা, চিন্তাশীলতা, মুক্তসম্পর্ক এই উপন্যাসটিতে 'শেষের কবিতা' উপন্যাসের মতো প্রেমকে এক অসম্পূর্ণ পরিণতির দিকে অঙ্গুলি নির্দেশ করেছে। বহু আকাঙ্খিত ভালোবাসা ফিরে পেলেও সময়ের খেলায় তা অনেক সময় আমাদের জীবন থেকে হারিয়ে যায়। শশী-কুসুমের প্রেমসম্পর্ক ঠিক যেন তেমনই। দুজনেই দুজনকে

ভালোবাসলেও তারা পুতুলমাত্র। তাদের জীবনকে চালনা করার চাবিকাঠি অন্য কারো হাতে। উপন্যাস-মধ্যে আমরা কুসুমকে বলতে দেখি শশীর উদ্দেশ্যে— "আকাশের মেঘ কমে নদীর জল বাড়ে, নইলে কি জগৎ চলে ছোটোবাবু।"[6]

ঠিক একই ভাবে কালজয়ী আর একটি উপন্যাস হলো নিমাই ভট্টাচার্য রচিত- 'মেমসাহেব' উপন্যাস। যেখানে অসম্পূর্ণ এক প্রেমের উপাখ্যান দেখা যায়। উপন্যাসের নায়ক বাচ্চু, নায়িকা মেমসাহেব। বাচ্চুর মনে মেমসাহেবের প্রতি নিষ্ঠা, ভালোবাসা, মেমসাহেব কে হারিয়ে ফেলার কষ্ট, যন্ত্রনা ইত্যাদি প্রকাশিত হয়েছে দোলা বৌদিকে লেখা চিঠির মধ্য দিয়ে। আধুনিককালে যা কথাসাহিত্যে প্রেমের অভিনবত্বের এক অন্যতম উদাহরণ।

উপসংহার : রবীন্দ্রনাথ ঠাকুরের কালজয়ী উপন্যাস 'শেষের কবিতা' তে আমরা যেমন অসম্পূর্ণ প্রেমকাহিনী পেয়েছি, ঠিক তেমনই আধুনিক কালের সাহিত্যে আমরা বহু অসম্পূর্ণ প্রেমের উপাখ্যান পেয়েছি। যেগুলি অভিনবত্বের মোড়কে আবৃত। যেখানে প্রেম প্রথাগত নিয়ম, সমাজ সব কিছু থেকে ভিন্ন। যেখানে স্বতন্ত্র চিন্তাভাবনা, নিঃস্বার্থ ভালোবাসা এবং অভিনব প্রেমানুভূতি রয়েছে। যেগুলি পাঠ করলে মনে হয় এগুলি যেন তৎকালীন সময়ে লেখা 'শেষের কবিতা' উপন্যাসটির আদলে তৈরী। বলাবাহুল্য 'শেষের কবিতা' উপন্যাসে রবীন্দ্রনাথ ঠাকুর আধুনিক মনস্তত্ত্ব ও সম্পর্কের জটিলতা যেভাবে ফুটিয়ে তুলেছেন তা সম্পূর্ণভাবে আধুনিক প্রেমের সাথে সাদৃশ্যপূর্ণ।

Endnotes

1. জীবনস্মৃতি প্রকাশক শ্রীপুলিনবিহারী সেন, শিক্ষারম্ভ-পৃষ্ঠা ৩
2. জীবনস্মৃতি প্রকাশক শ্রীপুলিনবিহারী সেন, কবিতারচনারম্ভ-পৃষ্ঠা ২০
3. রবীন্দ্র উপন্যাস শেষের কবিতা, ডঃ সরোজমোহন মিত্র, পরিচ্ছেদ-১ অমিত চরিত্র পৃষ্ঠা ৩
4. রবীন্দ্র উপন্যাস শেষের কবিতা, ডঃ সরোজমোহন মিত্র, পরিচ্ছেদ-২ সংঘাত পৃষ্ঠা- ১৭
5. রবীন্দ্র উপন্যাস শেষের কবিতা, ডঃ সরোজমোহন মিত্র, অনুচ্ছেদ-১৬ মুক্তি পৃষ্ঠা ৯৩
6. পুতল নাচের ইতিকথা, মানিক বন্দ্যোপাধ্যায়, অনুচ্ছেদ-১২ পৃষ্ঠা ১৭৮

Bibliography

- মিত্র, ডঃ সরোজমোহন, রবীন্দ্রউপন্যাস শেষের কবিতা, প্রজ্ঞাবিকাশ, ৯/৩ রমানাথ মজুমদার স্ট্রীট, কলকাতা –(৭০০০০৯), প্রথম প্রকাশ - রথযাত্রা, ২০০৮
- ঠাকুর, রবীন্দ্রনাথ, জীবনস্মৃতি, প্রকাশক শ্রীপুলিনবিহারী সেন, বিশ্বভারতী, ৬/৩ দ্বারকানাথ ঠাকুর লেন, কলিকাতা-৭
- চক্রবর্তী, অধ্যাপক শুভঙ্কর, সর্বজনের রবীন্দ্রনাথ, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, কলকাতা।
- ঠাকুর, রবীন্দ্রনাথ, শেষের কবিতা, বিশ্বভারতী গ্রন্থনবিভাগ, ৫ দ্বারকানাথ ঠাকুর লেন, কলিকাতা ৭
- চট্টোপাধ্যায়, শরৎচন্দ্র, দেবদাস, শ্যামাপদ সরকার, কামিনী প্রকাশালয়, কলকাতা ৯
- চট্টোপাধ্যায়, বঙ্কিমচন্দ্র, চন্দ্রশেখর, শ্রী সাধনা বিশ্বাস ব্যানার্জী পাবলিশার্স, কলকাতা ৯
- বন্দ্যোপাধ্যায়, তারাশঙ্কর, কবি, মিত্র ও ঘোষ ১০, শ্যামাচরণ দে স্ট্রীট, কলিকাতা
- বসু, বুদ্ধদেব, তিথিডোর, নিউ এজ পাবলিশার্স লিমিটেড
- ভট্টাচার্য, নিমাই, মেমসাহেব, বিশ্ববাণী প্রকাশনী, কলিকাতা-৭
- বন্দ্যোধ্যায়, মানিক, পুতুল নাচের ইতিকথা, প্রকাশ ভবন, ১৫, বঙ্কিমচ্যাটার্জী স্ট্রিট, কলকাতা-৭৩

——

গান্ধীজির রামরাজ্য ও বর্তমান সমাজে তার প্রাসঙ্গিকতা

Partha Seal
Dept. of Political Science
Rabindra Bharati University
West Bengal, India
Email: parthaseal637@gmail.com

Abstract: মহাত্মা গান্ধীর 'রামরাজ্য' ধারনাটি একটি আদর্শ রাষ্ট্র ব্যবস্থার প্রতীক, যা সত্য, ন্যায়, সাম্য ও নৈতিক শাসন ব্যবস্থার উপর ভিত্তিকরে গড়ে ওঠা, অবশ্যই এটি কোন ধর্মীয় রাষ্ট্র নয় বরং আধ্যত্মিক ও নৈতিক এক শাসনের রূপক, গান্ধীর দৃষ্টিতে, রামরাজ্য মানে 'স্বরাজ' বা আত্মশাসন, যেখানে শাসন ব্যবস্থা বিকেন্দ্রীভূত এবং প্রতিটি ব্যক্তি নৈতিক দায়িত্ববোধ ও অহিংসা অনুসরণ করে। রামরাজ্য তার পরিপূর্ণতা পায় সর্বকল্যান সাধনের মধ্যে দিয়ে। বিশেষ করে গ্রামের স্বনির্ভরতা, সাম্প্রদায়িক সম্প্রীতি ও সরল জীবন যাপন নিশ্চিত করা। এটি শোষনহীন, বৈষম্যহীন, সমাজ গঠনের কথা বলে। যেখানে জাতি, ধর্ম বা লিঙ্গভেদে কারোর সঙ্গে বৈষম্য করা হয় না। গান্ধীজির রামরাজ্য এক ধরনের নৈতিক সমাজতন্ত্র যার হৃদয় ও মস্তিষ্ক হল ব্যক্তি ও রাষ্ট্র এবং এদের সম্পর্ক হল নীতিনিষ্ঠ ও ন্যায্যতায় পূর্ণ। এই আদর্শবাদী চিন্তাধারা দিয়েই গান্ধীজি আমাদের এক সুদূর ভবিষ্যতের এক আদর্শ রাষ্ট্রের ধারনা দিয়ে গেছেন। যদিও বর্তমান সমাজে সেটির বিকাশ বা অস্তিত্ত কোন ভাবে ভিত শক্ত করতে পারেনি, শুধু মাত্র ধারনা বা চিন্তাধারাতেই থমকে আছে।

Keywords: স্বরাজ, গ্রাম, রাজনীতি, পঞ্চায়েত, ধর্ম, অর্থনীতি, চরখা, খাদি, আন্তর্জাতিক অর্থনীতি।

ন্যায় ও সাম্যের পরিপূর্ণতা দিয়েই প্রতিষ্ঠিত হবে গান্ধীজির স্বপ্নের রাজ্য 'রামরাজ্য' (stateless society), যেখানে এক নতুন পথ ধরে হাঁটবে সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক পরিকাঠামো, যেখানে নৈতিকতা থাকবে প্রতিটি খন্ডে কিন্তু বৈষ্যমতা থাকবে না কোথাও, নীতি বলতে বুঝতে হবে অহিংসনীতি, কিন্তু বর্তমানের এই হিংসাত্মক মূলক সমাজব্যবস্থায় গান্ধীজির অহিংস রাষ্টহীন সমাজের প্রাধান্য কতটাই বা বাস্তবায়িত হল।

গান্ধীজির রামরাজ্যের প্রজানিজ নীতি দ্বারা পরিচালিত হবে, এখানেই আছে গান্ধীজির স্বরাজের ধারণা। আমার কাছে স্বরাজ হল দেশের দীনতম মানুষের মুক্তি। শুধু মাত্র ইংরেজ শাসনের জোয়াল থেকে ভারতকে মুক্ত করায় আমার আগ্রহ নেই, যে কোনও জোয়াল থেকেই ভারতকে মুক্ত করতে আমি বদ্ধপরিকর। এক রাজার বদলে আর এক অপদার্থ রাজা আসবে, তা আমি চাই না।[1] স্বরাজ হল নিজেকে শাসনকরা। যেখানে প্রতেকেটি মানুষ নিজ কর্তব্য দ্বারা পরিচালিত হবে। মানুষ নিজের লোভ লালশা থেকে দূরে থাকবে। গান্ধীজির মতে আনন্দ খুশি থাকা হল একটি মানষিক পরিস্থিতি। আর এটা তখনই সম্ভব যখন মানুষ পার্থিব বস্তুর উপর কোন লোভ রাখবে না। আর যত পরিমানে পার্থিব বস্তুর

উপর থেকে লোভ কম করতে পারবে মানুষ তত বেশি আনন্দ, খুশি আয়ত্ত করতে পারবে তার রামরাজ্যে, তার জন্য প্রয়োজন মানুষের একদম একটি সাধারণ জীবনযাপন, যেখানে ক্ষমতা ও সম্পত্তির লোভকে ত্যাগ দিতে হবে।

কিন্তু গান্ধীজি এটা কেন বলছেন? তার মতে চরম পর্যায়ে ভাবা তখনই সম্ভব যখন মানুষ পার্থিব বস্তুর উপর থেকে লোভ সরিয়ে নিজের মধ্যে দেখবে যে তার মধ্যে কী যোগ্যতা আছে, কী ক্ষমতা ও বৈশিষ্ট্য আছে এবং সেগুলিকে যখন উন্নত করার বা পরিবর্তন করার চেষ্টা করবে তখনই মানুষ চরম পর্যায়ে আত্ম আনন্দ লাভ করতে পারবে এবং একই সাথে স্বরাজ নীতিকে অর্জন করতে পারবে। স্বরাজ মানে এই নয় যে কোন ক্ষমতা কতৃত্ব অর্জন করা, আসল স্বরাজ হল সেটাই, যেখানে মানুষ এতটাই দক্ষ যে ক্ষমতা ও কতৃত্ব যার কাছেই থাকুক না কেন, মানুষ যেন সেই ক্ষমতা ও কতৃত্বকে বর্জন করতে পারে, যদি সেই ক্ষমতার অপব্যবহার হয়।

রাম রাজ্যের মানুষ কতটা দক্ষ হবে সেটা বুঝতে হবে শিক্ষা প্রদানের মাধ্যমে, কিন্তু বর্তমানের পরিকাঠামোগত শিক্ষাব্যবস্থায় দেখা যায় না। কারণ এখন তো মানুষ শিক্ষিত হয় একটি ভালো চাকরি পাওয়ার আশায় ও তার সাথে একটি বিলাশ বহুল জীবন যাপনের জন্য, তাই বর্তমান সমাজে গান্ধীজির রামরাজ্যের নাগরিকের খোঁজ পাওয়া দুষ্কর।

একগুচ্ছ গ্রামের সমষ্টি নিয়ে তৈরি হবে রামরাজ্য। যেখানে কোন জোর জবরদস্তি শক্তি থাকবে না। মানুষ ঈশ্বরের প্রতি বিশ্বাস রাখবে, নাগরিকদের কিছু অধিকার থাকবে ও থাকবে কিছু কর্তব্য, এখানের গ্রামগুলি থাকবে আত্মনির্ভর। প্রত্যেকটি গ্রাম তার নিজ উপার্জন নিজেই করবে, তাদের অর্থনীতি ব্যবস্থা এতটাই সুগঠিত হবে যাতে তারা যা উপার্জন করবে সেটা দিয়েই নাগরিকরা তাদের জীবন যাপন করবে। যেখানে ফসল উৎপাদন ততটাই হবে যতটাতে নাগরিক তাদের জীবন যাপন করতে পারবে, অর্থাৎ বর্তমানে আমরা যেই গ্রামে বসবাস করছি তার সাদৃশ্যের সম্পূর্ন বিপরীত।

'গান্ধীজির কাছে রাজনীতি হলো জীবনের সত্য অনুসন্ধানের একটি বিশেষ দিক, একটি নৈতিক প্রক্রিয়া'।[2] যদি গান্ধীজি ১৮৯৩ খ্রীষ্টাব্দে দক্ষিন আফ্রিকায় শেতাঙ্গ সরকারের বিরুদ্ধে প্রতিবাদি আন্দোলনের মধ্য দিয়ে রাজনীতি জীবনের সূত্রপাত ঘটায় কিন্তু ভারতের রাজনীতিতে ১৯১৯ খীষ্টাব্দে জাতীয় কংগ্রেসের ভারতীয় জাতীয় মুক্তি আন্দলনের অংশগ্রহনের মধ্য দিয়ে ভারতীয় রাজনীতিতে তার আবির্ভাব ঘটে। আসলে গান্ধী নতুন কোন নীতি বা আদর্শের স্রষ্টা হিসাবে নিজের মতো করে চিরন্তন সত্যকে দৈনন্দিন জীবন ও সমস্যাগুলির সমাধানের এক ঔষধি হিসাবে প্রয়োগ করে চলেছিলেন।

আচ্ছা সে না হয় বোঝা গেল তাহলে রামরাজ্যের গ্রামগুলি কিভাবে রাজনৈতিক ভাবে পরিচালিত হবে। গ্রামগুলি পরিচালিত হবে কিছু নির্দিষ্টকালীন জনপ্রতিনিধি দ্বারা, কারণ, মানুষ এর পর নিজেই দক্ষ হয়ে উঠবে ও এতটাই সঠিক হয়ে পরবে যে, সে নিজেই নিজেকে পরিচালিত করবে ও তার গ্রাম গুলিকেও পরিচালিত করবে। তখন নাগরিকদের আর কোন প্রতিনিধির প্রয়োজন হবে না। এখানে প্রত্যেকটি মানুষই নিজের নিজের শাসক হবে। নিজেই নিজেকে শাসন করবে, তখন আর রাষ্ট্রের প্রয়োজন হবে না, এবং তৈরি হবে রাষ্ট্রহীন সমাজ ব্যবস্থা, কিন্তু মনে রাখতে হবে নিজেদের এমন ভাবে শাসন করবে যাতে তাদের প্রতিবেশীর কোন হানি না হয়। তাহলে যেখানে ব্যক্তি অন্য কোন ব্যক্তির সমস্যার কারণ হবে না, তাহলে সেখানে রাজনৈতিক ক্ষমতারও কোন প্রয়োজন হবে না, আর

সেখানে কোন রাষ্ট্রেরও প্রয়োজন হবে না। কিন্তু প্রয়োজন হবে পঞ্চায়েতের যা গ্রামগুলির শাসন, রাজনীতি, অর্থনীতি পরিচালনা করবে ও গ্রামগুলিকে স্বনির্ভর করে তুলবে।

গান্ধীজি নিজেকে সনাতনী হিন্দু হিসাবে দাবি করলেও কখনই হিন্দুধর্মের সঙ্গে জড়িত কোন অর্থনৈতিক কাজকর্মকে সমর্থন করেননি, কারণ সব থেকে বড় পরিচয় হলো আমরা মানবজাতি, তিনি কখনই অস্পৃশ্যতাকে মেনে নিতে পারেনি। ধর্ম হবে মানবিকতার ও নৈতিকতার যেটা কিনা হিন্দু-খ্রীষ্টান-মুসলিম সকল ধর্মকে ছাপিয়ে গিয়ে সার্বজনীন ধর্মকে অনুসরণ করবে। ধর্ম ও রাষ্ট্র থাকবে পৃথকভাবে। ধর্ম হবে মানুষের ব্যক্তিগত বিষয়। কোন শিক্ষা প্রতিষ্ঠান গুলিতে কোন প্রকার ধর্মভিত্তিক শিক্ষার প্রাধান্য থাকবে না।

গান্ধীজির মতে ভারতের অর্থনৈতিক ভবিষ্যৎ হল চরখা ও খাদি। ভারতের প্রত্যেকটি গ্রাম যদি আত্মনির্ভর হয় তাহলে প্রত্যেকটি গ্রামকে চরখা ও খাদি দত্তক নিতে হবে। কারণ গ্রামীণ নগরীকরণ সম্ভবই না চরখা ও খাদি ছাড়া। গ্রামীণ কুঁঠির শিল্পগুলিকে বাস্তবায়ন ও প্রসারিত করতে পারলেই রামরাজ্য একধাপ এগিয়ে যাবে। চরখার দ্বারাই ভারতবর্ষের চরম নিঃস্বতা কমানো সম্ভব। যেভাবে মানুষের চরম নিঃস্বতাকে বিতাড়িত করা যাবে সেই উপায়ে স্বরাজ আসবে। গান্ধীজির উদ্দেশ্য ছিল নিজের হাতে বোনা কাপড় পরা, গ্রামগুলির আত্মনির্ভরতার পথকে প্রসস্থ করে দেওয়া, যাতে মানুষ কিছু শিখতে পারে। এই ভাবে ভারতবর্ষের তাঁতিদের জীবন সর্ম্পকে অবগত হওয়া যায়। কিন্তু রবীন্দ্রনাথ ঠাকুর এর কাছে চরখা ব্যবস্থা আর কিছুই নয় একটি প্রতিকী মাত্র।

রবীন্দ্রনাথ ঠাকুর এর দৃষ্টিভঙ্গি পর্যালোচনা করে বলা যায়, গান্ধীর চরখার আসল উদ্দেশ্য ছিল আত্মনির্ভরতা ও উন্নয়ন। তবে এটি ভারতের অর্থনৈতিক ও শিল্পোন্নতির জন্য তেমন কোন সুরহা ছিল না। কারণ রবীন্দ্রনাথ মনে করতেন ঐতিহ্যবাহী শিল্পের পাশাপাশি আধুনিক শিল্প ও বৈজ্ঞানিক অগ্রগতির প্রয়োজন রয়েছে। চরখা কোন ফলস্বরূপ অর্থনৈতিক উপাদান না। চরখার প্রতি অন্ধবিশ্বাস আমাদের কোন সমাধান দিতে পারবে না। চরখা হয়তো কোন নির্দিষ্ট উপকারে আসতে পারে, কিন্তু এতে সব সমাধান যে হবে তা মনে করা ভুল।

গান্ধীজিকে আমরা এখন সব জায়গাতেই দেখতে পাই। বিভিন্ন ব্যানারে, পোস্টারে, টাকায়, বইতে কিন্তু গান্ধীবাদি চিন্তাধারায় বাস্তবায়ণ দেখা যায় কি? দেখা গেলেও তার পরিমান এই প্রবল বিশ্বে যৎসামান্য। বর্তমানের কেন্দ্রীভূত ক্ষমতা, রাজনৈতিক মেরুকরণ, ধর্মীয় সংঘাত, জাতিগত বিদ্বেষ, বৈষম্য, সবইতো গান্ধীবাদি চিন্তাধারার বিপরীত। গান্ধীজি চাইতেন একটা গ্রাম হবে আত্মনির্ভর, কারণ একটি স্বনির্ভর গ্রামই হল গান্ধীজি রামরাজ্যের হৃদয়। কিন্তু বর্তমানে বিশ্বায়নের যুগে রামরাজ্য থমকে আছে। বর্তমান যুগে এখনও অধরাই রয়ে গেল। তাহলে কি সারাজীবন মানুষ শুধু গান্ধীজির ভাবধারাকে বইতেই পড়বে, তার স্বপ্নের রামরাজ্যে বসবাস করবে না। অনেকে মনে করেন, গান্ধীজির রামরাজ্য ছিল শুধু হিন্দুদের জন্য। কিন্তু গান্ধীজি কখনই এই কথা বলেননি। তিনি রামরাজ্যকে কখনোই হিন্দু রাজত্ব হিসাবে বোঝাননি। রামরাজ্য ছিল তার কাছে ঈশ্বরের স্বর্গীয় রাজ্য। তার কাছে রাম ও রহিম একই দেবমূর্তি, তিনি অন্য কোন দেবতাকে স্বীকার করেননি। একমাত্র স্বীকার করেছেন সত্য ও ন্যয়পরায়নতার দেবতাকে।

বর্তমান সমাজে যে ভাবে আধুনিক অর্থনীতিতে যে আন্তজার্তিক প্রতিযোগিতার পরিধি বেড়েই চলেছে দিন দিন, সেখানে শুধু গ্রামভিত্তিক সমাজে শিল্প প্রযুক্তির উন্নয়ন সীমিত।

স্বশাসিত গ্রাম গুলির কাছে আন্তজার্তিক অর্থনীতির ভীত শক্ত করা খুবই কঠিন। আন্তজার্তিক অর্থনীতি কখনই গ্রামীণ অর্থনীতির মুখাপেক্ষী হয়ে থাকতে পারবে না। যেখানে সন্ত্রাসবাদ, যুদ্ধ, পরিস্থিতীর বর্তমান সেখানে শুধুমাত্র নৈতিকতা, অহিংসনীতির অস্ত্র দিয়ে এই সমাস্যার সম্পূর্ন উচ্ছেদ অসম্ভব, যাই হোক গান্ধীজি এই রামরাজ্যের ধারনার প্রবর্তন করেছিলেন এক সুদুর ভবিষ্যৎ এর কথা মাথায় রেখে, যেখানে মানুষ মানুষের কল্যান সাধনের অগ্রাধিকারকে প্রাধান্য দেবে। জাতিধর্ম নির্বিশেষে ঐক্য বজায় রাখবে। এই ধারণার গুরুদায়িত্ব শুধু রাষ্ট্রনায়কদের উপর বর্তায় না বরং একই সাথে দেশের প্রতিটি নাগরিকের চেতনার অধীন।

Endnotes

1. গান্ধী মানস, পৃঃ - ২৫৭
2. ধর্ম ও রাজনীতিঃ গান্ধী ও ভগৎ সিং এর একটি তুলনামূলক পর্য্যালোচনা। পৃঃ ৭৮

Bibliography

- প্রভু, আর.কে, অনুবাদ-মহাশ্বেতা দেবী, ন্যাশনাল বুক ট্রাস্ট, ইন্ডিয়া, ২ অক্টোবর, ১৯৯৪.
- বন্দ্যোপাধ্যায়, শৈলেশ কুমার, গান্ধী পরিক্রমা, মিত্র ও ঘোষ পাবঃ প্রাঃ লিঃ ১০ শ্যামাচরন দে ষ্ট্রীট, কোলকাতা-৭৩.
- গান্ধী, মোহনদাস করমচান্দ, সত্যের অন্বেষন, অনুবাদ-গীতা চৌধুরি, সাহিত্য অ্যাকাডেমি- রবীন্দ্রভবন, ৩৫ ফিরোজ শাহ রোড, নতুন দিল্লী-১১০০০১, প্রথম প্রকাশক- ২০১২.
- সরকার, কল্যালকুমার, প্রাক-স্বাধীন ভারতীয় রাজনীতিঃ গান্ধী ও নেতাজী সাধনা প্রেস ৪৫/১ এফ বিডন স্ট্রীট, কোল- ৭০০০০৬, প্রকাশক কান্তিরজ্ঞন ঘোষ, ২০০১.
- চ্যাটার্জী, পূর্নিমা, ধর্ম ও রাজনীতিঃ গান্ধী ও ভগৎ সিং এর একটি তুলনামূলক পর্য্যালোচনা। প্রকাশক- তপন দে, দে পাবলিকেশন, ১৩ বঙ্কিম চ্যাটার্জি স্ট্রীট কোলকাতা- ৭০০০৭৩, প্রথম প্রকাশক- ২০১৩.

——

উনিশ শতকে বাংলা সাময়িক পত্রে গদ্য সাহিত্য রচনার সূত্রপাত

Anjana Hembrom
Ex-Student, Dept. of Bengali
Burdwan University
West Bengal, India
Email: anjanahembrom19@gmail.com

Abstract: সাময়িক পত্র বা ম্যাগাজিন বলতে নির্দিষ্ট সময় পর পর প্রকাশিত এক ধরনের পত্রিকা। সাময়িকী গুলিতে বিভিন্ন বিষয় বস্তুর সমাহার থাকে। উনিশ শতকে বঙ্গীয় সাহিত্য-সমাজ-সংস্কৃতিতে যে নতুনতর চিন্তা-চেতনার সুত্রপাত হয়েছিল, সাহিত্যের ক্ষেত্রে তা মুখ্যত বাংলা গদ্যকে বাহন করে প্রসার লাভ করে। আর এই গদ্য ভাষার প্রসারের অন্যতম মাধ্যম হচ্ছে সাময়িক পত্রিকা। তৎকালীন সময়ে সাময়িক পত্রের প্রকাশের মাধ্যমে ব্রিটিশ শাসিত ভারতের শিক্ষা, সমাজ ও ধর্মজীবন কে প্রভাবিত করেছিল। শিক্ষিত ভারতীয়দের সংস্কার প্রচেষ্টায় এক নতুন ভারত গঠনের দিশা দিয়েছিল। উনিশ শতকে বাংলার বিভিন্ন সাময়িকপত্র, সংবাদপত্র ও সাহিত্যে বাংলার সমাজ সংস্কৃতির চিত্র ফুটে উঠেছে। পাশ্চাত্য শিক্ষা ও সংস্কৃতির স্পর্শে এই সময় বাংলায় নবচেতনার প্রকাশ ঘটে ও বাংলার শিক্ষা, সমাজ ও ধর্মজীবনে এক নতুন গতিশীলতা ও সৃজনশীলতার জন্ম নেয় যা জাতীয়তাবাদের ভিত্তি নির্মাণে সহায়ক হয়েছিল। ফলে জনগনের মধ্যে খুবই কম সময়ের মধ্যে সাময়িক পত্রের প্রসার লাভ করে। প্রায় সকল প্রকার গদ্য ভাষার বিকাশেই পত্রের একটি ভূমিকা আছে। বাংলা গদ্য ভাষার বিকাশ ও তার ব্যতিক্রম নয়। বাহুল্য হলেও একথা সত্য যে কোনো দেশের রাষ্ট্রীয়, সামাজিক ও সাংস্কৃতিক জীবনের প্রতিচ্ছবি হল সাময়িক পত্র। সেই সঙ্গে দেশ বিদেশের সভ্যতার অগ্রগতি জ্ঞান ও বিজ্ঞানের বিস্তারের প্রচেষ্টা ও প্রতিফলিত হয়, যুগোপযোগী নবচেতনার উদ্বোধন, পরিপোষণ এবং প্রচারের জন্য সাময়িকপত্র এক বড় মাধ্যম। তাই আধুনিক যুগে বাংলা সাহিত্য ও সংস্কৃতি ভাবনার পূর্ণ পরিচয় লাভের ক্ষেত্রে সাময়িক পত্রের অবদান তাৎপর্যপূর্ণ।

Keywords: সাময়িক পত্র, বেঙ্গল গেজেট, দিগদর্শন, তত্ত্ববোধিনী।

বাংলা সাময়িক সাহিত্যে ক্রমোন্নতি ও গতির আলোচনা করতে হলে আমাদেরকে প্রথমত: সেই প্রাচীন সাময়িক সাহিত্য প্রচার কালের ও তৎপূর্ব কালের দেশীয় সাহিত্য ও দেশীয় শিক্ষার অবস্থা ,সে কালের সাময়িক পত্র ও সমাজের কথা এবং দেশের রাজকীয় বিধি ব্যবস্থার বিষয় আলোচনা করতে হবে এবং কি সূত্রে বাঙ্গালায় প্রথম সাময়িক পত্রের উদ্ভব হয়েছিল এবং ক্রমে কিরূপে যুগে যুগে প্রবর্তক মনস্বী মহাপুরুষ গণের চিন্তা ও ভাবের আদান প্রদানে বাঙ্গালা সাহিত্য সম্পদশালী হয়ে আজ তা নিমিল বিশ্ব সাহিত্যের বৈঠকে সাদর অভ্যর্থনা ও পুষ্প চন্দন লাভ করতে সমর্থ হয়েছে তাহা অনুসন্ধান করে

বাহির করতে হবে।

সংবাদপত্র সাহিত্য-পত্রের পূর্ব হতেই প্রচারিত হতে আরম্ভ হয়েছিল। সুতরাং সংবাদ পত্রের ভাব থেকেই সাময়িক পত্রের প্রচারের সূচনা হয়েছিল ,তা অনুমান করা যায়। কথিত আছে ,ভূখণ্ডেই সংবাদ পত্রের জন্মভূমি। চীন সভ্যতার উন্মেষকালে প্রাচীন চীন দেশে সর্ব প্রথম সংবাদপত্র বাহির হয়েছিল। সম্রাট আকবরের সময় গভর্নমেন্ট গেজেটের ন্যায় রাজকীয় সমাচার পত্র প্রচারিত হত ,আইন-আকবরী গ্রন্থে আবুল ফজল ইহার উল্লেখ করেছেন। এইরূপে ক্রমে সংবাদ পত্রের ভাব থেকেই সাময়িক পত্রের প্রচারের সূচনা হয়। সাময়িক পত্রের সূচনা সর্বাগ্রে ফরাসী রাজ্যে হয়েছিল। ১৬৬৫ খ্রিঃ ফরাসী পার্লামেন্টের সদস্য Denis De Sallo ফ্রান্সে রাজধানী প্যারিস থেকে‘ The Journal Des Scavans’ নামক সাহিত্য ও সমালোচনা - পত্র প্রকাশ করেন। আইজ্যাক ডিসরেলী বলেন এই Journal Des Scavans ই জগতের প্রথম সাহিত্য ও সমালোচনাপত্র।

বাঙ্গালায় যে সময় সাময়িক পত্রের প্রচার আরম্ভ হয়েছিল তখন বাঙ্গালা সাহিত্যের অবস্থা অত্যন্ত শোচনীয় ছিল। বলতে গেলে এই সময় বাঙ্গালা সাহিত্যে মিশনারি যুগ।

মিশনারি যত্ন চেষ্টায় যখন বাঙ্গালা ভাষায় পুঁথি এইরুপে লিখিত ও প্রচারিত হতে শুরু করল সেই সময় ১৭৮০ খ্রিঃ জেমস অগাস্টাস হিকির সম্পাদনাতে ইংরেজি ভাষায়‘ বেঙ্গল গেজেট ’পত্রিকাটি প্রকাশিত হয়েছিল। বাংলার একজন ব্রাহ্মন কলিকাতা থেকে বাঙ্গালা ভাষায় প্রথম সাময়িকপত্র প্রচার করেছিলেন। বেঙ্গল গেজেটের সেই সম্পাদকের নাম - গঙ্গাধর ভট্টাচার্য।‘ বেঙ্গল গেজেট ’উঠে গেলে ১৮১৮ অব্দের এপ্রিল মাসে মার্সম্যান প্রমুখ শ্রীরামপুরের মিশনারিগন শ্রীরামপুর থেকে‘ দিগদর্শন ’নামে একখানা মাসিক পত্র প্রকাশ করতে আরম্ভ করেন।‘ দিগদর্শন ’প্রকাশিত হলে মিশনারিদিগের মধ্যে মতভেদ উপস্থিত হল কেরী সাহেব গভর্নমেন্টের বিনা অনুমতিতে পত্রিকা বাহির করবার বিরোধী ছিলেন। ‘দিগদর্শন ’বাহির হবার পর যখন গভর্নমেন্টের পক্ষ থেকে যেমন রুপ প্রতিবাদ বা কৈফিয়ত তলপ হল না ,তখন মার্সম্যান একখানা বাঙ্গালা সাপ্তাহিক পত্রিকা প্রকাশ করতে উৎস্যুক হয়ে পড়লেন। ১৮১৮ সালে ২৩ শে মে‘ সমাচার দর্পণ ’সাপ্তাহিক পত্রিকার প্রথম সংখ্যা প্রকাশিত হয়। পত্রিকাটি প্রতি শনিবার শ্রীরামপুর থেকে প্রকাশিত হত। প্রথম তিন সপ্তাহ এই পত্রিকা বিনা মূল্যে বিতরণ করা হয়। এই পত্রিকায় খ্রিষ্টধর্মের মহত্ব ,ঐতিহ্য, যীশুখ্রিস্টের বানী ও জীবনী প্রচারের পাশাপাশি কিছু যুক্তি -তর্কের অবতারণা করা হয়।

১৮১৯ অব্দে কলিকাতার মিশনারিরা‘ গস্পেল ম্যাগাজিন ’নামে খ্রিস্টীয় তত্ত্বপূর্ণ একখানা মাসিক পত্র বাহির করেন ,এই পত্রে ও সমাচার দর্পণে হিন্দুধর্মের বিরুদ্ধ কথা প্রকাশিত হতে থাকলে রামমোহন রায়‘ সংবাদ কৌমুদী ’নামে একখানা সাপ্তাহিক সংবাদ পত্র ও ১৮২১ সালে‘ ব্রাহ্মন-সেবধি ’নামে আর একখানা মাসিক পত্র প্রকাশ করে তাতে মিশনারিদিগের পত্রিকায় প্রকাশিত বিষয়ের প্রতিবাদ করেন। এই পত্রিকা ১২ মাসে ১২ খানা মাত্রই বাহির হয়েছিল। রামমোহন রায় শিবপ্রসাদ শর্মার নাম প্রবন্ধের নীচে দিয়ে পত্রিকা বাহির করতেন। ব্রাহ্মন সেবধির প্রথম ও দ্বিতীয় সংখ্যায় প্রকাশ করেন ,তাতে খ্রিষ্টধর্ম সম্বন্ধেও তিনি অনেকগুলি প্রশ্ন করেন। এই প্রশ্নগুলির উত্তর মিশনারিরা‘ ফ্রেন্ড অব ইন্ডিয়া ’নামক তৎকালীন ইংরেজি সংবাদ পত্রে ইংরেজি ভাষায় প্রদান করেন। ব্রাহ্মন সেবধির তৃতীয় সংখ্যায় রামমোহন রায়‘ ফ্রেন্ডস অব ইন্ডিয়া ’পত্রে প্রকাশিত উক্ত উত্তরের রামমোহন রায় সতীদাহ প্রথার বিরুদ্ধে আন্দোলন করলে তাঁর সহযোগী বন্ধু ভবানীচরন

বন্দ্যোপাধ্যায় তাঁর দল পরিত্যাগ করে হিন্দু সমাজের নেতা রাজা রাধাকান্ত দেবের পক্ষ অবলম্বন করেন ও' সংবাদ কৌমুদী 'র প্রতিযোগী' সমাচার চন্দ্রিকা 'নামে আর একখানা সংবাদ পত্রিকা বাহির করেন। ১৮২২ খ্রিঃ মার্চ মাসে গোঁড়া হিন্দুদের মুখপত্র' সমাচার চন্দ্রিকা 'পত্রিকা করেন। ফ্রান্স থেকে পুনরায় ইংল্যান্ডে প্রত্যাগমন করে ব্রিষ্টল নগরে ১৮৩১ অব্দের ২৭ শে সেপ্টেম্বর প্রাণ ত্যাগ করেন। তাঁর মৃত্যুর পর আরও প্রায় ২ বৎসর চলেছিল তারপর পত্রিকাটি বন্ধ হয়ে যায়।

'সংবাদ প্রভাকর 'পত্রিকাটি প্রথমে ছিল সাপ্তাহিক পত্রিকা। ঈশ্বরচন্দ্র ১৮৩২ খ্রিঃ এটির সম্পাদক পদ ত্যাগ করেন। প্রায় তিন বছর পর ১৮৩৬ খ্রিঃ আগস্ট মাস থেকে ঈশ্বরচন্দ্র গুপ্তেরই সম্পাদনায়' সংবাদ প্রভাকর 'পত্রিকা' বারত্রয়িক 'পত্রিকা রুপে পুনঃপ্রকাশিত হয়। ১৮৩৯ খ্রিঃ ১৪ই জুন থেকে দৈনিক পত্রিকায় পরিণত হয়। এটিই বাংলা ভাষায় প্রকাশিত প্রথম দৈনিক পত্রিকা। এই পত্রিকা ঈশ্বর গুপ্তের প্রগতিশীল মনোভাবের পরিচয় বহন করে।

১৮৪৩ খ্রিঃ' তত্ত্ববোধিনী 'পত্রিকা প্রকাশের পূর্ব পর্যন্ত এই সমস্ত সাময়িক পত্র বাংলা গদ্যের প্রচারে এবং প্রতিষ্ঠায় যথেষ্ঠ গুরুত্বপূর্ণ ভুমিকা গ্রহন করেছিল। মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর ছিলেন প্রতিষ্ঠাতা। বিশিষ্ঠ গদ্য লেখক ও বিদগ্ধ পণ্ডিত অক্ষয়কুমার দত্ত ঐ পত্রিকার সম্পাদক নিযুক্ত হন। অক্ষয়কুমারের বিজ্ঞান সচেতন ও বিচিত্র বিষয়ক প্রবন্ধগুলি এই পত্রিকাতেই প্রকাশিত হতে থাকে। প্রথম বারো বছর এই পত্রিকার সম্পাদক ছিলেন। দেবেন্দ্রনাথ ঠাকুরের ব্রাহ্মধর্ম বিষয়ক বক্তৃতা গুলি' তত্ত্ববোধিনী 'তে প্রকাশিত হত। বিদ্যাসাগর ব্যতীত তখনকার কালের শ্রেষ্ঠ লেখকের প্রায় সকলেই এতে কমবেশী লিখতেন এটি ছিল সে যুগের শ্রেষ্ঠ পাক্ষিক পত্রিকা।

১৮৫১ সালে ভার্নাকুলার লিটারেচার সোসাইটির আনুকূল্যে বিখ্যাত ঐতিহাসিক ও পুরাতত্ত্ববিদ সুপণ্ডিত রাজেন্দ্রলাল মিত্র' বিবিধার্থ সংগ্রহ 'নামে এক মাসিক পত্রিকা প্রকাশ করেন। এই পত্রিকার প্রথম সাহিত্য সমালোচনা শুরু হয় দেবেন্দ্রনাথ ঠাকুর ,কালীপ্রসন্ন সিংহ ,মথুরামোহন তর্করত্ন ,সত্যেন্দ্রনাথ ঠাকুর ,মাইকেল মধুসূদন দত্ত প্রমুখরা কবিতা লিখতেন। মাইকেলের' তিলোত্তমাসম্ভব 'কাব্য' বিবিধার্থ সংগ্রহ 'প্রথম প্রকাশ হয়েছিল। তখন 'বিবিধার্থ সংগ্রহ 'বার শত মুদ্রিত হয়ে বার শত বিলি হত। এই পত্রিকাটি নিয়মিত ও অনিয়মিত ভাবে ছয় বৎসর চলার পর রাজেন্দ্রলাল সম্পাদকীয় ভার বাবু কালীপ্রসন্ন সিংহের হস্তে ন্যস্ত করেন ১২৬৭ বঙ্গাব্দে বৈশাখ মাস থেকে ৮ মাস কাল প্রকাশের পর অগ্রহায়ণ পর্যন্ত তারপরে একেবারে বন্ধ হয়ে যায়।

নিত্যধর্ম্মানুরঞ্জিকা পত্রিকার সময়েই 'ধর্ম্মরাজ' 'হিন্দু বন্ধু' 'সত্য ধর্ম প্রকাশিকা 'প্রভৃতি আরও কয়েকখানা হিন্দু ধর্ম বিষয়ক পত্র-পত্রিকা বাহির হয়েছিল। এই গুলির মধ্যে ধর্ম্মরাজের নাম উল্লেখযোগ্য। ১২৫৯ বঙ্গাব্দে) ১৮৫২খ্রিঃ (ফাল্গুন মাসে ধর্ম্মরাজ বাহির হয়। এর আকার ক্ষুদ্র-ডিমাই বার পেজি ৪ ফর্ম্মা বা ৪৮ পৃষ্ঠা ছিল। সম্পাদক ছিলেন-শ্রীতারকনাথ দত্ত। মূল্য ছিল বার্ষিক আড়াই টাকা। ধর্মরাজে খ্রিষ্টীয় ধর্ম পুস্তকের বিতর্ক নামক একটি প্রবন্ধ প্রতি সংখ্যায় বাহির হতো। এত ব্যতীত' জাত্যাভিমান' 'ভারতবর্ষের ইতিহাস 'প্রভৃতি কয়েকটি বড় প্রবন্ধ ও ক্রমশঃ প্রকাশিত হতো। পত্রিকাটি প্রথম বর্ষ চলার পর তা বন্ধ হয়ে যায়।

১৮৫৪ খ্রিঃ বাবু রাধানাথ সিকদারের সহিত মিলিত হয়ে প্যারীচাঁদ মিত্র' মাসিক পত্রিকা 'নামে এই ক্ষুদ্র স্ত্রীপাঠ্য মাসিক কাগজ খানা বাহির করেন। এই পত্রিকার মুখপত্রে

লিখিত থাকত“ -এই পত্রিকা সাধারণের বিশেষতঃ স্ত্রীলোকদিগের জন্য ছাপা হইতেছে, বিজ্ঞ পণ্ডিতেরা পড়িতে চান পড়িবেন ,কিন্তু তাঁহাদের নিমিত্তে এই পত্রিকা লিখিত হয় নাই”।[1]

প্যারীচাঁদ মিত্র‘ আলালের ঘরের দুলাল ’লিখে সুপরিচিত হয়েছিলেন। এই উপন্যাস খানা‘ মাসিক পত্রিকা ’য় প্রথম খণ্ডে বাহির হতে আরম্ভ করেছিল। বাংলা মাসিক পত্রিকায় প্যারীচাঁদই বোধ হয় প্রথম উপন্যাস প্রচারের সূচনা করেন। এই পত্রিকাটি ষোল সংখ্যা হওয়ার পর উঠে যায়।

চুঁচুড়া থেকে‘ সুবোধিনী ’নামে এই পত্রিকা খানা ১৮৫৭ খ্রিঃ বাহির হয়। সম্পাদক ছিলেন বাবুরাম চন্দ্র দিচ্ছিত ,সুবোধিনীতে ঈশ্বরগুপ্তের কবি-শিষ্য অনেকেই পদ্য লিখতেন কৃষ্ণসখা মুখোপাধ্যায় ,গোপালচন্দ্র মুখোপাধ্যায় ,অভয়চন্দ্র পাঁড়ে প্রমুখের কবিতা বাহির হত। সিপাহী যুদ্ধের সময় পাঁড়েজি যে পদ্য লিখেছিলেন তাহা এইরুপ“ - জয় বৃটিশের জয় ,জয় বৃটিশের জয়

যতেক বিদ্রোহীদল ,যাক সব রসাতল
প্রবল বৃটিশ বল ,হউক অক্ষয়[2]”

১৮৫৭ সনের ২রা জুন হুগলী কলেজিয়েট স্কুলে ভর্তি হওয়ার কিছু পূর্বে থেকে সুবোধিনী প্রকাশিত হত। তিন বৎসর মোটের উপর চলে। তার পর সম্পাদক দিচ্ছিত মহাশয়ের উচ্চতর কর্ম হলে ,তিনি যাবার পূর্বে একজন সংস্কৃতজ্ঞ অধ্যাপক যাদবচন্দ্র তর্কবাগীশ হস্তে সম্পাদনার ভার দিয়ে চলে যান। তিনি এরুপ কঠিন বাঙ্গালায় কাগজ লিখিতে লাগিলেন যে ২/4 মাসের মধ্যেই কাগজ উঠে গেল।

১৮৬৩ আগস্ট মাসে কলকাতায় বামাবোধিনী সভা থেকে‘ বামাবোধিনী ’পত্রিকা বাহির হয়। এটি একটি মহিলা মাসিক পত্রিকা। এই পত্রিকাটি ব্রাহ্ম আন্দোলনের নেতা কেশবচন্দ্র সেনের অনুগামী উমেশচন্দ্র দত্ত কত্রিক নারী সমাজের উন্নয়নের জন্য বাংলা ভাষায় প্রকাশিত প্রথম মাসিক পত্রিকা। এই পত্রিকার মূল উদ্দেশ্য ছিল নারী শিক্ষার বিস্তার ঘটানো ,নারীদের শিক্ষিত করে তোলা এবং বাল্যবিবাহ ও অসম বিবাহের বিরোধিতা করা। বামাবোধিনীর কণ্ঠে প্রতি সংখ্যায় নতুন নতুন শ্লোকমালা শোভা পাইত।

দ্বিতীয় সংখ্যায় এই কবিতাটি ছিল -

“সকলের পিতা যিনি করুনা নিধান।
নর নারী প্রতি তাঁর করুনা সমান॥
জ্ঞানধর্মে উভয়ের দিয়াছেন মন।
নয়ন থাকিতে অন্ধ কেন বামাগন॥”[3]

প্রথম প্রথম বামাবোধিনীতে বামা রচনা দুই একটির অধিক থাকত না। পরিচালকগন মহিলা লেখিকা দিগকে প্রবন্ধ রচনা করতে উৎসাহিত করে এবং উৎকৃষ্ট প্রবন্ধের জন্য পুরস্কার প্রদান করে ক্রমে মহিলা লেখিকার সংখ্যা বৃদ্ধি করেছিলেন। তাঁর মধ্যে স্বর্ণলতা বসু ,লক্ষ্মীমণি দেবী ,রমাসুন্দরি দেবী ,যোগমায়া দেবী ,কামিনী দেবী ,স্বর্ণপ্রভা বসু প্রমুখ। এই পত্রিকাটি উমেশচন্দ্র দত্ত তাঁর মৃত্যুর ১৯০৭ অবধি চুয়াল্লিশ বছর সম্পাদনা করেন।

১৮৭২ সালে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় সম্পাদিত‘ বঙ্গদর্শন ’পত্রিকার প্রথম প্রকাশ। এটিই প্রথম যথার্থমানের উন্নত সাহিত্য পত্রিকা। সংবাদ পরিবেশন ও সারগর্ভ প্রবন্ধ প্রকাশ

প্রায় সবকটিই পত্রিকারই একমাত্র লক্ষ্য ছিল। কিন্তু প্রথম সর্বাঙ্গীণ সাহিত্য প্রচেষ্টার শুরু হয়' বঙ্গদর্শনে'। রবীন্দ্রনাথ' বঙ্গদর্শনে 'র আবির্ভাবের বিস্ময়কে ব্যক্ত করেছেন। তিনি বললেন যে - সাহিত্য তখন ছিল অন্ধকার আর সুষুপ্তির অধ্যায় ,লোককথা রূপকথা কিংবা ছেলে ভোলানোর গল্প যেন আচ্ছন্ন করে রাখতে চেয়েছিল পরিবেশ ,তখন বঙ্কিমচন্দ্র বঙ্গসাহিত্যের প্রভাতের সূর্যোদয় বিকাশ করলেন: এল আলোক ,আশা ,সঙ্গীত আর বৈচিত্র্য " -বঙ্গদর্শনে যেন তখন আষাঢ়ের প্রথম বর্ষার সমাগত রাজবদুন্নতধ্বনিঃ।"[4]

বঙ্গদর্শনের আগের পত্রিকা গুলিতে সাধারনত যে সব প্রবন্ধ প্রকাশিত হত সেগুলি নীরস তথ্যপূর্ণ ও তত্ত্বপ্রধান ছিল। বঙ্কিমচন্দ্রের' লোকরহস্য 'বা' চন্দ্রলোক 'অথবা' বিষবৃক্ষ ' র মত অসামান্য উপন্যাস বঙ্গদর্শনের পূর্বের পত্রিকায় বড় একটা পাওয়া যেতনা। ১৮১৮-১৮৭২ সালের মধ্যে প্রকাশিত অন্যান্য পত্রিকাগুলি প্রধানত রসহীন কিন্তু জ্যানদ্দিপক প্রবন্ধ রচনাতেই উৎসাহ দিয়ে গিয়েছে। রীতি কৌশলের উদ্ভাবনে ,সাধারণের মধ্যে উঁচুমানের গদ্যের আদর্শ প্রচারে ও স্থাপনে বিশেষ ভূমিকা গ্রহণ করেছিল। গভীর প্রজ্ঞা ও শিল্পময় প্রকাশ উভয় ক্ষেত্রেই' বঙ্গদর্শন 'ছিল অনন্য।

উপসংহার - উনিশ শতকের সাময়িক পত্রিকাগুলির অবস্থা ক্রমে পরিবর্তিত হতে থাকল। প্রথম প্রকাশিত পত্রিকা থেকে এযাবৎ আলোচিত পত্রিকা গুলি প্রকাশ করা খুব সহজ ছিল না ,তৎকালীন সময়ের বহু বাধা -বিপত্তির সন্মুখিন তারা হয়েছিলেন। এ সমস্ত থেকে উত্তীর্ণ হয়ে প্রাতিষ্ঠানিক উদ্যোগ ,প্রশাসনিক উদ্যোগ প্রভৃতির মাধ্যমে সাময়িক পত্রিকা গুলি ক্রমে প্রসার লাভ করে। ক্রমে রামমোহন রায়,বিদ্যাসাগর ,কালীপ্রসন্ন সিংহ, প্যারীচাঁদ মিত্র ,রবীন্দ্রনাথ ঠাকুর কারো একক প্রচেষ্টা নয় সমবেত অবদানেই বাংলা গদ্য আজ স্বস্থানে প্রতিষ্ঠিত। এই অবদানের ক্ষেত্রে সাময়িকপত্রের ভূমিকা কম নয়। বিশেষত বাংলা গদ্য চর্চার প্রথম পর্বে অর্থাৎ উনবিংশ শতাব্দীর প্রথম পঞ্চাশ বছরে সাময়িক পত্রের গদ্য বাংলাভাষা গড়ে ওঠার দিক থেকে যথেস্ঠ গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহন করেছিল।

Endnotes

1. বাঙ্গালা সাময়িক সাহিত্য - শ্রী কেদারনাথ মজুমদার, পৃষ্ঠা পৃষ্ঠা-৩৩৭.
2. বাঙ্গালা সাময়িক সাহিত্য - শ্রী কেদারনাথ মজুমদার, পৃষ্ঠা -৩৪৭
3. বাঙ্গালা সাময়িক সাহিত্য - শ্রী কেদারনাথ মজুমদার, পৃষ্ঠা -৩৮২
4. বাংলা সাহিত্যের সম্পূর্ণ পরিচয় - ড: দীলিপ কুমার মিত্র, পৃষ্ঠা - ২৩০

Bibliography

- বন্দ্যোপাধ্যায়, ব্রজেন্দ্রনাথ, বাঙ্গালা সাময়িক পত্র, প্রথম খন্ড, কলকাতা শনিরঞ্জন প্রেস -১৯৪৮
- মজুমদার, শ্রীকেদারনাথ, বাঙ্গালা সাময়িক সাহিত্য, ১৯১৭
- ভট্টাচার্য, শোভরানী, মহিলা সম্পাদিত বাংলা সাময়িক সাহিত্য পত্রিকা- প্রাক স্বাধীনতা পর্ব, ২০০০
- বসু, স্বপন, সংবাদ- সাময়িকপত্রে উনিশ শতকের বাঙালি সমাজ ১ম খণ্ড, দীপ প্রকাশন, ২৯ শে এপ্রিল ২০০০
- মিত্র, ড: দিলীপ কুমার, বাঙলা সাহিত্যের সম্পূর্ণ পরিচয়, ড: দিলীপ কুমার মিত্র, দিশারি প্রকাশনী।

——

সংস্কৃত নাট্যসাহিত্যে বাঙালীর অবদান

Malobika Dolui
Ex-Student, Dept. of Sanskrit
Burdwan University
West Bengal, India
Email: malobikadolui2021@gmail.com

Abstract: সংস্কৃত নাট্য সাহিত্যের উৎপত্তি বেশ প্রাচীন এবং এর শিকড় বৈদিক যুগে রয়েছে। আমরা জানি সংস্কৃত নাট্যশাস্ত্রের রচয়িতা হলেন ভরতমুনি। কথিত আছে প্রজাপতিব্রহ্মা নাট্যবেদ নামে 'পঞ্চমবেদ' সৃষ্টি করেন এবং তাঁর প্রিয় শিষ্য ভরতমুনির উপর নাট্যশাস্ত্রের শিক্ষার ভার দেন। অতএব, এই সংস্কৃত নাট্যসাহিত্যে বিভিন্ন রাজ্যের পণ্ডিতদের অবদান রয়েছে। ঠিক তেমনি বাঙালী পণ্ডিতদেরও সংস্কৃত নাট্যসাহিত্যে বিশেষ যোগদান রয়েছে। বেশ কিছু বাঙালী নাট্যকারের নাম উল্লেখ করা হয়েছে। কৃষ্ণমিশ্র ছিলেন একজন সংস্কৃত নাট্যকার। তাঁর রচিত নাটকটি হল 'প্রবোধচন্দ্রোদয়' নাটক। এই নাটকটিতে নৈতিক বাধার দার্শনিক সমাধান দেখানো হয়েছে। চন্দ্রগামী ছিলেন একজন প্রাচীন ভারতীয় সংস্কৃত নাট্যকার। তাঁর লেখা নাটকটি হল— 'লোকানন্দ' নামক নাটক। বাঙালী নাট্যকার রূপ গোস্বামীর লেখা নাটকগুলি হল— দানকেলিকৌমুদী, বিদগ্ধমাধব ও ললিতমাধব। কবিকর্ণপুর ছিলেন বৈষ্ণব পণ্ডিত ও সংস্কৃত নাট্যকার। পশ্চিমবঙ্গের নৈহাটীর নিকটবর্তী কাঁচড়াপাড়ায় তাঁর জন্ম। তাঁর (কবিকর্ণপুর) লেখা বিখ্যাত নাটকটি হল 'চৈতন্যচন্দ্রোদয়' নামক নাটক। এই নাটকটি দশ অংকে রচিত। গোপীনাথ চক্রবর্তী ছিলেন একজন সংস্কৃত নাট্যকার। তাঁর লেখা নাটকটি হল— 'কৌতুকসর্বস্ব' নামক নাটক।

বৈদ্যনাথ বাচস্পতি ভট্টাচার্যের লেখা নাটকটি হল— 'চিত্রযজ্ঞ' নামক নাটক। তিনি ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগে নদীয়ার রাজা ঈশ্বরচন্দ্রের অনুপ্রেরণায় এই নাটকটি রচনা করেছিলেন। হরিদাস সিদ্ধান্তবাগীশ ছিলেন বিংশ শতাব্দীর একজন নাট্যকার। তিনি ফরিদপুর জেলার কোটালিপাড়ায় ঊনশিয়া নামক গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর লেখা নাটক হল 'কংসবধ' এবং 'জানকীবিক্রম' নামক নাটক। দীপক ঘোষ আধুনিক সংস্কৃত নাট্যসাহিত্যাকাশের নক্ষত্রগুলির মধ্যে উজ্জ্বল জ্যোতিষ্কস্বরূপ। তাঁর লেখা কয়েকটি নাটকের নাম উল্লেখ করা হল— ১) বীরাঙ্গনা, ২) অরণ্যরতি এবং ৩) কণ্ঠনালীতে সূর্য। নিত্যানন্দ চট্টোপাধ্যায় ছিলেন একজন প্রখ্যাত সংস্কৃত নাট্যকার। তিনি হুগলীজেলার অন্তঃপাতী গুপ্তিপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর লেখা কয়েকটি নাটক হল— ১) বৈয়াসকি, ২) পান্ডববিক্রম এবং ৩) দ্রৌপদীমানরক্ষণ। এছাড়া আরও অনেক বাঙালী পন্ডিত সংস্কৃত নাট্যসাহিত্যে তাঁদের লেখা রচনাবলীতে পাঠকবর্গকে বিশেষভাবে আকর্ষিত করেন।

Keywords: নাট্যশাস্ত্র, প্রবোধচন্দ্রোদয়, লোকানন্দ, দাসকেলিকৌমুদী, চৈতন্যচন্দ্রোদয়, কৌতুকসর্বস্ব।

ভূমিকাঃ কাব্য ও নাটক হল একে অপরের পরিপূরক এবং ওতপ্রোতভাবে জড়িত। কাব্য ও নাটকের উভয়েরই উদ্দেশ্য হচ্ছে বিশেষকে নির্বিশেষ করে তোলা।

তাই প্রাচীন আলংকারিকরা কাব্য ও নাটককে বিচ্ছিন্ন করে দেখেন না। তাঁরা কাব্যকে দুইভাগে ভাগ করেন। যেমন— দৃশ্যকাব্য ও শ্রব্যকাব্য।

আবার "কাব্যেষু নাটকম্ রম্যম্"—এই কথা থেকে বোঝা যায় যে, সকলপ্রকার কাব্যের মধ্যে নাটক শ্রেষ্ঠ। তবে কাব্য ও নাটকের সত্য এক হলেও যে অর্থে আলংকারিকরা কাব্যকে শ্রব্যকাব্য বলে থাকেন, নাটকের ঠিক সেই অর্থ নয়।

কাব্য হল শ্রব্যকাব্য। চোখে না দেখে শুধু কানে শুনে মনের দ্বারাই শ্রব্যকাব্যের রস গ্রহণ করতে পারা যায়। কিন্তু নাটকের বেলায় চোখ, কান ও মন-এই তিনেরই প্রয়োজন হয়। এই তিনের সমন্বয়ে যে রসলোকের সৃষ্টি হয় তাই নাটকের জগৎ।

কথিত আছে প্রজাপতি ব্রহ্মা নাট্যবেদ নামে পঞ্চমবেদের সৃষ্টি করেন এবং এই নাট্যবেদের শিক্ষার ভার দেন তাঁর প্রিয় শিষ্য ভরতমুনিকে। ভরতমুনি প্রণীত 'নাট্যশাস্ত্র' সংস্কৃতসাহিত্যে অনন্য। এই নাট্যসাহিত্যটি ৩৬টি অধ্যায় এবং ৬০ হাজার শ্লোকে রচিত।

কাব্যের ধর্ম যেমন কেবলমাত্র ভাব, বস্তু, রীতি বা অলংকার নয়—কাব্যাতিরিক্ত এক অতিব্যঞ্জনা; নাটকের ধর্মও তেমন কেবলমাত্র অভিনেতা, সাজসজ্জা, রঙ্গমঞ্চ প্রভৃতি নয়, সেও রসের এক অতিব্যঞ্জনা।

অতএব নাটকের উদ্দেশ্য হল—

নাটক সকল সময়েই গতিশীল, প্রোজ্জলও হবে। এই গুণগুলি আসবে ইচ্ছার সঙ্গে ইচ্ছার সংঘাতে, ব্যক্তিত্বের সঙ্গে ব্যক্তিত্বের বিরোধিতায়, ব্যক্তির সঙ্গে অবস্থার সংঘর্ষে।

নাটকের প্রয়োজনীয়তা হল—

উন্নত একাডেমিক কর্মক্ষমতা, উন্নত সৃজনশীলতা, আত্মবিশ্বাস এবং যোগাযোগ দক্ষতা তৈরী করা, সামাজিক ও মানসিক বৃদ্ধি, সমালোচনামূলক চিন্তাভাবনা এবং সমস্যা সমাধান, আত্মসচেতনতা বৃদ্ধি এবং সহযোগীতা এবং দলগত কাজ। অতএব নাটকের প্রয়োজনীয়তা ব্যাপক।

সুতরাং সংস্কৃত নাট্যসাহিত্যে বাঙালীর অবদান নিয়ে নিম্নে আলোচনা করলাম। অতএব সংস্কৃত নাট্যসাহিত্যে যোগদানকারী বাঙালীরা হলেন—

কৃষ্ণমিশ্র— কৃষ্ণমিশ্র ছিলেন একজন সংস্কৃত নাট্যকার এবং 'প্রবোধচন্দ্রোদয়' নাটকের জন্য বিখ্যাত। এটি একটি ধ্রুপদী সংস্কৃত নাটক, যেখানে নৈতিক বাধার দার্শনিক সমাধান দেখানো হয়েছে।

অত্যন্ত চঞ্চল বালকদের যেমন নীতিজ্ঞান দেওয়ার উদ্দেশ্যে কাককূর্ম্মাদির কথাচ্ছলেতে নীতিশাস্ত্রের উপদেশ দেওয়া হয়, তেমনি সতত বিপথগামি পুরুষদের তত্ত্বজ্ঞান দেওয়ার জন্য নাট্যচ্ছলে 'প্রবোধচন্দ্রোদয়' নামক নাটকের উপদেশ দেওয়ার জন্য গ্রন্থকর্তা গ্রন্থারম্ভে মঙ্গলাচরণ করেছেন—

মধ্যাহ্লার্কমরীচিকাস্বিব পয়ঃ পূরোযদজ্ঞানতঃ, খং-
বায়ুর্জ্বলনোজলং ক্ষিতিরিতি ত্রৈলোক্যমুন্মীলতি।
যত্তত্বং বিদুষাং নিমীলতি পুনঃস্রগ্ভোগিভোগো-
পমং, সান্দ্রানন্দমুপাস্মহে তদমলং স্বাত্মাববোধং মহঃ॥[1]

চন্দ্রগোমী (৬-৭তম শতাব্দী)— চন্দ্রগোমী ছিলেন একজন প্রাচীন ভারতীয় সংস্কৃত নাট্যকার, শিক্ষাবিদ এবং সর্বোপরি সংস্কৃত বৈয়াকরণ। তিনি নালন্দা মহাবিহারের আচার্য স্থিরমতির শিষ্যত্ব গ্রহণ করেছিলেন। তাঁর লেখা বিখ্যাত নাটকটি হল— 'লোকানন্দ' নামক

নাটক।

এটি একটি ঐতিহাসিক নাটক, যেখানে লোকানন্দের চরিত্র (লোকানন্দ একজন রাজা, যিনি তাঁর শান্তি ও সমৃদ্ধি স্থাপন করতে চান) ও বিভিন্ন ঘটনার মাধ্যমে সমাজের বিভিন্ন দিক তুলে ধরা হয়েছে। এটি প্রস্তাবনাসহ চার অংকে রচিত এবং ভারতবর্ষের পাঁচটি রাজ্যের মানুষ গীত ও নৃত্য সহযোগে এটি পরিবেশন করতেন।

রূপ গোস্বামী (আনুমানিক১৪৮৭-১৫৬৪)— তিনি ছিলেন একজন সংস্কৃত নাট্যকার, যিনি গৌড়ীয় সম্প্রদায়ের একজন গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব। তাঁর লেখা তিনটি নাট্যগ্রন্থ হল—

১।দানকেলিকৌমুদী

২।বিদগ্ধমাধব

৩। ললিতামাধব

নাট্যকারের নিজের ভাষায় 'দানকেলিকৌমুদী' একটি ভাণিকা শ্রেণীর উপরূপক। এটি এক অংকে রচিত।

এই নাটকটির বিষয়বস্তু হল— 'সুদেব যজ্ঞ সম্পাদনে রত'। গোবিন্দকুণ্ডের সামনে উপস্থিত যজ্ঞস্থলে অন্য গোপীগণসহ রাধা কুম্ভে সদ্য ঘৃত বহন করেছেন। সানুচর কৃষ্ণ তাঁদের পথ রুদ্ধ করে শুল্ক দাবী করেছেন। কারণ, যে বনের মধ্য দিয়ে যাচ্ছেন তাঁরা, তাঁর অধিপতি হল শ্রীকৃষ্ণ।

এই দাবী নিয়ে বিবাদ শুরু হল। অবশেষে পৌর্ণমাসি নামক দূতী রাধাকেই উপযুক্ত শুল্কস্বরূপ কৃষ্ণকে দান করবার প্রস্তাব করল। কৃষ্ণের হাতে তাকে (রাধাকে) শুল্করূপে সমর্পণ না করবার অনুরোধ ক্রমে রাধা পৌর্ণমাসিকে বলেছেন—

ভ্রাম্যত্যেষ গিরেঃ কুরঙ্গকুহরে কৃষ্ণো ভুজঙ্গাগ্রণীঃ
স্পৃষ্টো যেন জনঃ প্রয়াতি বিষমাং কামপ্যসাধ্যাং দশাম্।
নাভদ্রং ন চ ভদ্রমাকলয়িতুং শক্তাস্মি দৃষ্টিচ্ছটা-
মাত্রেণাস্য হতাহমিচ্ছসি কুতঃ প্রক্ষেপ্তুমত্রাপি মাম্॥[2]

'বিদগ্ধমাধব' নাটকটি সাত অংকের নাটক। সাতটি অংক হল— বেণুনাদবিলাস, মন্মথলেখ, শ্রীরাধাসংঙ্গম, বেণুহরণ, রাধাপ্রসাদন, শরবিহার, এবং গৌরীতীর্থবিহার।

এই নাটকে পূর্বরাগ থেকে শুরু করে সংকীর্ণ সম্ভোগ পর্য্যন্ত রাধাকৃষ্ণের সম্পূর্ণ বৃন্দাবনলীলাকে নাট্যরূপে দেখানো হয়েছে।

কবিকর্ণপুর— তিনি চৈতন্যভক্ত, বৈষ্ণব পণ্ডিত ও সংস্কৃত নাট্যকার। তাঁর প্রকৃত নাম পরমানন্দ সেন। পশ্চিমবঙ্গের নৈহাটীর নিকটবর্তী কাঁচড়াপাড়ায় তাঁর জন্ম।

কবিকর্ণপুর নাকি অতি অল্প বয়সেই পিতা শিবানন্দ সেনের কবিত্ব শক্তির উত্তরাধিকারী হয়েছিলেন। এইজন্য স্বয়ং চৈতন্য তাঁকে কবিকর্ণপুর (কবিগণের কর্ণভূষণ) উপাধিতে ভূষিত করেছিলেন। তাঁর লেখা 'চৈতন্যচন্দ্রোদয়' নামক নাটকটি দশ অংকে রচিত (১৫৭২ খৃঃ)।

এই নাটকের দশটি অংক হল—

১) স্বানন্দাবেশ, ২) সর্বাবতার দর্শন, ৩) দানবিনোদ, ৪) সন্ন্যাস পরিগ্রহ, ৫) অদ্বৈতপুরবিলাস, ৬) সার্বভৌমানুগ্রহ, ৭) তীর্থাটন, ৮) প্রতাপরুদ্রানুগ্রহ, ৯) মথুরাগমন এবং ১০) মহামহোৎসব।

এই নাটকের বৈশিষ্ট্য হল— নাট্যকার যা প্রত্যক্ষ করেছেন এবং জনসাধারণের

স্মৃতিপটে যে ঘটনাবলী তখনও বিরাজমান, সেটাই নাটকটির প্রধান উপজীব্য বিষয়।

কবিকর্ণপুরের রচনায় নিদর্শনস্বরূপ 'চৈতন্যচন্দ্রোদয়' নাটকের একটি শ্লোক উল্লেখ করা হল—

আশ্চর্যং যস্য কন্দো যতিমুকুটমণির্মাধবাখ্যো মুনীন্দ্রঃ
শ্রীলাদ্বৈতঃ প্ররোহস্ত্রিভুবনবিদিতঃ স্কন্ধ এবাবধূতঃ।
শ্রীমদ্বক্রেশ্বরাস্যা রসময়বপুষঃ স্কন্ধশাখাস্বরূপা
বিস্তারো ভক্তিযোগঃ কুসুমমথ ফলং প্রেম নিষ্কৈতলং ষৎ॥[3]

গোপীনাথ চক্রবর্তী— ইনি ছিলেন একজন সংস্কৃত নাট্যকার। তাঁর রচিত প্রহসনের নাম 'কৌতুকসর্বস্ব'(১৮২৮)। এই নাটকটি দুই অংকে রচিত। গদ্য ও পদ্য সংলাপের ব্যবহার এই নাটকে দেখা যায়।

এই নাটকটি শারদীয়া উৎসবের জন্য রচিত। এই নাটকের বিষয়বস্তু হল— লম্পট রাজা কলিবৎসল গঞ্জিকাসেবী ও নানারূপ ব্যসনাসক্ত। সদ্ব্রাহ্মণ সত্যাচারের প্রতি রাজা দুর্ব্যবহার রত।

প্রজাগণ অপরের উৎপীড়ন, মিথ্যাভাষণ এবং ধার্মিকগণের অবজ্ঞা প্রভৃতি কর্মে নিপুণ। সেনাপতির অসীম সাহস; তিনি ক্ষুরের সাহায্যে মাখন কাটতে পারেন, মশকদর্শনে কম্পিত হন।

কোন গণিকা সংক্রান্ত বিবাদে রাজা জড়িয়ে পড়েন। তিনি মহিষীর দ্বারা আহূত হওয়ায় গণিকা অত্যন্ত কুপিতা হয়। সকলেই যখন গণিকার কোপ উপশমে ব্যস্ত তখন রাজা রাজ্য থেকে সকল ব্রাহ্মণদের নির্বাসিত করেন।

বৈদ্যনাথ বাচস্পতি ভট্টাচার্য— ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগে নদীয়ার রাজা ঈশ্বরচন্দ্রের অনুপ্রেরণায় তিনি 'চিত্রযজ্ঞ' নামে একখানি নাটক রচনা করেছিলেন। এই নাটকটি পাঁচ অংকের নাটক। দক্ষযজ্ঞের কাহিনী হল— এই নাটকের উপজীব্য।

হরিদাস সিদ্ধান্তবাগীশ (১৮৭৬-১৯৬১ খ্রিষ্টাব্দ)— বিংশ শতাব্দীর একজন নাট্যকার হলো হরিদাস সিদ্ধান্তবাগীশ। তিনি মহান আচার্য মধুসূদন সরস্বতীর বংশধর ছিলেন। তিনি ফরিদপুর জেলার কোটালিপাড়ায় ঊনশিয়া নামক গ্রামে তাঁর জন্ম।

তাঁর পিতা গঙ্গাধর বিদ্যালংকার, মাতা বিধুমুখী দেবী, এবং পিতামহ হলেন কাশীচন্দ্র বাচস্পতি। তিনি পিতা ও পিতামহের কাছে কলাব্যাকরণ অধ্যয়ন করেন। তিনি মাত্র ১৫ বছর বয়সেই 'কংসবধ' নামক নাটক এবং ১৮ বছর বয়সে 'জানকীবিক্রম' নামক নাটক রচনা করেন।

এছাড়া তাঁর উল্লেখযোগ্য নাটকগুলি হল—

১)শংকরসম্ভবম্
২)শিবাজীচরিতম্
৩)বঙ্গীয়প্রতাপম্
৪)মিবারপ্রতাপম্
৫)বিরাজসরোজিনী।

তাঁর রচিত 'বিরাজসরোজিনী', 'মিবারপ্রতাপম্', 'শিবাজীচরিতম্' এবং 'বঙ্গীয়প্রতাপম্' নাটক চতুষ্টয়ে নৃত্য ও সঙ্গীতের বহুল মাত্রায় প্রয়োগ লক্ষ্য করা যায়।

তিনি ১৯৬০ সালে 'পদ্মভূষণ' পেয়েছেন এবং ১৯৬১ সালে 'রবীন্দ্রপুরস্কার'

পেয়েছেন।

দীপক ঘোষ— তিনি ছিলেন একাধারে বিদ্বান বাগ্মী সুপরিচিত সংস্কৃত সুপণ্ডিত, নাট্যকার। আধুনিক সংস্কৃত নাট্যসাহিত্যাকাশের নক্ষত্রগুলির মধ্যে উজ্জ্বল জ্যোতিষ্কস্বরূপ।

১৯৪১ খ্রীষ্টাব্দের জানুয়ারী মাসের ২৪ তারিখে কোলকাতায় সুখরঞ্জন ঘোষ এবং প্রফুল্লনলিনী দেবীর পুত্র দীপক ঘোষ জন্মগ্রহণ করেন।

'রাজনীতিলীলামৃতম্' কাব্যের সমাপ্তি অংশে নিজের সামান্য পরিচয় দিয়ে বলেছেন—

"ইতি আপাততঃ সমাপ্তং চিরন্তসমাপ্যং নিরন্তং রাজনীতিদেব্যাঃ লীলাচরিতমবলম্ব্য রাজনীতিলীলামৃতম্ ইতি আধুনিকং সংস্কৃত-কাব্যং বিরচিতং স্বর্গতসুখরঞ্জনঘোষপ্রফুল্ল-নলিনীঘোষজায়য়োঃ পুত্রেণ কলিকাতানিবাসিনাসংস্কৃতাধ্যয়নাধ্যাপনব্রতিনা শ্রীদীপক-ঘোষেণ।"[4]

স্ত্রী ইলা ঘোষের সঙ্গে নাট্যকার বিবাহিত জীবন অতিবাহিত করেছিলেন। তাঁর আদি বাসস্থান ছিল বাংলাদেশের বরিশাল জেলা। তিনি কোলকাতার গ্রীনপার্কে স্থায়ীভাবে বসবাস করতেন। তিনি ছোটবেলা থেকেই খুব মেধাবী ছিলেন।

কর্মজীবনের আরম্ভে তিনি প্রথমে কোলকাতার সিটি কলেজে অধ্যাপক ছিলেন এবং পরে তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ে পড়ানোর সময়ে 'রিডার' এবং শেষ জীবনে 'প্রফেসর' পদে অলংকৃত করেন।

তাঁর লেখা উল্লেখযোগ্য নাটকগুলি হল—

১) কন্ঠ নালীতে সূর্য (বুদ্ধের জীবন ও শিক্ষা নিয়ে রচিত)
২) তথাগত
৩) বীরাঙ্গনা (একজন নারী জীবনের বীরের গল্প)
৪) শশাঙ্ক (শশাঙ্ক নামে এক রাজার জীবন)
৫) অরণ্যরতি (সম্ভবত প্রকৃতির সাথে মানুষের সম্পর্ককে তুলে ধরা হয়েছে)
৬) রামায়ণ (রামায়ণের মূল কাহিনীকে কেন্দ্র করে লেখা)

নিৎয়ানন্দ মুখোপাধ্যায়— নিত্যানন্দ মুখোপাধ্যায় একজন প্রখ্যাত সংস্কৃত নাট্যকার ছিলেন। তিনি হুগলী জেলার অন্তঃপাতী গুপ্তিপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন।

তিনি **১১৬**টি সংস্কৃত নাটক রচনা করেন। রাষ্ট্রপতি শংকর দয়াল শর্মা তাঁকে রাষ্ট্রপতি পুরস্কারে ভূষিত করেছেন। ওনার লেখা নাটকগুলি 'হাওড়া সংস্কৃতসাহিত্য সমাজ' থেকে প্রকাশিত হয়েছে।

তাঁর লেখা কতকগুলি সংস্কৃত নাটকের নাম উল্লেখ করা হল—

দ্রৌপদীমানরক্ষণ— এই নাটকে দ্রৌপদীর সম্মান রক্ষার কাহিনী বর্ণিত হয়েছে। এই নাটকের একটি বিশ্লেষণাত্মক সমীক্ষা করা হয়েছে, যেখানে নাটকের কাহিনী, নাট্যরূপ, নাট্য নির্মাণবিধি এবং নাট্য তত্ত্বের বিচার করা হয়েছে।

বৈয়াসকি (মহাভারত অবলম্বনে)— এটি একটি সংস্কৃত নাটক, যা মহাভারত অবলম্বনে রচিত। এই নাটকের একটি গবেষণাপত্র প্রকাশিত হয়েছে, যেখানে নাটকের বিভিন্ন দিক নিয়ে আলোচন করা হয়েছে।

পাণ্ডব বিক্রম— এটি একটি মহাকাব্য, যার উৎস মহাভারত। এই নাটকে বীররসের প্রাধান্য দেখা যায়।

সিদ্ধেশ্বর চট্টোপাধ্যায়— তিনি বর্তমান বাংলাদেশের যশোর জেলার নহাটা গ্রামে ১৯১৮ সালে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, মাতা প্রমোদা সুন্দরী দেবী।

সিদ্ধেশ্বর চট্টোপাধ্যায় ছিলেন সংস্কৃত সাহিত্যাকাশে এক উজ্জ্বল নক্ষত্র। সংস্কৃত ভাষায় রচিত নাটকগুলির মধ্যে নাট্যকার সিদ্ধেশ্বরের রচনাবলী সহৃদয় পাঠকবর্গকে বিশেষভাবে আকর্ষিত করে।

তাঁর প্রতিটি নাটকে নাট্যভাষার নিরবদ্য সাবলীলতা, বিষয়বস্তুর উপস্থাপন বৈচিত্র্য, নান্দী, ভরতবাক্য সবকিছুতেই মৌলিকতা ও অভিনবত্বের পরিচয় পাওয়া যায়।

তাঁর লেখা নাটকগুলি হল—

১. ধরিত্রী পতি নির্বাচনম্ (১৯৭১)
২. অথ কিম্ (১৯৭৪)
৩. ননাবিতাড়ম্ (১৯৭৪)
৪. স্বর্গীয় হসনম্ (১৯৭৭)

বিংশ তথা একবিংশ শতকের আধুনিক সংস্কৃত নাট্যসাহিত্যে সিদ্ধেশ্বর চট্টোপাধ্যায়ের নাম অমর অক্ষয় থাকবে।

শ্রীজীব ন্যায়তীর্থ (২৬ জানুয়ারী ১৮৯৩-২৮ অক্টোবর ১৯৯২)— তিনি ছিলেন একজন বিশিষ্ট সংস্কৃতজ্ঞ পণ্ডিত। তিনি বর্তমান পশ্চিমবঙ্গের ভাটপাড়ার বাসিন্দা ছিলেন। তাঁর পিতার নাম পঞ্চানন তর্করত্ন।

তিনি কলকাতার সংস্কৃত কলিজিয়েট স্কুল থেকে দুটি বিষয়ে লেটার নিয়ে প্রবেশিকা, রিপন কলেজ (বর্তমান সুরেন্দ্রনাথ কলেজ) থেকে সংস্কৃত বি.এ এবং কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে প্রথম বিভাগে এম.এ পাশ করে স্বর্ণপদক লাভ করেন।

তাঁর রচিত গ্রন্থগুলি হল—

- পুরুষ রমণীয়ম্
- মহাকবি কালিদাস
- মাধুরী সুন্দরম্
- বিবেকানন্দচরিতম্
- দধি আত্মদানম্
- রামকৃষ্ণ চরিতম্
- ঋতুচক্রমনম্

বীরেন্দ্রকুমার ভট্টাচার্য— সংস্কৃত সাহিত্যের একজন বিখ্যাত নাট্যকার হলেন বীরেন্দ্রকুমার ভট্টাচার্য। তিনি বাংলা, ইংরেজী এবং সংস্কৃত ভাষায় অনেক গ্রন্থ রচনা করেন। তিনি দর্শনশাস্ত্র বিষয়ে অধ্যাপনা করেছেন কলকাতায়। তিনি সংস্কৃত ভাষায় লেখা শুরু করেন ১৯৬৭ সালে। তিনি বারোটি নাটক রচনা করেছেন সংস্কৃত ভাষায়। তাঁর রচিত প্রথম সংস্কৃত নাটক হল ‘কালিদাসচরিতম্’। এই নাটকে তিনি কালিদাসকে এক নতুনরূপে তুলে ধরেছেন। আমরা কালিদাস সম্পর্কে যে সমস্ত কিংবদন্তির উল্লেখ পাই, যেমন কালিদাস ছিলেন অতীব মূর্খ এবং তিনি গাছের যে ডালে বসেছিলেন, সেই ডালটি কেটে ফেলেছিলেন।

কালিদাস ছিলেন একজন দরিদ্র ও প্রতিভাবান কবি। কালিদাসের প্রেম ছিল রাজা

বিক্রমাদিত্যের কন্যা মঞ্জভাষিণীর সঙ্গে। আর সেইজন্যই রাজা তাকে নির্বাসিত করেছিলেন। তাঁর রচিত (বীরেন্দ্রকুমার ভট্টাচার্য) দ্বিতীয় রূপক হল 'গৌরীশঙ্কর'। এই রূপকটি নাটকটিতে মহাপ্রভু চৈতন্যের জীবনকাহিনী নিয়ে রচিত। তাঁর লেখা একটি সংস্কৃত সনেট হল 'কলাপিকা' (১৯৬০)। সনেট হল চর্তুদশ মাত্রা এবং চর্তুদশ লাইন বিশিষ্ট অক্ষরবৃত্ত ছন্দে রচিত। সনেট হল ইংরেজি কবিতায় একটি প্রসিদ্ধ ছন্দ। শ্রীভট্টাচার্য এই সনেটের সঙ্গে সংস্কৃত ছন্দের সামঞ্জস্য বিধানের চেষ্টা করেছিলেন।

তাঁর গুরুত্বপূর্ণ যোগদান রয়েছে আধুনিক সংস্কৃতসাহিত্যে। তিনি সাতটি সংস্কৃত নাটক রচনা করেছেন। ভট্টাচার্য মহোদয়ের অন্যান্য রচনাগুলি হল— 'চার্বাকতাণ্ডবম্ নাটক' (চার্বাকমতের সঙ্গে অন্যান্য দর্শন সম্প্রদায়ের বিবাদনির্ভর), 'মার্জিনাচাতুর্থম্ নাটক' (আলিবাবা ও চল্লিশ চোরের কাহিনী)।

এছাড়াও এমন কতক নাট্যগ্রন্থের সন্ধান পাওয়া যায়' যাদের রচয়িতার নাম বাঙালী। বাঙালী-রচিত এমন কতক সংস্কৃত নাট্যগ্রন্থও আছে যেগুলির নাম অজ্ঞাত বা অল্পজ্ঞাত। এইরূপ গ্রন্থগুলির নাম নিচে দেওয়া হল—

১. পঞ্চানন তর্করত্ন (অমরমঙ্গল)
২. কালীপদ তর্কাচার্য (নলদময়ন্তীয়)
৩. চন্দ্রকান্ত তর্কালঙ্কার (কৌমুদী সুধাকর)

উপসংহারঃ এইভাবে সংস্কৃত নাট্যসাহিত্যে প্রাচীন এবং আধুনিক ভারতীয় বাঙালী পণ্ডিতদের অবদান অনস্বীকার্য। এই বাঙালী পণ্ডিতদের কাজের মাধ্যমেই সংস্কৃত ভাষা ও সাহিত্য একটি সুগঠিত রূপ লাভ করে। এইভাবে সংস্কৃতসাহিত্যে বাঙালী পণ্ডিতগণ নাটকের তত্ত্ব, পরিবেশনা, উপাদান এবং বিভিন্ন গঠনের মাধ্যমে বিস্তারিত আলোচনা করেছেন।

সংস্কৃত নাট্যসাহিত্য একটি সমৃদ্ধ ঐতিহ্য বহন করে। এই ঐতিহ্যকে টিকিয়ে রাখতে বাঙালি পণ্ডিতরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। সংস্কৃত নাট্যসাহিত্যের জ্ঞান আরও গভীর হয়েছে তাঁদের সাহিত্যকর্ম ও গবেষণার মাধ্যমে। এইভাবে সংস্কৃত নাট্যসাহিত্যে বাঙালি পণ্ডিতদের অবদান অনস্বীকার্য এবং প্রশংসার যোগ্য।

Endnotes

1. 'প্রবোধচন্দ্রোদয়ম্'-১/১।
2. 'সংস্কৃত সাহিত্যে বাঙালীর দান'-৯৬।
3. 'শ্রীচৈতন্যচন্দ্রোদয়ম্'-১/৬ ।
4. 'রাজনীতিলীলামৃতম্',পৃষ্ঠা-৮।

Bibliography

- বন্দ্যোপাধ্যায়, শ্রীসুরেশচন্দ্র, "সংস্কৃতসাহিত্যে বাঙালীর দান", সংস্কৃত পুস্তক ভান্ডার, ৩৮নং কর্ণওয়ালিশ স্ট্রীট, কলিকাতা-৬।
- "সংসদ বাঙালি চরিতাভিধান", সাহিত্য সংসদ, দ্বিতীয় খন্ড।
- ঘোষ, দীপক, "রাজনীতিলীলামৃতম্", রাষ্ট্রীয় সংস্কৃত সংস্থান, নয়াদিল্লী, ১৯৯৯।
- সরকার, পরিমলকান্তি, "বাঙালীর সংস্কৃত সাহিত্যচর্চা", প্রকাশক- আশাদীপ (ভারত), উনিশ শতক, প্রথম প্রকাশ, ২০২০।
- মিশ্র, শ্রীশ্রীকৃষ্ণ, পঞ্চানন, শ্রীকাশীনাথ, ন্যায়রত্ন, শ্রীগঙ্গাধর, "প্রবোধচন্দ্রোদয়", কলিকাতা।

——